pletely carried into execution, and may commit him to the Civil Gaol of the District, until he shall furnish the same, or deposit in Court such a sum as the Court shall order.

XXXV. If the claim of the Plaintiff be dismissed, and the Court be satisfied that the application for the arrest was without reasonable cause, the Court may, upon the application of the person arrested, award to such person a sum not exceeding Fifty Rupees, as damages for any injury or loss which he may have sustained by reason of such arrest, to be recovered as part of the costs of suit, and such award shall bar any suit for such arrest; but the party arrested, instead of applying to the Court for damages under this Section, may proceed in a regular suit on account of such arrest.

XXXVI. Upon the appearance of the parties on the day named in the summons, or upon any subsequent day to which the hearing of the case may be adjourned, the Court shall proceed to interrogate the parties present, or their Agents, and either party may cross-examine the other.

XXXVII. If either of the parties shall bring forward any witness on such day, the Court may take the evidence of such witness either on that day, or any subsequent day which may be fixed for the examination of witnesses.

XXXVIII. The examination of the parties shall be upon oath or upon affirmation, where an affirmation is allowed by law, instead of an oath, and the substance of the examination shall be reduced to writing in the vernacular language of the Judge.

XXXIX. If after such interrogation a decree can be properly made without further evidence, the Court shall make its decree accordingly.

XL. If any issue result from the interrogatories upon which it is necessary to hear further evidence, the Court shall declare such issue and shall fix a convenient day for the examination of witnesses and the trial of the suit.

XLI. The parties shall bring their witnesses into Court on the day of trial, and if either party require the assistance of the Court to procure the attendance of a witness on such day, either to give evidence or to produce a document, he shall apply in due time to the Court, and the Court shall issue a summons according to the form contained in Appendix E., or to the like effect, requiring such witness to attend.

XLII. Every summons, whether to an adverse party or a witness, shall be served at the cost of the party at whose instance it is issued, and the amount of such cost, as well as any sum required for the travelling and other expenses of a witness, shall be deposited in Court before the summons is issued.

XLIII. The provisions of the Acts and Regulations, and all other Rules for the time being in force, in the several Presidencies of Bengal, Madras and Bombay, relating to the competency of witnesses, for procuring their attendance, and for the examina-

আসামীকে হুকুম করিতে পারেন এবং যেপর্য্যন্ত তাহা না দেয় অথবা আদালত যত টাকা হুকুম করেন তাহা আদালতে আমানৎ না করে সেইপর্য্যন্ত তাহাকে জিলার দেওয়ানী জেলখানায় রাখিতে পারেন ইতি।

৩৫ ধারা। যদি ফরিয়াদীর দাওয়া ডিসমিস হয় এবং গ্রেফ্তারীর দরখাস্ত উপযুক্ত কারণবিনা হইয়াছিল ইহা যদি আদালত হুরোধমতে জানেন তবে গ্রেফ্তারহওয়া ব্যক্তি দরখাস্ত করিলে ঐ প্রকার গ্রেফ্তারীপ্রযুক্ত তাহার যে কোন নোকসান কি ক্ষতি হইয়া থাকে তাহা পূরণের নিমিত্তে আদালত তাহাকে পঞ্চাশ টাকার অনধিক টাকা দিতে হুকুম করিতে পারেন। ঐ টাকা মোকদ্দমার খরচার অংশস্বরূপ আদায় করা যাইবেক। এবং ঐরূপ হুকুম হইলে ঐ গ্রেফ্তারীর বিষয়ে কোন মোকদ্দমা হইতে পারিবেক না। কিন্তু গ্রেফ্তারহওয়া ব্যক্তি এই ধারানুসারে ক্ষতিপূরণের বিষয়ে আদালতে দরখাস্ত না করিয়া ঐ গ্রেফ্তারের বাবৎ জাবেতামত মোকদ্দমা করিতে পারে ইতি।

৩৬ ধারা। সমনের লিখিত দিবসে কিম্বা তাহার পর অন্য যে কোন দিবসপর্য্যন্ত মোকদ্দমার শুননির বিলম্ব হয় সেই দিবসে উভয় পক্ষ হাজির হইলে আদালত উপস্থিত থাকা উভয় পক্ষকে কি তাহারদের মোখ্তারদিগকে সওয়াল করিবেন এবং এক পক্ষ অন্য পক্ষকে জেরার সওয়াল করিতে পারে ইতি।

৩৭ ধারা। যদি কোন পক্ষ সেই দিবসে কোন সাক্ষিকে উপস্থিত করে তবে আদালত সেই দিবসে কিম্বা সাক্ষিরদের জোবানবন্দী লইবার নিমিত্তে তাহার পর অন্য যে কোন দিন নিরূপণ করা যায় সেই দিনে সেই সাক্ষির সাক্ষ্য গ্রহণ করিতে পারিবেন ইতি।

৩৮ ধারা। উভয় পক্ষের জোবানবন্দী শপথক্রমে কিম্বা যে স্থলে আইনেতে শপথের পরিবর্ত্তে প্রতিজ্ঞার অনুমতি আছে সেই স্থলে প্রতিজ্ঞামতে লওয়া যাইবেক এবং ঐ জোবানবন্দীর মর্ম্ম বিচারকর্ত্তার নিজ ভাষাতে লিখিয়া লওয়া যাইবেক ইতি।

৩৯ ধারা। যদি সেইরূপ সওয়াল হইলে পর অধিক কোন সাক্ষ্য না লইয়া উপযুক্তমতে ডিক্রী হইতে পারে তবে আদালত তদনুসারে ডিক্রী করিবেন ইতি।

৪০ ধারা। যদি সওয়ালহইতে কোন ইসু জন্মে এবং তাহার বিষয়ে অধিক সাক্ষ্য শুনা আবশ্যক হয় তবে আদালত ঐ ইসু প্রকাশ করিবেন এবং সাক্ষিরদের জোবানবন্দী লওনের ও মোকদ্দমার বিচারের নিমিত্তে উপযুক্ত দিন নিরূপণ করিবেন ইতি।

৪১ ধারা। উভয় পক্ষ বিচারের দিনে আপনারদের সাক্ষিদিগকে আদালতে আনিবেক এবং যদি সেই দিবসে সাক্ষ্য দিবার কিম্বা দলীল উপস্থিত করিবার নিমিত্তে সাক্ষিকে হাজির করাইবার জন্যে কোন পক্ষের আদালতের সাহায্যের আবশ্যক হয় তবে সেই পক্ষ উপযুক্ত সময়ে আদালতে প্রার্থনা করিবেক এবং আদালত E চিহ্নিত আপেণ্ডিক্সের লিখিত পাঠানুসারে কিম্বা তাহার মর্ম্মানুসারে এক সমন জারী করিয়া সাক্ষিকে হাজির হইতে হুকুম করিবেন ইতি।

৪২ ধারা। বিপক্ষ পক্ষের নামে কিম্বা সাক্ষির নামে হউক প্রত্যেক সমন যাহার প্রার্থনামতে বাহির হয় তাহার খরচে জারী হইবেক এবং সমন বাহির হইবার পূর্ব্বে ঐ খরচের টাকা ও সাক্ষির গমনাগমনের ও অন্যান্য খরচের নিমিত্তে যে কোন টাকার প্রয়োজন হয় তাহা আদালতে আমানৎ করা যাইবেক ইতি।

৪৩ ধারা। জাবেতামত মোকদ্দমায় সাক্ষিরা মোকদ্দমার এক পক্ষ হউক কি না হউক তাহারদের উপযুক্ততার বিষয়ে ও তাহারদের হাজির করাইবার নিমিত্তে ও তাহারদের জোবানবন্দী লওনের ও মেহনতানা দেওনের ও দণ্ড করণের বিষয়ে বাঙ্গলা ও মান্দ্রাজ ও বোম্বাই নানা

tion, remuneration and punishment of witnesses, whether parties to the case or not, in regular actions, shall, except so far as the same may be inconsistent with the provisions of this Act, apply and be of equal force and effect in summary actions under this Act.

[To be continued.]

CIRCULAR ORDER OF THE BOARD OF REVENUE.

No. 14.

From the Officiating Secretary to the Board of Revenue, Lower Provinces, to

Dated Fort William, the 19th May, 1854.

I am directed by the Board of Revenue to inform you, that Deputy Collectors, under the revised constitution of the subordinate Executive Service, will in future be required, as a condition of their appointment, to undergo the same examination as that to which Covenanted Assistants are subjected, and to pass by the first standard. They will also be required to pass by the second standard before they are promoted to a higher grade.

2nd. It is not intended absolutely to preclude the appointment and employment of Officers in the lowest grade before they have passed by the first standard, but until they have so passed they will be considered as on probation, and in each case a reasonable time, not exceeding one year, will be given, within which, if they do not pass, their appointment will be void.

3rd. As a general rule, no person will be appointed to the subordinate Executive Service, who has not a sufficient knowledge of the English language to enable him to pass the examinations above referred to, or the same qualifications in that respect as are now required in persons appointed to the lowest rank of Native Judges.

(Signed) A. GROTE,
Offg. Secretary.

Note.—By the Sudder Court's Circular, dated the 23rd November last, No. 28, it is declared that all candidates for diplomas as Moonsiffs and Vakeels will be required to produce either a junior scholarship certificate or a testimonial of corresponding proficiency from some known respectable Institution.

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 15.

To the Civil and Criminal Authorities in the Lower and Extra Regulation Provinces.

In pursuance of the orders of Government, I am directed by the Court to forward to you the accompanying Form of a Tabular Statement, and to request that whenever applications for changes of Establishment are made, you will invariably use it.

(Signed) C. T. BUCKLAND,
Register.

Fort William, the 15th April, 1854.

রাজধানীতে আইনের নির্দ্দিষ্ট বিধান এবং অন্য যে সকল বিধি যে সময়ে চলন হয় তাহা এই আইনের বিধানেতে যেপর্য্যন্ত অসঙ্গত না হয় সেইপর্য্যন্ত এই আইনানুসারে সরাসরী মোকদ্দমাতে খাটিবেক ও তত্তুল্যরূপে বলবৎ ও ফলবৎ হইবেক ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

১৪ নম্বর।

শ্রীঅমুকের প্রতি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত একটিং সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫৪ সাল ১৯ মে।

বোর্ড রেবিনিউর সাহেবেরদের আদেশমতে তোমাকে জানাইতেছি যে অধীন শ্রেণীর কার্য্যকারকেরদের বিষয়ের সংশোধিত নিয়মানুসারে, চিহ্নিত আসিষ্টাণ্ট সাহেবেরদের যে পরীক্ষা দিতে হয় ডেপুটী কালেক্টরেরদেরও উত্তর কালে সেই পরীক্ষা দিতে হইবেক এবং দ্বিতীয় শ্রেণীর পরীক্ষোত্তীর্ণ হইতে হইবেক নতুবা তাঁহারা কর্ম্মে নিযুক্ত হইবেন না। আরো উচ্চ শ্রেণীভুক্ত হওনের পূর্ব্বে তাঁহারদের প্রধান শ্রেণীর পরীক্ষোত্তীর্ণ হইতে হইবেক।

২। কার্য্যকারকেরা দ্বিতীয় শ্রেণীর পরীক্ষোত্তীর্ণ না হইলে অতিঅধীন শ্রেণীতে নিতান্তই নিযুক্ত হইতে কিম্বা কর্ম্ম পাইতে পারেন না এমত অভিপ্রায় নহে কিন্তু যাবৎ সেই প্রকার উত্তীর্ণ না হন তাবৎ তাঁহারা পরীক্ষার অবস্থায় রহিয়াছেন এমত জ্ঞান হইবেক এবং প্রত্যেক ব্যক্তির বিষয়ে এক বৎসরের অধিক না হয় এমত উচিত সময় দেওয়া যাইবেক তাহার মধ্যে যদি উত্তীর্ণ না হন তবে তাঁহারদের নিয়োগ বাতিল হইবেক।

৩। সাধারণ বিধি এই যে পূর্ব্বোক্ত পরীক্ষাতে যাহাতে উত্তীর্ণ হইতে পারিবেন ইঙ্গরেজী ভাষার এমত উপযুক্ত জ্ঞান যে ব্যক্তির না থাকে অথবা এদেশীয় বিচারকর্ত্তারদের অধঃস্থ শ্রেণীতে নিযুক্ত ব্যক্তিরদের তদ্বিষয়ে এইক্ষণে যে উপযুক্ততার প্রয়োজন তাহা না থাকে এমত ব্যক্তি অধীন কার্য্যকারক শ্রেণীতে নিযুক্ত হইবেন না।

এ গ্রোট।
একটিং সেক্রেটারী।

মন্তব্য। সদর আদালতের গত নবেম্বর মাসের ২৩ তারিখের ২৮ নম্বরী সরক্যুলর অর্ডরে প্রকাশ করা গিয়াছিল যে যাঁহারা মুনসেফের কিম্বা উকীলের যোগ্যতার পত্র পাইবার আকাঙ্ক্ষী হন তাঁহারদের দ্বিতীয় শ্রেণীর বৃত্তিভোগের সর্টিফিকট কিম্বা ঐ বৃত্তিভোগের জন্যে যেপর্য্যন্ত নৈপুণ্যহওয়া উচিত তাহা প্রাপণের নিদর্শন পত্র সম্ভ্রান্ত কোন বিদ্যালয়হইতে অর্পণ করিতে হইবেক।

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

১৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশ এবং আইনবহির্ভূত প্রদেশের দেওয়ানী ও ফৌজদারীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

গবর্ণমেণ্টের হুকুমানুসারে আমি আদালতের আজ্ঞামতে কৈফিয়তের নীচের লিখিত পাঠ তোমার নিকটে পাঠাইয়া আদেশ করিতেছি যে সিরিশতার পরিবর্ত্তনের বিষয়ে যখন দরখাস্ত করা যায় তখন তুমি নিয়ত ঐ পাঠ ব্যবহার কর।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৪ সাল ১৫ আপ্রিল।

Office to which the proposition refers.	Nature of the change.				Proposition.						Casual or extraordinary.	Grounds of Proposition.
	Present scale.		Proposed scale.		Permanent.		Temporary.					
					Increase per month.	Decrease per month.	Increase per month.		Decrease per month.			
		Rs. A. P.		Rs. A. P.	Rs. A. P.	Rs. A. P.	Period.	Rs. A. P.	Period.	Rs. A. P.		

প্রস্তাব যে দফ্তরখানার বিষয়ে হয়	পরিবর্ত্তনের প্রকার		প্রস্তাব						দৈবাৎ কি অসাধারণ	প্রস্তাবের হেতু।
			চিরকালীন		অল্পকালীন					
	বর্ত্তমান হার	প্রস্তাবিত হার	মাসে২ বৃদ্ধি	মাসে২ হ্রাস	মাসে২ বৃদ্ধি		মাসে২ হ্রাস			
	টাকা	টাকা	টাকা	টাকা	কাল	টাকা	কাল	টাকা		

No. 17.

To the Civil Authorities in the Lower Provinces.

I am directed by the Court to request that you will, with reference to the accompanying extract from a letter, No. 1682, dated the 8th ultimo, from the Secretary to the Government of Agra to the Secretary to the Government of Bengal, state what is the practice in your District regarding attachments of the nature therein described and with reference to the contingencies specially noted in paragraph 3.

(Signed) C. T. BUCKLAND,
Register.

Fort William, the 5th May, 1854.

Extract Paragraphs 2 and 3 of a letter from the Secretary to the Government of the North Western Provinces to the Secretary to the Government of Bengal, No. 1682, dated the 8th April, 1854.

2. His Honor requests that you will, with the permission of the Most Noble the Governor of Bengal, favor this Government with information of the practice in the Calcutta Offices in regard to the noting and complying with orders of Judicial attachment upon salaries actually due to Assistants in such Offices, other than orders of the Insolvent Court, granting protection to the person of a Debtor upon specified conditions.

3. His Honor would wish to learn whether attachments of this kind are frequently issued from the ordinary Courts, as from the Courts of the 24-Pergunnah District, or the Court of Small Causes in Calcutta, and whether it is understood to be a settled point that the heads of Offices are legally bound to give effect to such Attachments on salary due, but unpaid, to the extent even of the entire remuneration for the service done by an Assistant, and that they are to attend to conflicting and consecutive attachments according to the order of their receipt, or to what other rule.

(Signed) W. MUIR,
Secy. to the Govt., North Western Provinces.

Camp , the 8th April, 1854.

(True Extract,)
R. STUART,
Assistant Register.

No. 14.

To the Civil and Criminal Authorities in the Lower Provinces.

In pursuance of the orders of Government, I am directed by the Court to request that you will submit as early as may be practicable, a statement in the accompanying Form of all Uncovenanted Servants receiving salaries of more than 10 Rs. a month who were employed in your office or in any office subordinate to your Court and who have been dismissed from their situations during the year 1853.

(Signed) C. T. BUCKLAND,
Register.

Fort William, the 7th April, 1854.

১৭ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের নিকটে আগ্রার গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের গত মাসের ৮ তারিখের ১৬৮২ নম্বরী পত্রহইতে গৃহীত নীচের লিখিত কথার উপলক্ষে সদর আদালতের আজ্ঞামতে আদেশ করিতেছি যে ঐ পত্রের নির্দ্দিষ্ট প্রকারের ক্রোকের বিষয়ে এবং ৩ দফাতে যে২ ঘটনার বিশেষমতে উল্লেখ হইয়াছে তদুপলক্ষে তোমার জিলাতে যে রীতি চলন আছে তাহা লিখিয়া জানাও।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৪ সাল ৫ মে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের প্রতি উত্তরপশ্চিম দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের ১৮৫৪ সালের ৮ আপ্রিল তারিখের ১৬৮২ নম্বরী পত্রহইতে গৃহীত ২ ও ৩ দফা।

২ দফা। শ্রীযুত আদেশ করিতেছেন যে তুমি বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের অনুমতি লইয়া এই গবর্ণমেণ্টকে জ্ঞাপন কর যে যোত্রহীন আদালতের যে হুকুমানুসারে বিশেষ নিয়মাধীনে দেনদারকে রক্ষা করা যায় তদ্ভিন্ন কলিকাতার দফ্তরখানায় আসিষ্টাণ্টেরদের যে বেতন নিতান্ত পাওনা আছে তাহা ক্রোক করিয়া রাখিতে বিচার আদালতের যে হুকুম হয় তাহা স্বীকার করণ ও তদনুসারে কার্য্য হওনের বিষয়ে ঐ২ দফ্তরখানায় কি রীতি চলন আছে।

৩ দফা। ঐ প্রকার ক্রোকের হুকুম জিলা চব্বিশপরগনার আদালত কিম্বা কলিকাতার অল্প মূল্যের মোকদ্দমার আদালতপ্রভৃতি সাধারণ আদালতহইতে বারম্বার জারী হইতেছে কি না, এবং আসিষ্টাণ্ট যে কার্য্য করিয়াছেন তাহার সমুদয় মেহনতানাপর্য্যন্ত যে বেতন পাওনা আছে কিন্তু দেওয়া যায় নাই তাহা ক্রোক করিয়া রাখিবার ঐ প্রকার হুকুম সফল করিতে দফ্তরখানার প্রধান কার্য্যকারকেরা আইনমতে বদ্ধ আছেন এবং পরস্পর বিপরীত ও পরপর যে ক্রোকের হুকুম হয় তাহা ঐ হুকুমপ্রাপ্ত হইবার ক্রমানুসারে মানিতে হইবেক ইহা নিশ্চিত বিষয়স্বরূপ জ্ঞান হয় কি না, কিম্বা অন্য কোন্ বিধিমতে কার্য্য করিতে হইবেক, এই সকল বিষয় শ্রীযুত অবগত হইতে চাহেন।

ডবলিউ মিউর।
উত্তরপশ্চিম দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ছাউনি।
১৮৫৪ সাল ৮ আপ্রিল।

(যথার্থ নকল।)
আর ষ্টুআর্ট।
আসিষ্টাণ্ট রেজিষ্টর।

---

১৪ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের দেওয়ানী ও ফৌজদারীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

গবর্ণমেণ্টের হুকুমানুসারে আমি সদর আদালতের আজ্ঞামতে আদেশ করিতেছি যে মাসে২ দশ টাকার অধিক বেতনভোগি অচিহ্নিত যে সকল চাকর তোমার কাছারীতে অথবা তোমার আদালতের অধীন কোন কাছারীতে নিযুক্ত ছিল এবং ১৮৫৩ সালের মধ্যে কর্ম্মচ্যুত হইয়াছিল তাহারদের নীচের লিখিত পাঠানুসারে এক কৈফিয়ৎ তুমি যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র পাঠাও।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৪ সাল ৭ আপ্রিল।

Form of Statement of dismissed Uncovenanted Servants.

Name and designation of dismissing Officers.	Name and designation of dismissed Officer.	Length of service of dismissed Officer.	Brief statement of cause for which dismissed.	Whether appeal was made and to whom.	Result of Appeal.

তগীরহওয়া অচিহ্নিত কার্য্যকারকেরদের কৈফিয়তের পাঠ।

তগীর করণিয়া কার্য্যকারকের নাম ও পদবী	তগীরহওয়া কার্য্যকারকের নাম ও পদবী	তগীরহওয়া কার্য্যকারক যত কাল কর্ম্ম করিয়াছিল	যে হেতুতে তগীর হইয়াছে তাহার সংক্ষেপ	আপীল হইয়াছিল কি না ও কাহার নিকটে	আপীলের ফল।

No. 18.

To the Civil and Session Judges, Lower Provinces.

In continuation of Circular Order No. 19 of the 25th August, 1853, the Court circulate the name of Gholam Rubbanee, who has obtained a certificate of qualification in Mahomedan law at the examination held at the Calcutta Madrissa on the 15th April, 1854.

(Signed) C. T. BUCKLAND,
Register.

Fort William, the 12th May, 1854.

NOTIFICATION.

ORDER BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVE OF ABSENCE.

The 2nd June, 1854.

Baboo Doorgapershaud Bose, Moonsiff of Suleemabad, Zillah East Burdwan, for the 6th instant.

C. T. BUCKLAND, *Register.*

রাজকর্ম্মে নিয়োগ।

১১১৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৫৪ সাল ২২ মে।

বর্দ্ধমান এলাকার রাজস্বের ও দায়েরসায়েরীর কমিস্যনর শ্রীযুত জে এচ ক্রাফর্ড সাহেব (Mr. J. H. Crawford,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই বৎসরের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৪ সাল ২০ মে।

সিবিলসম্পর্কীয় সিরিশতার শ্রীযুত ই সাণ্ডিস সাহেব (Mr. E. Sandys,) "মারিসিয়স" নামক বাষ্পীয় জাহাজে ইউরোপে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন আড়কাটি সাহেব ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১৬ তারিখে সমুদ্রে ছাড়িয়া আইসেন।

১১১৭ নম্বর।

বিজ্ঞাপন।

১৮৫৪ সাল ১৭ মে।

সদর পরীক্ষক কমিটির রিপোর্টঅনুসারে নিম্নের লিখিত আসিষ্টাণ্ট সাহেবেরা ১৮৫১ সালের ১৯ নবেম্বর তারিখের গবর্ণমেন্টের নির্দ্ধারণে যে পরীক্ষা নির্দ্দিষ্ট আছে তাহাতে উত্তীর্ণ হইয়াছেন।

প্রধান শ্রেণীর পরীক্ষোত্তীর্ণ।

শ্রীযুত এচ সি রেক্স সাহেব (Mr. H. C. Raikes,)।
" এ জে এলিয়ট সাহেব (Mr. A. J. Elliot,)।
" ডবলিউ এচ হেণ্ডর্সন সাহেব (Mr. W. H. Henderson,)।
" এচ মসপ্রাট সাহেব (Mr. H. Muspratt,)।
" এফ আর কাক্রেল সাহেব (Mr. F. R. Cockerell,)।
" ডবলিউ সি স্পেন্সর সাহেব (Mr. W. C. Spencer,)।
" সি জেন্‌কিনস সাহেব (Mr. C. Jenkins,)।
" জে জে গ্রে সাহেব (Mr. J. J. Grey,)।
" জে এচ মাঙ্গলস সাহেব (Mr. J. H. Mangles,)।

[*Government Gazette, 6th June*, 1854.]

১৮ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল ও সেশন জজ সাহেব বরাবরেষু।

১৮৫৩ সালের ২৫ আগষ্ট তারিখের ১৯ নম্বরী সরক্যুলর অর্ডরের অতিরিক্ত সদর আদালতের সাহেবেরা শ্রীযুত গোলাম রবানীর নাম প্রচার করিতেছেন। ১৮৫৪ সালের ১৫ আপ্রিল তারিখে কলিকাতার মদরসাতে যে পরীক্ষা হয় তাহাতে তিনি মহম্মদীয় শরার বিষয়ে যোগ্যতার সর্টিফিকট প্রাপ্ত হন।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৪ সাল ১২ মে।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৫৪ সাল ২ জুন।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের সলিমাবাদের মুনসেফ শ্রীযুত বাবু দুর্গাপ্রসাদ বসু বর্ত্তমান মাসের ৬ তারিখের ছুটী পাইয়াছেন।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

শ্রীযুত টি ব্লমফিল্ড লেন সাহেব (Mr. T. Blomefield Lane,)।

দ্বিতীয় শ্রেণীর পরীক্ষোত্তীর্ণ।

" লার্ড এচ ইউ ব্রৌন সাহেব (Lord H. U. Browne,)।
" টি ব্রুস লেন সাহেব (Mr. T. Bruce Lane,)।

নিয়োগ।

১৮৫৪ সাল ১৭ মে।

নিম্নের লিখিত আসিষ্টাণ্ট সাহেবেরা আপন২ নামের সম্মুখে যে২ জিলা লিখিত হইয়াছে সেই২ জিলাতে জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত এ জে এলিয়ট সাহেব (Mr. A. J. Elliot,) চব্বিশপরগনা।
" ডবলিউ এচ হেণ্ডর্সন সাহেব (Mr. W. H. Henderson,) নওয়াখালী।
" এচ মসপ্রাট সাহেব (Mr. H. Muspratt,) বর্দ্ধমান।
" এফ আর কক্রেল সাহেব (Mr. F. R. Cockerell,) কটক।
" ডবলিউ সি স্পেন্সর সাহেব (Mr. W. C. Spencer,) দক্ষিণপশ্চিম অঞ্চলের এজেণ্টীর অন্তঃপাতি জিলা।
" সি জেনকিন্স সাহেব (Mr. C. Jenkins,) বাকরগঞ্জ।
" জে জে গ্রে সাহেব (Mr. J. J. Grey,) হুগলী।
" জে এচ মাঙ্গলস সাহেব (Mr. J. H. Mangles,) বাঁকুড়া।
" টি ব্লমফিল্ড লেন সাহেব (Mr. T. Blomefield Lane,) কটক।

নিম্নের লিখিত আসিষ্টাণ্ট সাহেবেরা আপন২ নামের সম্মুখে যে২ জিলা লিখিত আছে সেই২ জিলায় ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণ এবং ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারায় যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট আছে সেই ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত লার্ড এচ ইউ ব্রৌন সাহেব (Lord H. U. Browne,) ত্রিহুত।

শ্রীযুত টি ব্রুস লেন সাহেব
(Mr. T. Bruce Lane,) পূরণিয়া।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১১৩৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

শ্রীযুত পাদরি আর রাবিনসন সাহেব (Reverend R. Robinson,) ঢাকা জিলায় বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

১৮৫৪ সাল ২৩ মে।

শ্রীযুত আর বি চাপমান সাহেব (Mr. R. B. Chapman,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

১৮৫৪ সাল ২৫ মে।

শ্রীযুত এফ বি ড্রমণ্ড সাহেব (Mr. F. B. Drummond,) ত্রিপুরার মাজিষ্ট্রেট হইবেন।

শ্রীযুত জি জি মারিস সাহেব (Mr. G. G. Morris,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

উপরোক্ত দুই নিয়োগ বর্ত্তমান মাসের ১৬ তারিখঅবধি চলিবেক।

১৮৫৪ সাল ২৬ মে।

শ্রীযুত বি জে কলবিন সাহেব (Mr. B. J. Colvin,) ১৮২৮ সালের ৩ আইনানুসারে স্পেসিয়ল কমিস্যনরের ক্ষমতাপ্রাপ্ত হইয়া সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের জজ হইবেন।

শ্রীযুত ই এ সামুয়েল্‌স সাহেব(Mr. E. A. Samuells,) কটক এলাকার রাজস্বের ও দায়েরসায়েরীর কমিস্যনর ও পেনকসী মহালের সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযু এচ ডি এচ ফর্গসন সাহেব (Mr. H. D. H. Fergusson,) চব্বিশ পরগনার মাজিষ্ট্রেট ও আলিপুরের জেলখানার সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত জে এচ ইয়ং সাহেব (Mr. J. H. Young,) নওয়াখালীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন কিন্তু বর্দ্ধমানের কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

উপরোক্ত নিয়োগ বর্ত্তমান মাসের ২০ তারিখঅবধি চলিবেক।

শ্রীযুত সি পি এলিয়ট সাহেবের (Mr. C. P. Elliott,) বর্ত্তমান মাসের ১৯ তারিখে ত্রিপুরার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্টী পদে যে নিয়োগ হইয়াছিল তাহা রহিত হইয়াছে।

ছুটী।

১৮৫৪ সাল ২৩ মে।

নদীয়ার সদর আমীন ও সদর মুনসেফ শ্রীযুত সৈয়দ শখাওৎ হুসেন চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১১৭২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ২৫ মে।

শ্রীযুত ডবলিউ এচ এলিয়ট সাহেব (Mr. W. H. Elliott,) বর্দ্ধমান এলাকার রাজস্বের ও দায়েরসায়েরীর কমিস্যনরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জি এফ কোবর্ণ সাহেব (Mr. G. F. Cockburn,) কলিকাতার প্রধান মাজিষ্ট্রেটের কর্ম্ম নির্ব্বাহ করিবেন এবং ১৮৫২ সালের ১০ আইনানুসারে কলিকাতা নগর পরিপাটী করণার্থ কমিস্যনর হইবেন। শ্রীযুত কোবর্ণ সাহেব (Mr. Cockburn,) চব্বিশপরগনা ও হাবড়া ও বারাসৎ ও হুগলী ও নদীয়া ও যশোহর এই সকল জিলায় মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন ঐ২ জিলার মাজিষ্ট্রেট সাহেবেরদের ক্ষমতামতে সেই২ এলাকায় কার্য্য করিবেন।

শ্রীযুত ডবলিউ এচ ব্রডহর্ষ্ট সাহেব (Mr. W. H. Brodhurst,) অন্য হুকুম না হওনপর্য্যন্ত মেদিনীপুরের কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ব্রডহর্ষ্ট সাহেব (Mr. Brodhurst,) যেপর্য্যন্ত মেদিনীপুরের কালেক্টরী কর্ম্ম গ্রহণ না করেন সেইপর্য্যন্ত ঐ জিলার এক্টিং মাজিষ্ট্রেট শ্রীযুত জি ব্রাইট সাহেব (Mr. G. Bright,) কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এচ সি রেক্‌স সাহেব (Mr. H. C. Raikes,) ফরিদপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৪ সাল ২৬ মে।

বাকরগঞ্জের কৌথালির মুনসেফ শ্রীযুত বাবু মধুসূদন ঘোষ প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫৪ সাল ২৬ মে।

চৈবাসার সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু গিরীশচন্দ্র পালিত দ্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ২৭ মে।

মুরশিদাবাদের এক্টিং কালেক্টর শ্রীযুত ই জেনকিন্স সাহেব (Mr. E. Jenkins,) আপনার কর্ম্মের ভার মাজিষ্ট্রেট শ্রীযুত সি এফ কার্ণাক সাহেবের (Mr. C. F. Carnac,) প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন শ্রীযুত কোর্ণাক সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত আপন কর্ম্মের অতিরিক্ত কালেক্টরের কর্ম্মও নির্ব্বাহ করিবেন।

বাকরগঞ্জের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত সি জেনকিন্স সাহেব (Mr. C. Jenkins,) গত মাসের ৩ তারিখে যে ছুটী পান তাহার অতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৪ সাল ২০ মে।

নদীয়া জিলার হাঁড়রার মুনসেফী এলাকা মৌকুফ হইয়াছে। অতএব ঐ এলাকার অন্তঃপাতি যে সকল গ্রাম ছিল তাহা নীচের লিখিতমতে অন্য এলাকাভুক্ত হইয়াছে তদ্বিষয়ের সম্বাদ দেওয়া যাইতেছে।

জলঙ্গী নদীর পূর্ব্ব দিগের গ্রামসকল মেহেরপুরের মুনসেফী এলাকার শামিল করা গিয়াছে।

হাঁড়রা	তিলকপুর
দিওলিয়া	জামিরা ডাঙ্গা
ছোট আন্দুলিয়া	নলপুর
লক্ষ্মীগাছা	মহৎপুর
বৃত্তিছদা	ফুল কলসী
গোখুরাপোতা	পদ্মমুলা
আরঙ্গ শরিষা	লক্ষ্মীপুর
ডোমপুখুরিয়া	কুমারগাছি
চারাতলা	চাঁদপুর
পীতাম্বরপুর	ইলাঙ্গী
বাদলাঙ্গি	ইটা বেড়িয়া
মাজদিয়া	কলিঙ্গা
মালুমগাছা	কন্যাদহ
ছাপরা	কটনারা
হাটছাপরা	পটিয়া
বাঙ্গাঘিসমেত বাজার	দুধকলা
পুখুরিয়া	লাতুদহ

চাউলিয়া	আচম্বিতা
জগন্নাথপুর	দরি জগন্নাথপুর
চোলমারি	রাজিপুর
রত্নপুর	টাবানগর
মার্জমপুর	শিবনগর
চাটিমতলা	শিবচন্দ্রপুর
দুলালনগর	গোঙ্গরা
ছুটিপুর	ভগবান
শালবান্দা	হুদাপাড়া
ভগীরথপুর	হরিরামপুর
কুমারপুর	ভৈরবনগর
লতিপোতা	মুনসীবপুর
বল্লভপুর	মুহখোলা
মাণিকনগর	রাঙ্গিয়ারপোতা
রামনগর	বীরপুর কুল্লা
গোপীনাথপুর	হৃদয়পুর
বেতবেড়িয়া	সোনাপুর
মাধবপুর	মাজগড়া
ইছাপুর	কৃষ্ণপুর
মথুরাপুর	ভবরপাড়া
মহারাজপুর	বড় আন্দুলিয়া
পীপিড়াগাছি	জিধা
গাছা	দ্বিতীয় ফুলবাড়ি
ফুলবাড়ি	হাতিচালা
পাঁচপোতা	মুটিয়া
বলিয়াঘরি	শণপুখুরিয়া
আলক	মহেশনগর
শোভানগর অথবা পাথরী	তারিণীপুর
বাটগাছি	পাতরঘাটা
রাণাবাঁদ	গোবিন্দপুর
শিকরা	শলুয়া
আনন্দবাস	পতীমারী
ব্রহ্মনগর	পটিকুমারপুর
সতুষপুর বা জয়পুর	বালিউরা

জলঙ্গী নদীর পশ্চিম দিগের নীচের লিখিত গ্রামসকল পানঘাটার মুনসেফী এলাকার শামিল করা গিয়াছে।

পাটুয়াডাঙ্গা	কালী রায়
শীতপুর	মোটা
চাঁদেরঘাট	বড়গাছি
ধোপাতা	দীঘা
ধাপারিয়া	মিরাইপুর
বড় শিমুলিয়া	দোগাছিয়া
ছোট শিমুলিয়া	শালিগ্রাম
চক বেহারী	দেওবাগাছি
ঈশ্বরচন্দ্রপুর	বাজিপাড়া
তেঘরি	বনগ্রাম
শারবাড়ি	চুপিপোতা
বীরপুর	গাছা
পাটিকাবাড়ি	ঘাটিশ্বর
জালঙ্কা	খাজুরি
রাড়িপাড়া	নেকি
বাদবেলগাঁও পদুমা	হাজারহাটি
সরূপনগর	লোহাগাছি
চঙ্গো	কামারহাটি
বেলপুখুরিয়া	মুড়াগাছা
বেকগোয়ালি	কাঁচকুলি
বালগড়িয়া	ধর্ম্মদহ
চিটো হাতিসঙ্গা	আদমপোতা
বাদ ত্রিহট্ট	তেঁতুলবাড়িয়া
কাঁটালবাড়িয়া	সরুক
কলাবাগা	সাধনপাড়া
চাটনি	বঙ্কিরগাছি
সোণাতল্লা	বল্লালদীঘী
কালীনগর	মিয়াপুর
পাতরডোবা	মাল্লাপ ড়া
রূপডোবা	শ্রীনাথপুর
চুয়াখালি	গুমাঘর
নওয়াপাড়া	শরডাঙ্গা
সিংহাটি	রাজাপুর
ছয়ঘরিয়া	মালপাড়া
আরমীয়া	ভারই ডাঙ্গা
ভোলাডাঙ্গা	রুদ্রপাড়া
গর্ব্বকুলি	গঙ্গানগর
হরিণডাঙ্গা	তারণবাস
পুরাবেলগাঁ	বামনপুখুরিয়া
ঝিকটিপোতা	রামজীবনপুর
ধুবলিয়া	দুর্গাবাস
দলইমহল্লা	বেলপুখুরিয়া
সুজনপুর	রাজবাগ
পলিতা	বল্লাডাঙ্গা
তাতলা	বরগড়া
দ্বীপচন্দ্রপুর	খলসি
বামনপাড়া	রুকনপুর
রাখালগাছি	

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১২২৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরুনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ২৩ মে।

শ্রীযুত জে সি মার্টিন সাহেব (Mr. J. C. Martin,) কামরূপ জিলায় বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

১৮৫৫ সাল ২৫ মে।

শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলের ১৮৫০ সালের ৭ জানুআরি তারিখের হুকুমানুসারে কলিকাতার এক্টিং প্রধান মাজিষ্ট্রেট শ্রীযুত জি এফ কোবর্ণ সাহেব (Mr. G. F. Cockburn,) কলিকাতা নগরে এবং পাটনার মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ এন্সলি সাহেব (Mr. W. Ainslie,) পাটনা নগরে যে সকল সৈন্যেরা কি ব্যক্তিরা রাজদ্রোহের বিষয়ি নূতন আইনানুযায়ি শ্রীশ্রীমতী মহারাণীর পরওয়ানার বিধানানুসারে শ্রীশ্রীমতী মহারাণীর কি তাঁহার উত্তরাধিকারিরদের ও উত্তর কালীন রাজত্বভোগিরদের অধীন কর্ম্মে সিপাহীস্বরূপ ভর্ত্তি হইতে কি পুনরায় ভর্ত্তি হইতে চাহেন তাঁহারদিগকে ভর্ত্তি করিতে ও তাঁহারদের দ্বারা স্বাক্ষর করাইতে ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

আরো কোম্পানি বাহাদুরের কর্ম্মেতে যে সিপাহীরা কি অন্য ব্যক্তিরা পুনরায় ভর্ত্তি হইতে চাহে কি পুনরায় স্বাক্ষর করিতে চাহে তাহারদিগকেও ভর্ত্তি করিতে কি স্বাক্ষর করাইতে উক্ত কার্য্যকারক সাহেবেরদের ক্ষমতা আছে।

১৮৫৪ সাল ২৭ মে।

ময়মুনসিংহের পিঙ্গনার মুনসেফ শ্রীযুত বাবু রামদুর্ল্লভ দাস প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

200 RUPEES REWARD

Will be given to the person who shall give such information as may lead to the arrest of Kewull Toorha or Kahar charged with the murder of Aunpee Koormin of Doorgapore, in Thannah Kalighat.

H. FERGUSSON, *Magistrate.*

Zillah 24-Pergunnahs, the 30th May, 1854.

Description of the Offender.

Is a resident of Gorruckpore, caste Toorha, his right eye is smaller than his left, has the scar of a recent scald of coffee (hot) as he was attached to one of the Messes of the European Privates in the Fort, from the left shoulder downwards, broad face, bears short hair on the front of his head, but long behind, and is rather inclined to be stoutish and dark complexion, aged about 40 years, was formerly a servant attached to the Gorruckpore Hospital.

H. FERGUSSON, *Magistrate.*

২০০৲ টাকা পুরস্কার।

কালীঘাট থানার দুর্গাপুর গ্রামের আনপী কুর্ম্মীকে হত্যা করণের অভিযোগ কেবল তুরহা কি কাহারের নামে হইয়াছে অতএব তাহাকে যাহাতে গ্রেপ্তার করা যায় এমত সম্বাদ যে কেহ দিতে পারে তাহাকে ঐ পুরস্কার দেওয়া যাইবেক।

এচ ফরগসন। মাজিষ্ট্রেট।

জিলা চব্বিশপরগনা। ১৮৫৪ সাল ৩০ মে।

অপরাধির চেহারা।

গোরক্ষপুর নিবাসী। জাত তুরহা। তাহার দক্ষিণ চক্ষু বাম চক্ষুহইতে ক্ষুদ্র। কিল্লাতে ইউরোপীয় সৈন্যেরদের একত্র ভোজগৃহের চাকরহওয়াতে তপ্ত কাওয়াতে সম্প্রতিকার ফোস্কার দাগ তাহার বামস্কন্ধঅবধি আছে। মুখ চৌড়া। মস্তকের অগ্রভাগে খাটো চুল পশ্চাদ্ভাগে লম্বা চুল। কিঞ্চিৎ স্থূলাকার। কৃষ্ণবর্ণ। বয়স ন্যূনাধিক ৪০ বৎসর। পূর্ব্বে গোরক্ষপুরের হাস্পাতালে চাকর ছিল।

এচ ফরগসন। মাজিষ্ট্রেট।

---

500 RUPEES REWARD

Will be given to the person who shall give such information as may lead to the arrest of Ryekissore Shome, charged with theft of Stamp Paper valued at 482 Rs. from the Office of the Sudder Dewanny Adawlut.

H. FERGUSSON, *Offg. Magistrate.*

Zillah 24-Pergunnahs, the 23rd May, 1854.

৫০০৲ টাকা পুরস্কার।

রায়কিশোর সোমের নামে এই অভিযোগ হইয়াছে যে সেই ব্যক্তি সদর দেওয়ানী আদালতের সিরিশতাহইতে ৪৮২৲ টাকা মূল্যের ইষ্টাম্প কাগজ চুরী করিয়াছে। যাহাতে তাহাকে গ্রেপ্তার করা যায় এমত সম্বাদ যে কেহ দেয় তাহাকে উক্ত পুরস্কার দেওয়া যাইবেক।

এচ ফরগসন। একটিং মাজিষ্ট্রেট।

জিলা চব্বিশপরগনা। ১৮৫৪ সাল ২৩ মে।

SALT. নিমক।

এস্তেহার।

১ দফা। মোং চিলকার সুমুদ্রীয় হ্রদের এবং মোং পুরীর আস্তার আড়ঙ্গের এবং মোং কটকের হাঁহটার গোলার নমক মোং শালিখার সরকারী গোলায় ঢোলাই করিবার জন্যে দরখাস্ত আগামি ২০ জুন বেলা দুই প্রহর দুই ঘণ্টাপর্য্যন্ত এই বোর্ডের কাছারিতে লওয়া যাইবেক ঐ তারিখের পরে দাখিল হইলে লওয়া যাইবেক না।

২ দফা। ঐ বিষয়ের দরখাস্ত নিরূপিত নক্‌শাঅনুসারে দাখিল করিতে হইবেক সেই নক্‌শা এই কাছারিতে দরখাস্তকরণিয়া ব্যক্তি সকল প্রার্থনা করিলে পাইতে পারিবেন। নক্‌শাভিন্ন অন্য কোন রকমের দরখাস্ত দাখিল করিলে তাহা গ্রাহ্য হইবেক না।

৩ দফা। উল্লেখিত বিষয়ের কান্ত্রাক্‌ট সন ১৮৫৪। ৫৫ সালঅবধি তিন বৎসরের নিমিত্তে দেওয়া যাইবেক।

৪ দফা। যে সকল ব্যক্তি দরখাস্ত করিবেক তাহারদিগকে সাহেবান বোর্ডের এবং মফঃসলের হাকিমানের খাতিরজমা করিয়া দিতে হইবেক যে যত নমকের জন্যে কান্ত্রাক্‌টের প্রার্থনা রাখে তাহার সমুদয় নমক ঢোলাইয়ের সংস্থান আছে এপ্রযুক্ত প্রত্যেক দরখাস্তকরণিয়াকে আপন দরখাস্তের সম্বলিত যে সকল সুলুপ ঢোলাইয়ের জন্যে নিযুক্ত করিতে চাহে তাহার ইসমওয়ারি ফর্দ্দ দাখিল করিতে হইবেক।

৫ দফা। সন ১৮৫৪। ৫৫ সালে যত নমক ঢোলাই হইবেক তাহার সম্ভবপর পরিমাণ এই বোর্ডের কাছারিতে জানিতে চাহিলে জানান যাইবেক। তাহা জানিয়া দরখাস্তকরণিয়া ব্যক্তি সমুদয় অথবা কিয়ৎ পরিমাণ নমকের ঢোলাইয়ের নিমিত্তে দরখাস্ত করিতে পারিবেন।

৬ দফা। কান্ত্রাক্‌টদারান যে পরিমাণ নমকের নিমিত্তে কান্ত্রাক্‌ট নির্দ্দিষ্ট হইবেক সেই পরিমাণ নমক ইস্তক অক্তোবর মাসের আখেরী কটাল লাগাইদ ফিব্রুআরি মাসের শেষ এই মেয়াদের মধ্যে ঢোলাই করিতে কবুলতি দিবেক।

৭ দফা। যে২ ব্যক্তির দরখাস্ত মঞ্জুর হইবেক তাহারদিগকে আপন২ কান্ত্রাক্‌টের কর্ম্ম সুচারুরূপে আঞ্জামের জন্যে কোম্পানির কাগজ অথবা অন্য অপরিহার্য্য মাতবর জামিনী দাখিল করিতে হইবেক ইতি।

বিমোজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ সন ১৮৫৪ সাল তারিখ ২ জুন মতাবকে বাঙ্গলা সন ১২৬১ সাল তারিখ ২১ জ্যৈষ্ঠ।

এ আর ইয়ং। একটিং ছোট সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৪। ৬ জুন।]

মাসকাবারী হিসাব মৌজুদ নমক মায় ৪ পরসেণ্ট গোলা মুক্তি বাবৎ লাগাদ ৩১ মে সন ১৮৫৪ সাল প্রত্যেক এজেন্সীর ও মালিখার গোলা।

এজেন্সীর নাম	সন ১২৫৫ সাল ইং- রাজি ১৮৪৮। ৪৯ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৬ সাল মোতাবক ইং ১৮৪৯। ৫০ সাল	সন ১২৫৭ সাল মোতাবক ইং ১৮৫০। ৫১ সাল	সন ১২৫৮ সাল মোতাবক ইং ১৮৫১। ৫২ সাল	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবক ইং ১৮৫৩। ৫৪ সাল	মৌজুদ নমকের একুন।
হিজলি।							
পাঙ্গা নমক ঘাট রসুলপুর।	০	০	০	১,৯০৮/	০	১,০৮,৫৪৩/	১,১০,৪৮১/
ঐ ঐ কৃষ্ণনগর।	০	০	০		১০০/	১,২৩,০৫০/	১,২৩,১৫০/
ঐ ঐ রামনগর।	০	০	২,১৬৩॥৫	০	১৫,৫৭৯॥০	১,০৪,৪৭২/	১,২২,২১৫/৫
ঐ ঐ উত্তর কালীনগর।	০	০	০	০	০	১,৩৮,০৬৩/	১,৩৮,০৬৩/
ঐ ঐ পুরীঘাটা।	০	০	০	০	০	৬,৭১৫/	৬,৭১৫/
একুন।	০	০	২,১৬৩॥৫	১,৯০৮/	১৫,৬৭৯॥০	৪,৮০,৮৪৩/	৫,০০,৬২৪/৫
তমলুক।							
পাঙ্গা নমক ঘাট নারায়ণপুর।	০	০	০	০	০	৩৬৭/৪॥৶	৩৬৭/৪॥৶
একুন।	০	০	০	০	০	৩৬৭/৪॥৶	৩৬৭/৪॥৶
চট্টগ্রাম।							
পাঙ্গা নমক নেজামপুর ঘাট ডোমখালি।	০	০	০	০	০	০	০
ঐ আরাকিন ঐ	০	০	০	০	০	০	০
ঐ সদর ঘাট এজেন্সী।	০	৭৯,৩৯০ ।২॥	০	০	০	০	৭৯,৩৯০ ।২॥
ঐ ঐ আরাকিন।	৩০,৮১৭ ।৬৸৶	০	০	০	০	৯৮,১৮৫॥৫	১, ৯,০০৩/১৸৶
একুন।	৩০,৮১৭ ।৬৸৶	৭৯,৩৯০ ।২॥	০	০	০	৯৮,১৮৫॥৫	২,০৮,৩৯৩ ।৪ ।৶

এজেন্সীর নাম।	সন ১২৫৫ সাল ইং- রাজি ১৮৪৮। ৪৯ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৬ সাল মোতাবক ইং ১৮৪৯। ৫০ সাল	সন ১২৫৭ সাল মোতাবক ইং ১৮৫০। ৫১ সাল	সন ১২৫৮ সাল মোতাবক ইং ১৮৫১। ৫২ সাল	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবক ইং ১৮৫৩। ৫৪ সাল	মৌজুদ নমকের একুন।
শালিখা।							
পাঙ্গা নমক কটক।	৬,১৩,০০১/৫	৩,১৬২৸৭	৩,১০৭৸৩	০	০	০	৬,১৯,২৭১৸৫
ঐ ঐ বালেশ্বর।	০	০	০	০	০	০	০
ঐ ঐ খোরদা।	০	০	৮১৪৸০	০	১,৭৫৫/	০	২,৫৬৯৸০
ঐ ঐ চিলকা।	০	০	০	০	১,৯৭১/	০	১,৯৭১/
ঐ হিজলি রামনগর।	০	০	০	০	০	০	০
ঐ রসুলপুর।	০	০	০	৯৭/	০	০	৯৭/
ঐ ২৪ পরগনা নারায়ণপুর নমক।	৩,৭০,৩৪৪ ।৫	০	০	০	০	০	৩,৭০,৩৪৪ ।৫
ঐ ঐ ডাইমনহারবর।	১,২২,৩৮৫/	০	০	০	০	০	১,২২,৩৮৫/
ঐ সাগর।	১,০১২॥০	০	০	০	০	০	১,০১২॥০
একুন।	১১,০৬,৭৪৩/	৩,১৬২৸৭	৩,৯২২॥৩	৯৭/	৩,৭২৬/	০	১১,১৭,৬৫১॥০
আরাকিন।							
পাঙ্গা ঘাট ইকফু।	০	০	০	০	০	১,৯১১৸৭	১,৯১১৸৭
একুন।	০	০	০	০	০	১,৯১১৸৭	১,৯১১৸৭
মোট একুন।	১১,৩৭ ৫৬০ ।৬৸/	৮২,৫৫৩/৯॥	৬,০৮৬/৮	২,০৩৫/	১৯,৪০৫॥০	৫,৮১,৩০৭॥৬॥৶	১৮,২৮,৯৪৮/১৶

এ আর ইয়ং। একটিং ছোট সেক্রেটারী।

[সংবাদপত্র সেকেলের কথা। ৩ খণ্ড। ১৮৫৮]

জিলা ভুলুয়া।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা ভুলুয়ার নীচের লিখিত মহাল মালগুজারির বাকীর বাবৎ ইঙ্গরেজী সন ১৮৫৪ সনের ২৩ জুন মোতাবেক বাঙ্গলা সন ১২৬১ সনের ১০ আষাঢ় রোজ শুক্রবার ঐ জিলার কালেক্‌টরী কাছারীতে বিনা ওজর নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৫৪। তারিখ ২৬ মে।

প্রথম শ্রেণী ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৬৪ নং হুজুরি মহাল তপে রামচন্দ্রপুর তালুক হরিনারায়ণ দেও লিখিত মালিক যুগলকিশোর সেন সদর জমা ১১১৸৵৮

৩০৭ নং হুজুরি মহাল খারিজা পং বৈকুণ্ঠপুর হিস্যে ৸৵ আনা মধ্যে তালুক রামচন্দ্রদাস লিখিত মালিক পদ্মলোচন চট্টোপাধ্যায় সদর জমা ২৸৵১১

৩০৮ নং হুজুরি মহাল খারিজা পং হিস্যে ঐ মধ্যে তালুক রামমাণিক্য সেন লিখিত মালিক পদ্মলোচন চট্টোপাধ্যায় সদর জমা ৩/৩

৩১৬ নং হুজুরি মহাল খারিজা পং হিস্যে ঐ মধ্যে তালুক রামরত্ন ঘোষ লিখিত মালিক পদ্মলোচন চট্টোপাধ্যায় সদর জমা ৬॥/১

১০৫৪ নং হুজুরি মহাল পং অমরাবাদ হিস্যে ॥৵১৩।— ক্রান্ত মধ্যে তালুক আসুর মাহামুদ লিখিত মালিক দুলামিঞা নাবালগ আলী মহাফেজ শ্রীমতী আছমা বিবি সদর জমা ৬।৵৭

১১৮১ নং হুজুরি মহাল পং ঐ হিস্যে ।/৬॥= ক্রান্তির খারিজা তালুক কল্পকংস লিখিত মালিক কংস নারায়ণ কাঁসারি সদর জমা ৭৸৵৭

৬ নং ছয় মহালমাত্র।

F. B. SIMSON, *Offg. Deputy Collector.*

জিলা ঢাকা।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা ঢাকার নীচের লিখিত মহাল মালগুজারির বাকীর বাবদ ১৮৫৪ সনের ২৩ জুন মোং ১২৬১ সনের ১০ আষাঢ় শুক্রবার ঐ জেলার কালেক্‌টরির কাচারিতে বিনাওজরে নীলামে ধরা যাবেক ইতি।

প্রথম শ্রেণী। ইস্তমরারি জমা ধার্য্যহওয়া মহাল।

৫৪৭৬ নম্বর। জিলে নুরুল্যাপুর। খাং পং সুলতানপ্রতাপ। হিং ৵ আনি। তাং সেকজান। নিং খং কালীপ্রসাদ মজুমদার মালিক কালীপ্রসাদ মজুমদার সদর জমা ১/১০॥

C. TOTTENHAM, *Collector.*

জিলা বাকরগঞ্জ।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে নীচের লিখিত মহাল মালগুজারী বাকীর বাবৎ ইং ১৮৫৪ সনের ২৪ আপ্রিল মোতাবেক ১২৬১ সনের ১২ বৈশাখ রোজ সোমবার নীলাম হওয়ার খরিদার বাএনার টাকা দাখিল করিয়া ত্রিংশত্তম দিবস মধ্যে অবশিষ্ট মূল্য দাখিল না করাতে ১৮৪৫ সনের ১ আইনের ১৬ ধারার বিধানমতে খরিদারের দাখিলী বাএনা জব্দ ও মহাল মজকুর পুনর্নীলাম করা শ্রেয় হইয়া উক্ত আইনের ৬ ধারার বিধিমতে এত্তেলা দেওয়া যাইতেছে যে ইং ১৮৫৪ সনের ১৫ জুন মোং ১২৬১ সনের ২ আষাঢ় রোজ বৃহস্পতিবার মহাল মজকুর বিনা ওজরে পুনর্নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫৪ ইং তারিখ ২৬ মাই মোং ১২৬১ সন বাং তারিখ ১৪ জৈষ্ঠ।

প্রথম শ্রেণী এস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

সাবেক নম্বর ১৫১১ হাল নম্বর ১৫১০ খাং পং বোজরগোমেদপুর কালীশঙ্কর দত্ত ও গোপালকৃষ্ণ দত্ত তালুক লিখিত মালিক কালীশঙ্কর দত্ত ও গোপালকৃষ্ণ দত্ত সদর জমা কোম্পানি ১০৮ ।৵৬ পাই।

J. H. REILY, *Offg. Collector.*

জিলা ত্রিপুরা।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে জিলে ত্রিপুরার নীচের লিখিত মহাল মালগুজারির বাকীর বাবৎ ইঙ্গরেজী ১৮৫৪ সালের ২২ জুন মোতাবক বাঙ্গলা ১২৬১ সালের ৯ আষাঢ় রোজ বৃহস্পতিবার ঐ জিলার কালেক্‌টরির কাছারিতে বিনাওজরে নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৫৪ ইং তাং ২৫ মেই মোং ১২৬১ বাঙ্গলা ১৩ জ্যৈষ্ঠ।

প্রথম শ্রেণী ইস্তমরারী জমা ধার্য্যহওয়া মহাল।

১৩৮ নং পং গুণানন্দী তাং বুধা খাঁ মুং হিং ৵১৪ গণ্ডা রামেশ্বর রামকৃষ্ণ রায় মালিক দশরথ দেও সদর জমা ৫৸৵১১

১৭৬ নং পং তথা তাং রামশঙ্কর ঘোষ চাং রাজলক্ষ্মণ রায় মালিক শিবচন্দ্র দাস সদর জমা ৪ ।৵৫

৬১৬ নং পং পুরচণ্ডী তাং রুদ্ররাম শর্ম্মা মালিক শিবচন্দ্র দাস সদর জমা ৩৵১১

৬৪৭ নং তং করকাবাদ তাং আবদুল কাদির মুং হিং ৵৫ গণ্ডা কৃষ্ণ রঘুনাথ মালিক সেক আসরফ সদর জমা ৭ ।৵২

৬৭০ নং তং তথা তাং চান্দরাম গোপী মুং তাং রামলোচন চন্দ সাং মুং তাং রামচন্দ্র দত্ত ও লক্ষ্মীনারায়ণ দত্ত ও রামনারায়ণ দত্ত ও রামধন দত্ত ও কানাই ডিহিদার মালিক গোপীনাথ শাহা সদর জমা ৬ ।৭

৭১৩ নং তং তথা তাং রামগোবিন্দ চক্র মুং হিং ৵৫ কৃষ্ণ রঘুনাথ মালিক কালীশঙ্কর চক্রবর্ত্তী ওরফে কালীকৃষ্ণ চক্রবর্ত্তী সদর জমা ৮৸৵

৭৫৩ নং তং তথা তাং হরিকাশী চক্রবর্ত্তী মুং হিং ॥৵১০ আনী দুর্গা রামজয় সিংহ মালিক রাজকৃষ্ণ রাধাকান্ত সদর জমা ৫৵৯

[*Government Gazette, 6th June,* 1854.]

৮০০ নং পং বরদাখাত হিং ॥৵১৩।—ক্রান্ত মধ্যে মহাল লাখেরাজ বাজেয়াপ্তী মৌং চুয়রিয়া মালিক বিদ্যাশ্বর ভট্টাচার্য্য রবিলোচন ভট্টাচার্য্য কৃষ্ণদেব ভট্টাচার্য্য শিবচন্দ্র ভট্টাচার্য্য কুলচন্দ্র ভট্টাচার্য্য গোলোকচন্দ্র ভট্টাচার্য্য রামলোচন ভট্টাচার্য্য কালীধন শর্ম্মা হরিদেব ভট্টাচার্য্য সদর জমা ১০৸৮

৯২০ নং পং মহবতপুর তাং কেশব পুরোহিত মালিক শম্ভুনাথ চন্দ্রনাথ কমলাকান্ত শর্ম্মা গঙ্গাগোবিন্দ সদর জমা ৬৸১০

৯৩০ নং পং তথা তাং কৃষ্ণরাম পঞ্চানন মালিক দুর্গাপ্রসাদ মিশ্রি সদর জমা ১৯৪৸৵১১

৯৩৯ নং পং তথা তাং চূড়ামুক্তা শর্ম্মা মালিক শম্ভুনাথ শর্ম্মা কমলাকান্ত শর্ম্মা রামলোচন শর্ম্মা গঙ্গাগোবিন্দ শর্ম্মা চন্দ্রনাথ শর্ম্মা কৃষ্ণদাস শর্ম্মা মসুম্মাত রাজ্যেশ্বরী দেব্যা সদর জমা ৩॥৬

১৪০০ নং পং শিঙ্গেরগাও তাং করম বরমন্দীন মুং তাং জয়খন গাজী মালিক তনুলা পাটারি সদর জমা ৩॥/৭

১৪৭৪ নং পং তথা তাং ভোলাই পাল মালিক দশরথ দেও সদর জমা ৭৸/১০

ইং তারিখ ১৮৫৪।২৭ মাই।

F. B. DRUMMOND, *Collector in Charge.*

জিলা মেদিনীপুর।

ইস্তাহার।

ইহার দ্বারায় সম্বাদ দেওয়া যাইতেছে যে জেলা মেদিনীপুরের মোতালক নীচের লিখিত মহাল মালগুজারির বাকীর নিমিত্তে সন ১৮৫৪ সালের ২৬ জুন মোতাবক বাঙ্গলা সন ১২৬১ সালের ১৩ আষাঢ় মোয়াফকে আমলি সন ১২৬১ সালের ১৪ আষাঢ় রোজ সোমবার অত্র কালেক্টরি কাছারিতে বিনাওজর পুননীলাম হইবেক ইতি সন ১৮৫৪ সাল তারিখ ২ জুন মোং সন ১২৬১ সাল তারিখ ২১ জ্যৈষ্ঠ মোং সন ১২৬১ সাল তাং ২২ জ্যৈষ্ঠ।

দ্বিতীয় শ্রেণী ইস্তমোরারি জমা ধার্য্য না হওয়া মহাল।

২২৩৫ নং রেজেষ্টরি মহাল রাধাবিনোদ চক মৌং অর্জ্জুননগর পং নাড়ুয়ামুঠা মালিক রাঘবরাম ঘোষ সদর জমা ২১৸৵৬৸ পাই

G. BRIGHT, *Offg. Collector.*

জিলা রাজশাহী।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সালের ১ আইনের ১৬ ধারানুসারে জিলা রাজশাহির নীচের লিখিত মহাল লাগাএদ কিন্তু ৭ ফাল্গুণের পাওনা বাকী মালগুজারির নিমিত্তে ইংরেজি ১৮৫৪ সালের ২৩ জুন মোতাবেক ১২৬১ সনের ১০ আষাঢ় শুক্রবার দিবা দুই প্রহরের পর কালেক্টর সাহেবের কাছারিতে বিনাওজরে পুনর্ব্বার নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫৪ ইংরেজি তারিখ ৩১ মেই মোতাবক ১২৬১ বাং তাং ১৯ জ্যৈষ্ঠ।

প্রথম শ্রেণী এস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

নং ৭৭০

কৈবাঘনবা পরগনে গঙ্গারামপুর জমীদার কুঞ্জেশ্বরী চৌধুরাণী তারাসুন্দরী চৌধুরাণী রামকমল সরকার ঈশ্বরচন্দ্র চৌধুরী ও রূপমঞ্জরী চৌধুরাণী মাদর ও অলী ওরফে জগচ্চন্দ্র রামচন্দ্র নবকুমার সরকার নাবালগান সদর জমা ৩৪ ১১ পাই

E. RADCLIFFE, *Collector.*

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

সুপ্রিম কোর্ট রিশীবর আফিষ।

জমীদারী ইজারা।

শ্রীমতী চন্দ্রমনি দাসী বাদী।

জয়চন্দ্র পাল চৌধুরী প্রতিবাদী।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন হালের ১২ জুন সোমবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় সুপ্রিম কোর্টের রিশীবর শ্রীযুত মারিষ ফিট জেরেণ্ড সেনডেষ সাহেব তাঁহার আফিষে মৃত কাশীনাথ পাল চৌধুরীর ইষ্টেটের দরুণ জেলা নদীয়ার অন্তঃপাতি ডিহি চণ্ডীর মধ্যে তরফ চণ্ডী ১০ মৌজা মায় জলকর ও নিকারি মহলের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হএন ঐ সময়ে উক্ত আফিষে উপস্থিত হইবেন ইতি।

আর২ বৃত্তান্ত রিশীবর আফিষে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

কোর্ট হৌষ রিশীবর আফিষ তারিখ ২৩ মে ১৮৫৪।

সদর দেওয়ানী আদালতের মাসিক নিষ্পন্ন মোকদ্দমার ইংরাজি রিপোর্টের বঙ্গভাষায় অনুবাদ।

মেসর্স ব্রাডন কোম্পানির মুৎসুদ্দি শ্রীযুত বাবু পীতাম্বর পাইনের সহকারে কলিকাতাস্থ একাউণ্টেণ্ট আপিসের জেনেরল ডিপার্টমেণ্টের শ্রীকৃষ্ণচন্দ্র হালদার, শ্রীকালীমোহন মুখো, শ্রীপ্রসন্নচন্দ্র মুখো, শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়ের দ্বারা উক্ত বহি ১৮৫৩ সালের জানুআরি মাসহইতে পৃষ্ঠায়২ বঙ্গভাষায় অনুবাদিত হইয়া মানিক ১৲ টাকা ও বার্ষিক আগামি ৮৲ টাকা মূল্যে প্রকাশ হইবেক, প্রথম মাসের বহি মুদ্রিত হইতেছে অতএব গ্রহণেচ্ছুক মহাশয়েরা উক্ত এক স্থানে পত্র লিখিলেই গ্রন্থ পাইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৪। ৬ জুন।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

LIBRARY CALCUTTA

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 13, 1854.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৪ সাল ১৩ জুন।

DRAFT OF ACT.

ACT No. —— OF 1854.

An Act for the more easy recovery of small debts and demands in the Territories subject to the Government of the East India Company.

[Continued from page 344.]

XLIV. Every Plaintiff and Defendant in a suit under this Act, except as hereinafter provided, shall appear in person on the day specified in the writ of summons, and on every other day fixed for their appearance by the Court.

XLV. Any party to a suit may employ an authorized Pleader or Agent to conduct the case on his behalf, but the appointment of such Pleader or Agent shall not excuse the personal appearance of the Plaintiff or Defendant.

XLVI. A Plaintiff or Defendant may be excused from appearing in person if of the female sex, and of a rank and description which, according to the prejudices of the country, would render it improper to require her personal attendance in Court, if there is a Co-plaintiff who appears in person, if there is a Co-defendant defending jointly who appears in person, or if the Court shall be satisfied that there is a reasonable excuse *bonâ fide* made for the non-attendance of such party, but any such party may be compelled to attend as a witness in the suit.

XLVII. If a Plaintiff or a Defendant setting up a cross-demand against the Plaintiff be excused by the Court from personal appearance, such Plaintiff or Defendant shall appoint some person to attend the Court on his behalf, who has personal knowledge of the subject of the claim or demand, and who shall be liable to be examined and cross-examined in the same manner as the Plaintiff or Defendant would have been if he had personally attended.

আইনের মুসাবিদা।

ইঙ্গরেজী ১৮৫৪ সাল —— আক্ট।

কোম্পানি বাহাদুরের শাসিত দেশে অল্পং কর্জ ও দাওয়া আরো সহজরূপে আদায় করিবার বিষয়ি আইন।

[৩৪৪ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

৪৪ ধারা। এই আইনানুসারে মোকদ্দমার প্রত্যেক ফরিয়াদী ও আসামী, এই আইনের পশ্চাৎ নির্দ্দিষ্ট স্থলভিন্ন, সমনের পত্রেতে নির্দ্দিষ্ট দিবসে এবং তাহারদের হাজির হইবার জন্যে আদালতের নিরূপিত অন্য প্রত্যেক দিবসে স্বয়ং হাজির হইবেক ইতি।

৪৫ ধারা। মোকদ্দমার কোন পক্ষ ক্ষমতাপ্রাপ্ত উকীলকে কি মোক্তারকে আপনার পক্ষে মোকদ্দমা চালাইবার জন্যে নিযুক্ত করিতে পারে কিন্তু ঐ প্রকার উকীলকে কি মোক্তারকে নিযুক্তকরা ফরিয়াদীর কি আসামীর স্বয়ং হাজির না হইবার ওজর হইবেক না ইতি।

৪৬ ধারা। ফরিয়াদী কি আসামী স্ত্রীলোক হইলে এবং দেশের পূর্ব্ব সংস্কারমতে যে শ্রেণীর ও প্রকারের স্ত্রীলোকদিগকে আদালতে স্বয়ং উপস্থিত হইবার হুকুম করা অনুচিত হয় এমত শ্রেণীর ও প্রকারের স্ত্রীলোক হইলে যদি তাহার সঙ্গে অন্য ফরিয়াদী থাকে আর সে স্বয়ং উপস্থিত হয় কিম্বা যদি তাহার সঙ্গে জওয়াবদারী আসামী থাকে ও সে স্বয়ং উপস্থিত হয় কিম্বা যদি আদালতের হৃদ্বোধ হয় যে ঐ ব্যক্তির উপস্থিত না হইবার প্রকৃতপ্রস্তাবে উপযুক্ত ওজর আছে তবে সেই ফরিয়াদী কি আসামী স্বয়ং উপস্থিত হওনহইতে মুক্ত হইতে পারে কিন্তু মোকদ্দমার সাক্ষিস্বরূপ এমত কোন ব্যক্তিকে হাজির করাণ যাইতে পারে ইতি।

৪৭ ধারা। যদি ফরিয়াদী কিম্বা ফরিয়াদীর দাওয়ার বিপরীত দাওয়া উপস্থিতকরণিয়া আসামী আদালতকর্ত্তৃক স্বয়ং হাজির হওনহইতে মুক্ত হয় তবে ঐ ফরিয়াদী কি ঐ আসামী দাওয়ার কি পাওনার বিষয়ে যাহার নিজের জ্ঞান আছে এমত কোন ব্যক্তিকে আপনার পক্ষে আদালতে হাজির হইবার জন্যে নিযুক্ত করিবেক এবং ফরিয়াদী কি আসামী আপনি হাজির হইলে তাহার যে প্রকারে জোবানবন্দী ও জেরার জোবানবন্দী লওয়া যাইতে পারিত সেই নিযুক্ত ব্যক্তিরও সেই প্রকার

The Court may also, if it think fit, order that the party excused shall be examined in any way in which an absent witness may be examined.

XLVIII. If on any day fixed for the appearance of the Defendant, neither of the parties be in attendance, the Court shall nonsuit the Plaintiff.

XLIX. If on any day fixed for the attendance of the parties, the Defendant only shall appear and shall dispute the demand, the Court shall dismiss the case; but if in such case the Defendant shall, by himself, or by some one duly authorized on his behalf, admit the cause of action, or any part of it, the Court shall proceed to give judgment upon such admission, as if the Plaintiff had appeared.

L. If on the day appointed the Plaintiff only shall appear, the Court, upon proof that the summons has been duly served according to the provisions of this Act, or that the Defendant has come to the knowledge of such summons, shall proceed to examine the Plaintiff, and after considering the allegations of the Plaintiff and any documentary or oral evidence adduced by him, may make an *ex-parte* decree against the Defendant, or postpone the hearing of the case to a future day for the attendance of any witness the Plaintiff may wish to call.

LI. If the Defendant shall appear on any subsequent day, to which the hearing of the suit may be adjourned, he shall be heard in answer to the suit as if he had appeared on the day fixed for his attendance.

LII. If a decree shall be made *ex-parte*, and the party against whom such decree shall have been made, shall appear either in person or by Agent, if a Plaintiff, within fifteen days from the date of the Court's order, and if a Defendant, within such time as the Court shall deem reasonable under all the circumstances of the case, and shall show good and sufficient cause for his previous non-appearance, the Court may, upon such terms and conditions as it may think proper, revive the suit and rescind the decree, recording the reasons for so doing, and may also order restitution, if the decree shall have been executed; but no decree shall be reversed without previously summoning the adverse party to appear and be heard in support of it.

LIII. The Defendant, in any action under this Act, may pay into Court such sum of money as he shall think a full satisfaction for the demand of the Plaintiff, together with the costs incurred by the Plaintiff up to the time of such payment, and such sum shall be paid to the Plaintiff. If the Defendant deposit less than the sum claimed, and the Plaintiff shall elect to proceed in the case, and shall ultimately recover no further sum than shall have been paid into Court, the Plaintiff shall be charged with any costs incurred by the Defendant in the suit after such payment.

LIV. No interest shall be allowed to a Plaintiff

জোবানবন্দী লওয়া যাইতে পারিবেক। আরো আদালত উচিত বোধ করিলে হুকুম করিতে পারেন যে অনুপস্থিত সাক্ষির জোবানবন্দী যে কোন প্রকারে লওয়া যাইতে পারে সেই প্রকারে ঐ মুক্তহওয়া ব্যক্তিরও জোবানবন্দী লওয়া যায় ইতি।

৪৮ ধারা। আসামীর উপস্থিত হইবার নিরূপিত কোন দিবসে যদি উভয় পক্ষ উপস্থিত না থাকে তবে আদালত ফরিয়াদীকে ননসুট করিবেন ইতি।

৪৯ ধারা। যদি উভয় পক্ষের উপস্থিত হইবার নিরূপিত কোন দিবসে কেবল আসামী উপস্থিত হয় এবং দাওয়া অস্বীকার করে তবে আদালত মোকদ্দমা ডিসমিস করিবেন। কিন্তু যদি এমত স্থলে আসামী আপনি কিম্বা আপনার পক্ষের উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তির দ্বারা মোকদ্দমার হেতু কিম্বা তাহার কোন অংশ স্বীকার করে তবে আদালত ফরিয়াদী উপস্থিত থাকিলে যেমন করিতেন তেমনি ঐ স্বীকারমতে ডিক্রী করিবেন ইতি।

৫০ ধারা। যদি নিরূপিত দিবসে কেবল ফরিয়াদী উপস্থিত থাকে তবে এই আইনের বিধানানুসারে সমন উপযুক্তমতে জারী হইয়াছে অথবা আসামী ঐ সমনের বিষয় অবগত হইয়াছে এমত প্রমাণ হইলে আদালত ফরিয়াদীর জোবানবন্দী লইতে প্রবৃত্ত হইবেন এবং ফরিয়াদীর এজহার ও তাহার উপস্থিতকরা কোন দলীলী কি জোবানী সাক্ষ্য বিবেচনা করিলে পর আসামীর বিরুদ্ধে একতরফা ডিক্রী করিতে পারেন কিম্বা ফরিয়াদী যে কোন সাক্ষিকে তলব করিতে চাহে তাহার হাজির হইবার জন্যে অন্য কোন দিনপর্য্যন্ত মোকদ্দমার শুননির বিলম্ব করিতে পারেন ইতি।

৫১ ধারা। অন্য যে দিনপর্য্যন্ত মোকদ্দমার শুননির বিলম্ব হয় এমত কোন দিনে যদি আসামী উপস্থিত থাকে তবে তাহার উপস্থিত হইবার নিরূপিত দিনে হাজির হইলে যেমন হইত তেমনি মোকদ্দমার জওয়াবে তাহার কথা শুনা যাইবেক ইতি।

৫২ ধারা। যদি একতরফা ডিক্রী করা যায় এবং যে পক্ষের বিরুদ্ধে সেই ডিক্রী করা যায় সে ফরিয়াদী হইলে আদালতের হুকুমের তারিখের পর পনেরো দিবসের মধ্যে এবং আসামী হইলে আদালত মোকদ্দমার সকল বৃত্তান্ত বুঝিয়া যে সময় উপযুক্ত বোধ করেন সেই সময়ের মধ্যে যদি আপনি কিম্বা মোখ্তারের দ্বারা উপস্থিত হয় এবং পূর্ব্বে আপনার উপস্থিত না হইবার ভাল ও প্রচুর হেতু প্রকাশ করে তবে আদালত যে নিয়ম ও শর্ত্ত উপযুক্ত বোধ করেন সেই নিয়ম ও শর্ত্তমতে মোকদ্দমা পুনরুত্থাপন করিতে এবং ডিক্রী বাতিল করিতে পারিবেন ও তাহা করণের হেতু লিখিবেন এবং যদি ডিক্রী জারী হইয়া থাকে তবে ডিক্রীকরা টাকা ফিরিয়া দিবার হুকুম করিবেন। কিন্তু বিপক্ষ পক্ষের উপস্থিত হইবার ও ডিক্রীর পোষকতার্থে তাহার কথা শুনা যাইবার জন্যে তাহাকে পূর্ব্বে তলব না করা গেলে কোন ডিক্রী অন্যথা করা যাইবেক না ইতি।

৫৩ ধারা। এই আইনানুসারে কোন মোকদ্দমার আসামী ফরিয়াদীর দাওয়ার বাবৎ যত টাকা সম্পূর্ণ ফারখৎ জ্ঞান করে তত টাকা এবং ঐ টাকা দেওনের সময়পর্য্যন্ত ফরিয়াদীর যত খরচা লাগিয়াছে তাহা সমেত আদালতে দাখিল করিতে পারে এবং ঐ টাকা ফরিয়াদীকে দেওয়া যাইবেক। যদি আসামী দাবীর টাকাহইতে কম টাকা আমানৎ করে এবং আসামী মোকদ্দমা চালাইতে পসন্দ করে এবং যত টাকা আদালতে দাখিল করা গিয়াছে তাহার অধিক টাকা শেষে ফিরিয়া না পায় তবে ঐ টাকা দেওনের পরে মোকদ্দমাতে আসামীর যে কোন খরচা হয় তাহা ফরিয়াদীর শিরে দেনা পড়িবেক ইতি।

৫৪ ধারা। আসামী যত টাকা আদালতে দাখিল

on any sum paid by the Defendant into Court, from the date of such payment, whether such sum be in full of the Plaintiff's claim or fall short thereof.

LV. A Defendant may set off against the Plaintiff's claim, in any suit under this Act, any demand for which he might have sued the Plaintiff in the same Court, but if the demand proposed to be set off exceed the amount cognizable by the Court, the Defendant, previously to being allowed to set off the same, shall abandon the excess.

LVI. If the Defendant in any case claim to set off any demand against the claim of the Plaintiff, the Court shall find what amount is due to the Plaintiff, and what amount, if any, is due to the Defendant, and shall give judgment for the recovery of any sum which, upon such finding, shall appear due to either party.

LVII. The judgment of the Court, with respect to any demand which a Defendant may claim to set off, shall have the same effect as if such sum had been claimed by the Defendant in a separate action against the Plaintiff.

[To be continued.]

করে তাহা ফরিয়াদীর দাওয়ার সম্পূর্ণ শোধে হউক কি তাহার কম হউক ঐ টাকা দেওনের তারিখঅবধি তাহার উপর ফরিয়াদীর কোন সুদ দেওয়া যাইবেক না ইতি।

৫৫ ধারা। এই আইনানুসারে কোন মোকদ্দমাতে যদি আসামী পূর্ব্বে সেই আদালতে ফরিয়াদীর নামে কোন দাওয়ার নালিশ করিয়া থাকে তবে সেই দাওয়া ফরিয়াদীর দাওয়ার বিপরীত উপস্থিত করিতে পারে কিন্তু যে দাওয়া উপস্থিত করিতে চাহে তাহার সংখ্যা যদি ঐ আদালতের বিচার্য্য সংখ্যার অধিক হয় তবে আসামী ঐ দাওয়া উপস্থিত করিবার অনুমতি পাইবার পূর্ব্বে অতিরিক্ত টাকা ত্যাগ করিবেক ইতি।

৫৬ ধারা। যদি কোন মোকদ্দমাতে আসামী ফরিয়াদীর দাওয়ার বিপরীত কোন দাওয়া উপস্থিত করে তবে ফরিয়াদীর যাহা পাওনা আছে তাহা এবং আসামীর কিছু পাওনা হইলে যত পাওনা আছে তাহা আদালত নিরূপণ করিবেন এবং সেই নিরূপণমতে যে পক্ষের যত টাকা পাওনা দৃষ্ট হয় তাহা তাহার পাইবার ডিক্রী করিবেন ইতি।

৫৭ ধারা। আসামী যে কোন দাওয়া উপস্থিত করিবার দাওয়া রাখে তাহার টাকা ফরিয়াদীর নামে স্বতন্ত্র মোকদ্দমাতে দাওয়া করিলে আদালতের ডিক্রীর যে ফল হইত ঐ দাওয়ার বিষয়ে সেই ফল হইবেক ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 16.

To the Civil Judges in the Lower Provinces and Deputy Commissioner of Hazareebaugh.

I am directed by the Court, to forward for your information, copy of the new lists for promotion to the several grades of the Uncovenanted Judicial service, prepared under the orders of Government, so as to include only 10 Officers for promotion to the 1st grade of Moonsiffs. 8 1st grade Moonsiffs for promotion to Sudder Ameens. 5 Sudder Ameens to be Principal Sudder Ameens, and 3 Principal Sudder Ameens for promotion to the highest grade of that rank.

2. You are requested in your next Annual Report (or earlier if necessary) to state any objections that you may entertain to the position now assigned in these lists to the several Officers employed in your District, and you will also bring specially to the notice of the Court, the names of any Officers who, from their superior merits, may in your opinion be even more entitled to particular distinction and promotion than those serving under you, who are on these lists.

(Signed) C. T. BUCKLAND,
Register.

Fort William, the 28th April, 1854.

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

১৬ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব ও হাজারীবাগের শ্রীযুত ডেপুটী কমিস্যনর সাহেব বরাবরেষু।

অচিহ্নিত বিচারকতা কার্য্যের নানা শ্রেণীতে ঐ কার্য্যকারকদের উচ্চ পদপ্রাপ্তির যে নূতন তালিকা গবর্ণমেণ্টের হুকুমক্রমে প্রস্তুত করা গিয়াছে তাহার নকল সদর আদালতের হুকুমক্রমে তোমার বিজ্ঞাপনের নিমিত্তে পাঠাইতেছি। তাহা এমন প্রস্তুত করা গিয়াছে যে মুনসেফেরদের প্রথম শ্রেণীভুক্ত হওনার্থে কেবল ১০ জন কার্য্যকারকের নাম, এবং সদর আমীনের পদে ভুক্ত হইবার নিমিত্তে প্রথম শ্রেণীর ৮ জন মুনসেফের নাম, এবং প্রধান সদর আমীন হইবার নিমিত্তে ৫ জন সদর আমীনের নাম এবং প্রধান সদর আমীনের অতিউচ্চ পদে নিযুক্ত হইবার জন্যে ৩ জন প্রধান সদর আমীনের নাম লেখা গিয়াছে।

২। তোমার প্রতি আদেশ হইতেছে যে এই২ তালিকাতে তোমার জিলাতে নিযুক্ত প্রত্যেক কার্য্যকারককে যে পদ দেওয়া গিয়াছে সেই পদে তাঁহার থাকিবার বিষয়ে যদি তোমার কোন আপত্তি থাকে তবে তুমি তাহা আপনার আগামি বার্ষিক রিপোর্টে কিম্বা আবশ্যক হইলে তাহার পূর্ব্বে প্রকাশ কর। এবং তোমার অধীন যে কার্য্যকারকেরদের নাম এই তালিকাতে লেখা আছে তাঁহারদের অপেক্ষা যে কোন কার্য্যকারকেরা শ্রেষ্ঠ গুণপ্রযুক্ত তোমার বিবেচনায় বিশেষ সম্ভ্রমের ও উচ্চ পদপ্রাপণের আরো যোগ্য হন তাঁহারদের নামও তুমি বিশেষমতে সদর আদালতের গোচর করিবা।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৪ সাল ২৮ আপ্রিল।

Principal Sudder Ameens.

	Name.	District.	Date of Appointment as				Remarks.
			2d Grade Moonsiff.	1st Grade Moonsiff.	Sudder Ameen.	2d Grade Principal Sudder Ameen.	
1	Opendur Chunder Bhuttacharj, ...	Jessore, ...	... ...	8th May, 1838, ...	12th Feby., 1839,	25th Sept., 1843, ...	Promoted since the list was prepared.
2	Mahomed Sadiq, ...	Sarun, ...	... ...	Do., ...	5th Dec., 1842,	3d Sept., 1845, ...	
3	Mahomed Nazim, ...	Dacca, ...	16th Augt., 1833, ...	Do., ...	27th Oct., 1840,	14th Jany., 1846, ..	

প্রধান সদর আমীন।

	নাম	জিলা	যে তারিখে এই২ পদে নিযুক্ত হন।				মন্তব্য কথা।
			দ্বিতীয় শ্রেণীর মুনসেফ	প্রথম শ্রেণীর মুনসেফ	সদর আমীন	দ্বিতীয় শ্রেণীর প্রধান সদর আমীন	
১	উপেন্দ্রচন্দ্র ভট্টাচার্য্য ...	যশোহর	... ...	১৮৩৮ সাল ৮ মে ...	১৮৩৯ সাল ১২ ফেব্রুআরি	১৮৪৩ সাল ২৫ সেপ্টেম্বর	তালিকা প্রস্তুত হইলে পর উচ্চ পদে নিযুক্ত হন।
২	মহম্মদ সাদিক	সারণ	... ...	ঐ ...	১৮৪২। ৫ ডিসেম্বর ...	১৮৪৫। ৩ সেপ্টেম্বর	
৩	মহম্মদ নাজিম	ঢাকা	১৮৩৩ সাল ১৬ আগষ্ট ...	ঐ ...	১৮৪০। ২৭ অক্টোবর...	১৮৪৬। ১৪ জানুআরি	

Sudder Ameens.

	Name.	District.	Date of Appointment as 2d Grade Moonsiff.	1st Grade Moonsiff.	Sudder Ameen.	Remarks.
1	Naziroodeen Mahomed, ...	Malda, ...	17th December, 1841,	12th August, 1848, ...	10th May, 1850, ...	Behar—Promoted since the list was prepared.
2	Peary Mohon Banerjea, ...	Jessore, ...	18th June, 1841, ...	10th February, 1848, ...	10th May, 1850, ...	
3	Abdool Azeez, ...	West Burdwan, ...	6th June, 1834, ..	8th May, 1838, ...	10th May, 1850, ...	
4	Ithruth Hossein, ...	Dinagepore, ...	24th February, 1837, ...	3d July, 1838, ...	10th May, 1850, ...	Behar.
5	Durgapershad Ghose, ..	Hooghly, ...	8th January, 1841, ...	12th May, 1847, ...	14th January, 1852, ...	

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৪। ১৩ জুন।]

সদর আমীন।

	নাম	জিলা	যে তারিখে এই২ পদে নিযুক্ত হন।			মন্তব্য কথা।
			দ্বিতীয় শ্রেণীর মুনসেফ	প্রথম শ্রেণীর মুনসেফ	সদর আমীন	
১	নাজিরুদ্দীন মহম্মদ	মালদহ	১৮৪১ সাল ১৭ ডিসেম্বর ...	১৮৪৮ সাল ১২ আগষ্ট ...	১৮৫০ সাল ১০ মে	বেহার। তালিকা প্রস্তুত হইলে পর উচ্চ পদপ্রাপ্ত হন।
২	পেয়ারীমোহন বাঁড়ুয্যা ...	যশোহর	১৮৪১ । ১৮ জুন	১৮৪৮ । ১০ ফেব্রুআরি ...	১৮৫০ । ১০ মে	
৩	আবদুল আজিজ	পশ্চিম বর্দ্ধমান	১৮৩৪ । ৬ জুন ...	১৮৩৮ । ৮ মে	১৮৫০ । ১০ মে	
৪	ইব্রহিম হুসেন	দিনাজপুর	১৮৩৭ । ২৪ ফেব্রুআরি ...	১৮৩৮ । ৩ জুলাই ...	১৮৫০ । ১০ মে	বেহার।
৫	দুর্গাপ্রসাদ ঘোষ	হুগলী	১৮৪১ । ৮ জানুআরি ...	১৮৪৭ । ১২ মে	১৮৫২ । ১৪ জানুআরি	

1st Grade Moonsiffs.

Names.	Station.	District	Date of Appointment as 2d Grade Moonsiff.	Date of Appointment as 1st Grade Moonsiff.	Remarks.
Annundo Chunder Banerjea, ...	Comercolly, ...	Jessore, ...	20th August, 1841, ...	10th May, 1850, ...	Promoted since the list was prepared.
Juggobundoo Banerjea, ..	Pertaubpore, ...	Midnapore, ...	28th January, 1842, ...	Do., ...	Do.
Koylas Chunder Dey, ...	Noabad, ...	Jessore, ...	12th August, 1842, ..	Do., ...	
Lukheenarain Mitter, ...	Manicktollah, ...	24-Pergunnahs, ...	15th April, 1843, ..	Do., ...	
Furreedudeen, ...	Jehanabad, ...	Behar, ...	21st January, 1842, ...	14th January, 1852, ..	
T. C. Pennington, ...	Ramnuggur, ...	Purneah, ...	2d March, 1838, ...	29th May, 1852, ...	Behar.
Uly Azeem, ...	Eastern Division, ...	Patna, ...	10th June, 1842, ...	11th October, 1852, ...	
Anwar Ali, ...	Sundeep, ...	Chittagong, ...	12th November, 1847, ...	17th July, 1849, ...	

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৪। ১৩ জুন।]

প্রথম শ্রেণীর মুনসেফ।

নাম	মোকাম	জিলা	যে তারিখে এই২ পদে নিযুক্ত হন		মন্তব্য কথা
			দ্বিতীয় শ্রেণীর মুনসেফ	প্রথম শ্রেণীর মুনসেফ	
আনন্দচন্দ্র বাঁড়ুয্যা	কুমারখালী	যশোহর	১৮৪১। ২০ আগষ্ট	১৮৫০। ১০ মে	তালিকা প্রস্তুত হইলে পর উচ্চ পদপ্রাপ্ত হন।
জগবন্ধু বাঁড়ুয্যা	প্রতাপপুর	মেদিনীপুর	১৮৪২। ২৮ জানুআরি	ঐ	ঐ
কৈলাসচন্দ্র দে	নওয়াবাদ	যশোহর	১৮৪২। ১২ আগষ্ট	ঐ	
লক্ষ্মীনারায়ণ মিত্র	মাণিকতলা	চব্বিশপরগনা	১৮৪৩। ১৫ আপ্রিল	ঐ	
ফরীদুদ্দীন	জাহানাবাদ	বেহার	১৮৪২। ২১ জানুআরি	১৮৫২। ১৪ জানুআরি	
টি সি পেনিংটন সাহেব	রামনগর	পূরণিয়া	১৮৩৮। ২ মার্চ	১৮৫২। ২৯ মে	বেহার
আলী আজীম	পূর্ব্ব খণ্ড	পাটনা	১৮৪২। ১০ জুন	১৮৫২। ১১ অক্টোবর	
অম্বার আলী	সন্দীপ	চাটিগাঁ	১৮৪৭। ১২ নবেম্বর	১৮৪৯। ১৭ জুলাই	

LIBRARY CALCUTTA PUBLICA

Moonsiffs of the Ordinary Grade.

Name.	Station.	District.	Date of Appointment.	Remarks.
Hurgouree Bose, ...	Russoolgunge, ...	Sylhet, ...	19th December, 1845,... ...	Promoted since the list was prepared.
Mahomed Wallee, ...	Sudder, ...	Tipperah, ...	5th November, 1847, ...	Do.
Abdool Futteh, ...	2d Town Division, ...	Chittagong, ...	5th November, 1847, ...	Do.
Hurrochunder Chatterjea, ...	Goudwarrah, ...	Purneah, ...	17th September, 1847, ..	Do.
Mudoosoodun Ghose, ...	Nitro Konah, ...	Mymensing, ...	12th November, 1847, ...	
Ramdoolub Doss, ...	Pingnah, ...	Do., ...	18th August, 1848, ..	
Mofeezooddeen, ...	Mendegunge, ...	Backergunge, ...	28th March, 1845, ...	
Syed Ahmed Buxsh, ...	Putteeah, ...	Chittagong, ...	2d October, 1846, ...	
Nobokishto Sein, ...	Pauchpookerea, ...	Tipperah, ...	21st September, 1848, ..	
Brijonath Bose, ...	Rughoonauthpore, ...	Maunbhoom, ...	24th November, 1848, ..	

সামান্য শ্রেণীর মুনসেফ।

নাম	মোকাম	জিলা	নিযুক্ত হইবার তারিখ	মন্তব্য কথা।
হরগৌরী বসু	রসুলগঞ্জ	ছিলট	১৮৪৫ সাল ১৯ ডিসেম্বর... ...	তালিকা প্রস্তুত হইবার পর উচ্চ পদপ্রাপ্ত হন।
মহম্মদ ওলি	সদর	ত্রিপুরা	১৮৪৭। ৫ নবেম্বর	ঐ
আবদুল ফতে	নগরের দ্বিতীয় খণ্ড	চাটিগাঁ	১৮৪৭। ৫ নবেম্বর	ঐ
হরচন্দ্র চাটুয্যা	গোন্দারা	পূরণিয়া...	১৮৪৭। ১৭ সেপ্টেম্বর	ঐ
মধুসূদন ঘোষ	নেত্রকণা...	ময়মুনসিংহ	১৮৪৭। ১২ নবেম্বর	
রামদুর্লভ দাস	পিঙ্গনা	ঐ	১৮৪৮। ১৮ আগষ্ট	
মফীজুদ্দীন	মেন্দীগঞ্জ	বাকরগঞ্জ	১৮৪৫। ২৮ মার্চ...	
সৈয়দ আহমদ বক্স	পতীয়া	চাটিগাঁ	১৮৪৬। ২ অক্টোবর	
নবকৃষ্ণ সেন	পাঁচপুকুরিয়া	ত্রিপুরা	১৮৪৮। ২১ সেপ্টেম্বর	
ব্রজনাথ বসু	রঘুনাথপুর	মানভূম	১৮৪৮। ২৪ নবেম্বর।	

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 5.

To the Criminal Authorities in the Lower Provinces.

With reference to their decision in the case of Uckhai Biswass versus Ramessur Mullick and others printed at page 433 of the Nizamut Reports for March the Court notify the rescission, within their jurisdiction of Construction No. 941, dated 3rd April, 1835.

(Signed) C. T. BUCKLAND,
Register.

Fort William, the 12th May, 1854.

No. 6.

To the Sessions Judges and Magistrates in the Lower Provinces.

At the request of the Government of Bengal, the Court issue the following subsidiary orders for your guidance in the employment of the First Grade Moonsiffs who have been appointed Deputy Magistrates, with powers of an Assistant Magistrate under Regulation XIII. of 1797 and Regulation IX. of 1807.

1. Those Moonsiffs who are stationed at the head quarters of a Magistrate, or Officer exercising the full powers of a Magistrate either at a Sudder Station or at a Sub-division, will only take up those cases which may be made over to them for trial by such officers. They will not exercise their power of taking petitions under Act X. of 1854, except in the absence of the Magistrate or Officer exercising powers of a Magistrate, and under express instructions from him.

2. Those Moonsiffs whose Cutcherries are situated at the same town or village as a Police Thannah, will issue such orders as may be necessary in connection with the cases under trial before them, to the local Police Officers who are directed to obey them accordingly.

The Moonsiffs, as Deputy Magistrates, will be employed only in the adjudication of those petty cases, in which the Police are prohibited to interfere, and it will therefore be only on rare occasions that they will be brought in contact with the Police. No case of petty theft should be taken up by the Moonsiff, except under express directions from the Magistrate passed by that functionary on the report of the Police Officer. The Moonsiffs will return to the petitioners any petitions involving charges of a more grave character than those which they are competent to adjudicate.

3. The Moonsiffs whose Cutcherries are situated at the same town or village as a Police Thannah, will make use of the Thannah lock-up room for the custody of those defendants under trial before them who may be unable to furnish bail, or who may be charged with an offence not bailable. If a defendant on conviction is sentenced to imprisonment, either as the direct punishment of his offence, or in commutation for a fine which he is unable to pay,

সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত ফৌজদারীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

যে মোকদ্দমাতে অক্ষয় বিশ্বাস ফরিয়াদী ও রামেশ্বর মল্লিক ও অন্যেরা আসামী ছিল তাহাতে সদর আদালতের যে নিষ্পত্তি নিজামৎ আদালতের মার্চ মাসের রিপোর্টের ৪৩৩ পৃষ্ঠায় ছাপা হইয়াছিল তদুপলক্ষে সদর আদালতের সাহেবেরা জানাইতেছেন যে তাঁহারদের এলাকার মধ্যে ১৮৩৫ সালের ৩ আপ্রিল তারিখের ৯৪১ নম্বরী আইনের অর্থ রদ হইয়াছে।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৪ সাল ১২ মে।

৬ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সেশন জজ সাহেব ও শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেব বরাবরেষু।

প্রথম শ্রেণীর যে মুনসেফেরা ১৭৯৭ সালের ১৩ আইন এবং ১৮০৭ সালের ৯ আইনানুসারে আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটের ক্ষমতাবিশিষ্ট হইয়া ডেপুটী মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়াছেন তাঁহারদিগকে কর্ম্ম দেওনেতে তোমার উপদেশার্থে সাহায্যের নিমিত্তে নীচের লিখিত আজ্ঞা সদর আদালতের সাহেবেরা বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আদেশমতে জারী করিতেছেন।

১। সদর মোকামে কিম্বা এলাকাখণ্ডে মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতামতে কর্ম্মকারি কার্য্যকারকের সদর মোকামে যে মুনসেফেরা নিযুক্ত হন তাঁহারদের প্রতি ঐ২ কার্য্যকারককর্ত্তৃক বিচারার্থে যে মোকদ্দমা সমর্পিত হয় কেবল তাহার বিচার করিবেন। মাজিষ্ট্রেট সাহেব কিম্বা মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কর্ম্মকারি কার্য্যকারক অনুপস্থিত না হইলে ও মুনসেফেরা তাঁহার স্থানে বিশেষ আদেশ না পাইলে ১৮৫৪ সালের ১০ আইনমতে দরখাস্ত গ্রহণ করিতে আপনারদের ক্ষমতামতে কার্য্য করিবেন না।

২। যে২ নগরে কি গ্রামে পোলীসের থানা আছে তাহার মধ্যে যে২ মুনসেফের কাছারী আছে তাঁহারা আপনারদের সম্মুখে বিচারাবস্থায় থাকা মোকদ্দমা সম্পর্কীয় যে হুকুম আবশ্যক তাহা ঐ স্থানের পোলীসের আমলারদের নামে জারী করিবেন এবং তাহারদিগকে তদনুসারে সেই হুকুম মানিতে আজ্ঞা হইতেছে।

যে সকল ক্ষুদ্র মোকদ্দমায় পোলীসের হস্তক্ষেপ করার নিষেধ আছে কেবল সেই২ মোকদ্দমার বিচারেতে মুনসেফেরা ডেপুটী মাজিষ্ট্রেটস্বরূপ নিযুক্ত হইবেন। অতএব কার্য্যক্রমে কেবল কদাচিৎ পোলীসের আমলারদের সহিত তাঁহারদের সম্পর্ক হইবেক। মাজিষ্ট্রেট সাহেব পোলীসের আমলার রিপোর্টক্রমে যে বিশেষ হুকুম করেন তাহা মাজিষ্ট্রেট সাহেবের স্থানে না পাইলে মুনসেফ ক্ষুদ্র চুরীর কোন মোকদ্দমার বিচার করিবেন না। মুনসেফেরা যে নালিশের বিচার করিতে ক্ষমতাপন্ন আছেন তদপেক্ষা ভারি ভাবের নালিশ যে কোন দরখাস্তে লিপ্ত হয় তাহা মুনসেফেরা দরখাস্তকারিরদিগকে ফিরিয়া দিবেন।

৩। যে নগরে কি গ্রামে পোলীসের থানা আছে তাহার মধ্যে যে মুনসেফেরদের কাছারী থাকে তাঁহারা আপনারদের সম্মুখে বিচারার্থে উপস্থিতহওয়া যে আসামীরা জামিন দিতে না পারে তাহারদিগকে অথবা যে অপরাধের জন্যে জামিন লওয়া যায় না এমত অপরাধের নালিশগ্রস্ত আসামীদিগকে হাজতে রাখিবার জন্যে থানার কোতথানা ব্যবহার করিবেন। আসামীর দোষ সাব্যস্ত হইলে যদি তাহার অপরাধের দণ্ডস্বরূপ কিম্বা জরীমানার টাকা দিতে না পারাতে তাহার পরিবর্ত্তে তা-

he must be immediately forwarded to the *nearest Jail* to undergo his sentence ; but it is expected that the Moonsiffs will as much as possible restrict their sentences to fines proportioned to the means of the defendants in the very trifling cases that will come before them.

4. Those Moonsiffs whose Cutcherries are situated at a location not identical with a Police Thannah will for the present abstain from the exercise of their criminal powers, until the Judge and Magistrate in consultation can report to the Court whether it is desirable that the Moonsiff's Cutcherry should be removed to the site of the Thannah or vice versâ.

5. The Moonsiffs will employ their own Omlah, Nazir, and Peons in the conduct of the criminal cases before them. Their processes will issue under their signature and the seal used by them in the Civil Department.

6. They will be furnished with Registers, Printed Forms, Witness-attendance books, and stationery from the Magistrate's Office.

7. They will submit their monthly statements direct to the Magistrate of the district, forwarding at the same time the Nuthees of cases which have been decided during the month or where they are subject to the jurisdiction of two different Magistrates, they will submit separate statements, &c., according to each jurisdiction.

8. Moonsiffs empowered to receive petitions of Plaint will by the examination of the petitioner endeavor to ascertain whether there is a primâ facie case made out against the party or parties charged, he will then examine the witnesses named by the prosecutor with the view to satisfy himself that the defendants should be summoned, and after hearing all that is urged by them and their witnesses, will dispose of the case.

9. In the course of an enquiry should it appear that the result would probably involve a degree of punishment beyond that which the Moonsiff is empowered to inflict, he will at once forward the whole record to the Magistrate.

10. The Moonsiffs are enjoined to be careful in enquiring whether the petty cases before them are in any way connected with other similar or more serious charges pending trial before any other criminal authority in the district. If such should be the fact, they will immediately suspend their own proceedings and refer to the Magistrate for his orders.

11. The Moonsiffs, though superior, as Deputy Magistrates, to the Darogahs and all other Police Officers, are not to exercise any police powers, or to quit their Cutcherries for the purpose of any local enquiry, or for the prevention of affrays or other crimes. They are expected to act in friend-

হাকে কয়েদ হইবার আজ্ঞা হয় তবে সেই দণ্ড পাইবার জন্যে তাহাকে অবিলম্বে অতিনিকট জেলখানায় চালান করা যাইবেক। পরন্তু মুনসেফেরদের সম্মুখে যে অতি-ক্ষুদ্র২ মোকদ্দমা উপস্থিত হইবেক তাহাতে আসামীরদের ভাবগতিক বুঝিয়া তাহারা যেপর্য্যন্ত জরীমানা দিতে পারে মুনসেফেরা সাধ্যমতে তাহার অধিক দণ্ড করিবেন না এমত অপেক্ষা হইতেছে।

৪। যে স্থানে পোলীসের থানা নাই এমত স্থানে যে মুনসেফেরদের কাছারী আছে তাঁহারা বর্ত্তমান কালে অর্থাৎ মুনসেফের কাছারী উঠাইয়া থানা যে স্থানে আছে সেই স্থানে বসাওন কিম্বা থানা উঠাইয়া মুনসেফের কাছারী যে স্থানে আছে সেই স্থানে বসাওন উচিত কি না এই কথা যাবৎ জজ সাহেব ও মাজিষ্ট্রেট সাহেব পরামর্শ করিয়া সদর আদালতে রিপোর্ট করিতে না পারেন তাবৎ আপনারদের ফৌজদারী ক্ষমতামতে কার্য্য করিতে ক্ষান্ত থাকিবেন।

৫। মুনসেফেরা আপনারদের সম্মুখে উপস্থিতহওয়া ফৌজদারী মোকদ্দমার কার্য্যেতে আপনারদের আমলা ও নাজিরকে ও পেয়াদারদিগকে নিযুক্ত করিবেন। তাঁহারদের সকল পরওয়ানা তাঁহারদের দস্তখৎক্রমে ও দেওয়ানী সিরিশ্তায় তাঁহারা যে মোহর ব্যবহার করেন সেই মোহরক্রমে জারী করিবেন।

৬। তাঁহারা রেজিষ্টর ও ছাপাকরা পাঠ ও সাক্ষিরদের হাজিরী বহী ও কাগজ কলমাদি মাজিষ্ট্রেট সাহেবের সিরিশ্তাহইতে পাইবেন।

৭। তাঁহারা আপনারদের মাসিক কৈফিয়ৎ একেবারে জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইবেন এবং মাসের মধ্যে যে সকল মোকদ্দমা নিষ্পত্তি হইয়াছে তাহার নথীও সেই সময়ে পাঠাইবেন। অথবা যখন তাঁহারা দুই স্বতন্ত্র মাজিষ্ট্রেট সাহেবের এলাকার অধীন থাকেন তখন প্রত্যেক জনের এলাকামতে তাঁহারা পৃথক্২ কৈফিয়ৎপ্রভৃতি পাঠাইবেন।

৮। যে মুনসেফেরা নালিশের আরজী গ্রহণ করিতে ক্ষমতাপন্ন হন তাঁহারা দরখাস্তকারির বিচার করিয়া আদৌ বিবেচনায় নালিশগ্রস্ত ব্যক্তির কি ব্যক্তিরদের বিরুদ্ধে মোকদ্দমার বিষয় নিতান্ত আছে কি না ইহা নিশ্চয়রূপে জানিবার উদ্যোগ করিবেন পরে আসামীদিগকে তলবকরা উচিত কি না ইহা স্বোধমতে জানিবার অভিপ্রায়ে তিনি ফরিয়াদীর মানিত সাক্ষিরদের বিচার করিবেন। এবং আসামীরদের ও তাহারদের সাক্ষিরদের ব্যক্তকরা সকল কথা শুনিলে পর মোকদ্দমা নিষ্পত্তি করিবেন।

৯। তজবীজের সময়ে যদি দৃষ্ট হয় যে মোকদ্দমার শেষেতে মুনসেফ যেপর্য্যন্ত দণ্ড করিতে পারেন তদপেক্ষা ভারি দণ্ড হওয়ার সম্ভাবনা তবে তিনি একেবারে সমুদয় রিকার্ড মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইবেন।

১০। মুনসেফদিগকে আজ্ঞা হইতেছে যে তাঁহারদের সম্মুখে যে ক্ষুদ্র২ মোকদ্দমা উপস্থিত হয় জিলার অন্য কোন ফৌজদারী কার্য্যকারকের সম্মুখে বিচারার্থে উপস্থিতথাকা সেই প্রকারের কি তদপেক্ষা গুরুতর অভিযোগের সঙ্গে সেই২ মোকদ্দমার কোন প্রকারে সম্পর্ক আছে কি না এই বিষয় জিজ্ঞাসা করিতে মনোযোগী হন। যদি সেইরূপ হয় বটে তবে তাঁহারা তৎক্ষণে আপনারদের কার্য্যস্থগিত করিয়া মাজিষ্ট্রেট সাহেবের হুকুম পাইবার জন্যে তাঁহাকে জানাইবেন।

১১। ডেপুটী মাজিষ্ট্রেটস্বরূপ মুনসেফেরা দারোগা এবং পোলীসের অন্য সকল আমলাহইতে উচ্চ বটেন তথাপি তাঁহারদের পোলীসসম্পর্কীয় কোন ক্ষমতামতে কার্য্য করিতে হইবেক না অথবা সরেজমীনে কোন তদারক করিবার নিমিত্তে কিম্বা দাঙ্গাহঙ্গামা কি অন্য অপরাধ নিবারণ করিবার নিমিত্তে আপনারদের কাছারী

ly communication with the Police Officers; but it will be their duty in case of any gross neglect of duty or abuse of power on the part of the Police to report the circumstance to the Magistrate for such orders as he may think requisite. They are strictly prohibited from imposing fines on any Police Officers or Village Chowkeedars, except on charges under trial judicially before them.

12. The Moonsiffs are cautioned that they are to consider their Civil duties as their first and most important duty. It will not be accepted as a valid excuse for a deficient out-turn of Civil Work that the Moonsiff was engaged in criminal duties. If the number of criminal cases before a Moonsiff is so large as to interfere with his discharge of his Civil duties, he should at once report the circumstance to the Magistrate, notifying the cases of which it is most expedient to relieve him.

13. The Court on the representation of the Judge will at all times be prepared to recommend to Government to suspend the exercise of criminal powers by a Moonsiff whose Civil duties are sufficient to occupy the whole of his time.

(Signed) C. T. BUCKLAND,
Register.

Fort William, the 19th May, 1854.

ছাড়িয়া যাইতে হইবেক না। তাঁহারা পোলীসের আমলারদের সঙ্গে মিত্রভাবে কার্য্য করিবেন এমত অপেক্ষা আছে কিন্তু পোলীসের আমলারা কর্ত্তব্য কর্ম্মের কোন ভারি ত্রুটি করিলে কিম্বা তাহারদের ক্ষমতাপ্রযুক্ত অত্যাচার করিলে তদ্বিষয়ে মাজিষ্ট্রেট সাহেব যে হুকুম আবশ্যক বোধ করেন তাহা করিবার নিমিত্তে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে সেই বিষয়ের রিপোর্টকরা মুনসেফেরদের কর্ত্তব্য হইবেক। তাঁহারদের বিচারকতা পদোপলক্ষে তাঁহারদের সম্মুখে যে নালিশ বিচারার্থে উপস্থিত করা যায় তৎক্রমে যে জরীমানা করেন তদ্ভিন্ন তাঁহারদিগকে আঁটাআঁটিরূপে নিষেধ করা যাইতেছে যে তাঁহারা পোলীসের কোন আমলাদিগের কি গ্রামের চৌকীদারদিগের জরীমানা না করেন।

১২। মুনসেফেরদিগকে সতর্ক করা যাইতেছে যে তাঁহারা আপনারদের দেওয়ানী কার্য্য আপনারদের প্রধান ও অতিগুরুতর কর্ত্তব্য কর্ম্ম জ্ঞান করেন। মুনসেফেরা ফৌজদারী কর্ম্মে নিযুক্ত ছিলেন দেওয়ানী কর্ম্মের কোন ন্যূনতার জন্যে এই ওজর মাতবর ওজরস্বরূপ গ্রাহ্য হইবেক না। মুনসেফের সম্মুখে যে ফৌজদারী মোকদ্দমা উপস্থিত করা যায় তাহার সংখ্যা অত্যধিক হওয়াপ্রযুক্ত যদি তাঁহার দেওয়ানী কার্য্যনির্ব্বাহের ব্যাঘাত হয় তবে তাঁহার কর্ত্তব্য যে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে সেই বিষয়ের রিপোর্ট একেবারে করেন এবং আপনার কাছারীহইতে যে সকল মোকদ্দমা তুলিয়া লওয়া অতিউচিত তাহা জ্ঞাপন করেন।

১৩। যে মুনসেফের দেওয়ানী কার্য্য প্রচুর হওনপ্রযুক্ত তাহাতে তাঁহার সকল সময় যায় তাঁহার ফৌজদারী ক্ষমতা রহিত করিবার বিষয়ে সদর আদালতের সাহেবেরা জজ সাহেবের লিখনমতে গবর্ণমেণ্টে পরামর্শ দিতে সর্ব্বদা প্রস্তুত থাকিবেন।

সি টি বক্‌লাণ্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৪ সাল ১৯ মে।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

NOTIFICATION.

ORDER BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVE OF ABSENCE.

The 5th June, 1854.

Baboo Kedarnath Banerjee, to officiate as Sudder Moonsiff of Nuddea, during the absence on leave of the incumbent or until further orders.

C. T. BUCKLAND, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৫৪ সাল ৫ জুন।

নদীয়ার সদর মুনসেফের অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত বাবু কেদারনাথ বাঁড়ুয্যা উক্ত পদের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১২২৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ৩১ মে।

শ্রীযুত জি এফ কোবর্ণ সাহেব (Mr. G. F. Cockburn.) কলিকাতা নগর শোভা করণার্থ কমিস্যনর মহাশয়েরদের সভাপতি হইবেন।

শ্রীযুত কাপ্তান জি ফেথফুল সাহেব (Captain G. Faithful,) আরাকাণের কমিস্যনরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

নিম্নের লিখিত মহাশয়েরা নিম্নের লিখিত জিলার সাধারণ বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

দিনাজপুরে।

শ্রীযুত ডবলিউ এচ রৈলাণ্ড সাহেব (Mr. W. H. Ryland,) ও শ্রীযুত বাবু বিজয়চন্দ্র চক্রবর্ত্তী।

হাবড়ায়।

শ্রীযুত বাবু গিরীশচন্দ্র ঘোষ।

হুগুড়ায়।

শ্রীযুত জে ডবলিউ পেটর সাহেব (Mr. J. W. Payter,)

যশোহরে।

শ্রীযুত ডবলিউ সি কাষ্টলি সাহেব (Mr. W. C. Costley,)

শ্রীযুত বাবু গোপালকৃষ্ণ গুপ্ত মৌলনাথে অবৈতনিক চিকিৎসালয়ের সব-আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন।

শ্রীযুত বাবু দীননাথ ধর বারাসতের সব-আসিষ্টাণ্ট চিকিৎসক হইয়া উক্ত মোকামে অবৈতনিক ঔষধালয়ের ভারপ্রাপ্ত হইবেন।

১৮৫৪ সাল ১ জুন।

শ্রীযুত রায় হরচন্দ্র ঘোষ কলিকাতার ছোট আদালতের জজ হইবেন।

১৮৫৪ সাল ২ জুন।

শ্রীযুত কাপ্তান এচ সি জেম্‌স সাহেব (Captain H. C.

James,) ১৮৫৫ সালে পারিস নগরে যে এক মহাপ্রদর্শন হইবেক তথায় প্রেরণার্থ পরিশ্রম ও শিল্পঘটিত যন্ত্রাদি সংগ্রহ করণার্থে বাঙ্গলা দেশের সদর কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৫৪ সাল ৩০ মে।

পাটনার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত সি লিমণ্ড সাহেব (Mr. C. Limond,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

শান্তিপুরের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র ঘোষাল স্বীয় কর্ম্মোপলক্ষে তিন দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ৩১ মে।

আরাকাণের কমিস্যনর শ্রীযুত কাপ্তান এচ হপকিন্সন সাহেব (Captain H. Hopkinson,) বর্ত্তমান মাসের ৮ তারিখঅবধি চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন। ঐ তারিখে তিনি আপন কর্ম্মের ভার শ্রীযুত কাপ্তান সি শার্প সাহেবের (Captain C. Sharp,) প্রতি অর্পণ করেন।

বিজ্ঞাপন।

কটক প্রদেশে জগন্নাথের রাস্তা যে২ থানা দিয়া যায় তাহার নীচের লিখিত ফিরিস্তি এবং ঐ রাস্তায় প্রত্যেক মাজিষ্ট্রেটী ও থানার এলাকার যে সীমা তাহা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

জিলা বালেশ্বর।

থানা রাজঘাট। উত্তর সীমা সুবর্ণরেখা নদী, দক্ষিণ সীমা মৌজা নাইকুড়ি।

„ বসুতা। উত্তর সীমা নাইকুড়ির কাছে মৌজা ব্রামুণ্ডা, দক্ষিণ সীমা মৌজা হাতীমুণ্ডা।

„ বালেশ্বর। উত্তর সীমা মৌজা হাতীমুণ্ডার কাছে বেঙ্কা সাঁকো, দক্ষিণ সীমা খন্তাপাড়া।

থানা সোরো। উত্তর সীমা খন্তাপাড়া। দক্ষিণ সীমা কাঁশবাঁশ নদীর সাঁকোর মাঝখান।

„ ভদ্রক। উত্তর সীমা কাঁশবাঁশ সাঁকোর মাঝখান। দক্ষিণ সীমা বৈতরণী নদী।

জিলা কটক।

থানা যাজপুর। উত্তর সীমা বৈতরণী নদী। দক্ষিণ সীমা ধর্ম্মশালার নিকট ব্রামণী নদী।

„ এরকপুর। উত্তর সীমা ধর্ম্মশালা। দক্ষিণ সীমা বন্দালু।

„ কটক। উত্তর সীমা বন্দালু। দক্ষিণ সীমা বলবন্তের নিকট বন্দওয়ারা।

জিলা পুরী।

থানা খিপলী। উত্তর সীমা বলবন্তের নিকট বন্দওয়ারা। দক্ষিণ সীমা কঙ্গিয়া।

„ পুরী। উত্তর সীমা কঙ্গিয়া। দক্ষিণ সীমা পুরী নগর।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১২৬৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ১ জুন।

আসাম দেশের কমিস্যনর সাহেবের ছোট আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট টি লাম সাহেব শ্রীযুত কাপ্তান জে বটলার সাহেবের (Lieutenant T. Lamb, Captain J. Butler,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত নওগাঁয়ে প্রধান আসিষ্টাণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

TO STABLE KEEPERS.
NOTICE.

Sealed Tenders for the supply of Hack Horses for the use of the Post Office, will be received by the Post Master General of Bengal up to Noon, of the 15th instant.

Particulars may be obtained by personal application at the Calcutta General Post Office.

J. R. B. BENNETT, *Post Master General.*

Calcutta General Post Office, the 10th June, 1854.

আড়গড়াওয়ালারদের প্রতি।

বিজ্ঞাপন।

ডাকঘরের জন্যে বেটুয়া ঘোড়া যোগাওনের মোহরকরা প্রস্তাব বর্ত্তমান মাসের ১৫ তারিখের বেলা দুই প্রহরপর্য্যন্ত বাঙ্গলা দেশের শ্রীযুত পোষ্ট মাষ্টর জেনরল সাহেব গ্রাহ্য করিবেন।

যে কোন ব্যক্তি চাহেন তিনি কলিকাতার সাধারণ ডাকঘরে অনুসন্ধান করিলে সমস্ত বেওরা জানিতে পারিবেন।

জি আর বি বেনেট। পোষ্ট মাষ্টর জেনরল।

কলিকাতা জেনরল পোষ্ট আফিস। ১৮৫৪। ১০ জুন।

---

200 RUPEES REWARD

Will be given to the person who shall give such information as may lead to the arrest of Kewull Toorha or Kabar charged with the murder of Aunpee Koormin of Doorgapore, in Thannah Kalighat.

H. FERGUSSON, *Magistrate.*

Zillah 24-Pergunnahs, the 30th May, 1854.

Description of the Offender.

Is a resident of Gorruckpore, caste Toorha, his right eye is smaller than his left, has the scar of a recent scald of coffee (hot) as he was attached to one of the Messes of the European Privates in the Fort, from the left shoulder downwards, broad face, bears short hair on the front of his head, but long behind, and is rather inclined to be stoutish and dark complexion, aged about 40 years, was formerly a servant attached to the Gorruckpore Hospital.

H. FERGUSSON, *Magistrate.*

২০০৲ টাকা পুরস্কার।

কালীঘাট থানার দুর্গাপুর গ্রামের আনপী কুর্মীকে হত্যা করণের অভিযোগ কেবল তুরহা কি কাহারের নামে হইয়াছে অতএব তাহাকে যাহাতে গ্রেস্তার করা যায় এমত সম্বাদ যে কেহ দিতে পারে তাহাকে ঐ পুরস্কার দেওয়া যাইবেক।

এচ ফরগসন। মাজিষ্ট্রেট।

জিলা চব্বিশপরগনা। ১৮৫৪ সাল ৩০ মে।

অপরাধির চেহারা।

গোরক্ষপুর নিবাসী। জাতি তুরহা। তাহার দক্ষিণ চক্ষু বাম চক্ষুহইতে ক্ষুদ্র। কিল্লাতে ইউরোপীয় সৈন্যের-দের একত্র ভোজগৃহের চাকরহওয়াতে তপ্ত কাওয়াতে সম্প্রতিকার ফোস্কার দাগ তাহার বামস্কন্ধঅবধি আছে। মুখ চৌড়া। মস্তকের অগ্রভাগে খাটো চুল পশ্চাদ্ভাগে লম্বা চুল। কিঞ্চিৎ স্থূলাকার। কৃষ্ণবর্ণ। বয়স ন্যূনাধিক ৪০ বৎসর। পূর্ব্বে গোরক্ষপুরের হাস্পাতালে চাকর ছিল।

এচ ফরগসন। মাজিষ্ট্রেট।

---

500 RUPEES REWARD

Will be given to the person who shall give such information as may lead to the arrest of Ryekissore Shome, charged with theft of Stamp Paper valued at 482 Rs. from the Office of the Sudder Dewanny Adawlut.

H. FERGUSSON, *Offg. Magistrate.*

Zillah 24-Pergunnahs, the 23rd May, 1854.

৫০০৲ টাকা পুরস্কার।

রায়কিশোর সোমের নামে এই অভিযোগ হইয়াছে যে সেই ব্যক্তি সদর দেওয়ানী আদালতের সিরিশ্তা-হইতে ৪৮২৲ টাকা মূল্যের ইষ্টাম্প কাগজ চুরী করিয়াছে। যাহাতে তাহাকে গ্রেফ্তার করা যায় এমত সম্বাদ যে কেহ দেয় তাহাকে উক্ত পুরস্কার দেওয়া যাইবেক।

এচ ফরগসন। একটিং মাজিষ্ট্রেট।

জিলা চব্বিশপরগনা। ১৮৫৪ সাল ২৩ মে।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্তিহার।

সুপ্রিম কোর্ট।
রিসিবর আফিস।
জমীদারীদিগর ইজারা।

বজলর রহমান — বাদী।
মৌলবি মনীরুদ্দীনদিগর — প্রতিবাদী।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন হালের ২৬ জুন সোমবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত মারিস ফিট জেরেল্ড সেণ্ডেষ সাহেব তাঁহার আফিসে মৃত গোলাম হুফদারের ইষ্টেটের দরুন নীচের লিখিত জমীদারীদিগরের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন ঐ সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

১ খণ্ড।

জেলা বীরভূম মোতালক পরগনে শাহা সেলামপুর লাট মাদারি ৬ মৌজা ও পরগনে খটাঙ্গা লাট মাজিগ্রাম ৬ মৌজা ও লাট দুর্গাপুর ৩ মৌজা ও পরগনে সাবেক মৌরেশ্বর তরফ বাঁশড়া বাহাদুরগঞ্জ।

২ খণ্ড।

জেলা বর্দ্ধমান পরগনে কুতুবপুর লাট কুরুলনরুল ৩ মৌজা ও পরগনে আজমত সাহী আএমা মঙ্গল কোট ৩ মৌজা ও আএমা মাজিখাণ্ডা ও পরগনে মনোহরসাহী আএমা নারেঙ্গা ও পত্তনী তালুক লাট আনখোলা ২ মৌজা।

৩ খণ্ড।

জেলা মুরশিদাবাদ মোতালক কিসমত পরগনে কুতুবপুর ১৭ মৌজা ও ঐ পরগনার লাট হস্তিনাপুর ৬ মৌজা ও কিসমত কালিকাপুর ২ মৌজা ও কিসমত নারায়ণপুর ২ মৌজা ও পরগনে কুঙরপ্রতাব লাট কাছহা ৭ মৌজা ও পরগনে ধাওয়া কিসমত তাড়গ্রাম ও কিসমত জোতরাম ভদ্র ও পরগনে মহলন্দী কিসমত খাসপুর ৬ মৌজা ও পরগনে ভাতশালা কিসমত ইন্দীরা ২ মৌজা ও পরগনে সময়খালী লাট হাতিনগর ২ মৌজা ও পরগনে ফতেসিহ কিসমত অনন্তপুর ও কিঃ সৈএদ কুহুটীয়া ৪ মৌজা ও পরগনে চুণাখালী কিসমত বেঞ্জপাড়া রামনাথপুর ৪ মৌজা ও মৌরসী তালুক পরগনে ফতেসিহ তরফ তালিবপুর ৩ মৌজা ও ঐ তালিবপুরের মধ্যে মহল দেবোত্তর ও পরগনে ফতে-সিহ কিসমত অনন্তপুর ও ছোট আএমা ১৯ দফা কিসমত তালিবপুরের মধ্যে তাহুত ফকির মাহামুদ ও তাহুত মেছ বাহাদ্দীন ও তাহুত বরকতুল্লা ও তাহুত মএনদ্দীন ও তাহুত বদরদ্দীন ও তাহুত মুনশী এনাতুল্লা কাজি গোলাম এহিয়া ও তাহুত হানিফ মাহামুদ ও তাহুত রাহাতুল্লা ও তাহুত বাজি ছয়ফদ্দীন ও তাহুত খোনকার বদরদ্দীন ও কি-সমত শানাড়ের মধ্যে তাহুত হেদাতুল্লা ও তাহুত ছোমছল্লা ও তাহুত মহামুদ নছীর ও কিসমত কাঁদরার মধ্যে তা-হুত কলীমদ্দীন ও তাহুত বেকু সেখ ও কিসমত শালিন্দার মধ্যে তাহুত খোনকার মাহামুদ ওফা ও কিসমত তালগ্রা-মের মধ্যে তাহুত মুনশী আবদুল রেজাক ও কিসমত নওয়াপাড়ার মধ্যে তাহুত খোনকার আলাঅদ্দীন ও কিসমত কুহুটীয়ার মধ্যে সেখ পছন ও ঐ তালিবপুরের মধ্যে বাজেআপ্তী মহল ভূমি ও পুষ্করিণী এবং তালিবপুরদিগরের মধ্যে লাখেরাজ রাইয়াতী জমি।

আর২ বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

কলিকাতা কোর্ট হৌস রিসিবর আফিস তারিখ ৮ জুন ১৮৫৪ সাল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৪। ১৩ জুন।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 20, 1854.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৪ সাল ২০ জুন।

DRAFT OF ACT.

ACT No. —— OF 1854.

An Act for the more easy recovery of small debts and demands in the Territories subject to the Government of the East India Company.

[Continued from page 359.]

LVIII. If a Plaintiff shall have a demand recoverable against two or more persons jointly answerable, and one or more of such persons cannot be personally served with the summons first issued, judgment may be obtained against any person or persons who shall have been personally served with such summons, without issuing a second summons. If the first summons cannot be personally served upon any of the Defendants, judgment may in like manner be obtained against any one or more of the Defendants, upon whom a second or subsequent summons shall have been duly served.

LIX. Every such person against whom judgment shall have been obtained under the preceding Section, and who shall have satisfied the same, shall be entitled to demand and recover, under this Act, contribution from any other person jointly liable with him, in the same manner as if the judgment had been obtained against them jointly.

LX. If, after the appearance of the Defendant, a Plaintiff shall neglect to do any act necessary to the effective prosecution of a suit, the suit shall be dismissed as of course with costs, and no new suit shall lie upon the same cause of action.

LXI. If either party shall fail to produce his proofs within the time allowed him, or to take out a summons for the attendance of any witness whose attendance he may require to be enforced, the case shall be proceeded with and determined, as if such party had declined to produce any proof.

আইনের মুসাবিদা।

ইঙ্গরেজী ১৮৫৪ সাল —— আক্‌ট।

কোম্পানি বাহাদুরের শাসিত দেশে অল্প২ কর্জ্জ ও দাওয়া আরো সহজরূপে আদায় করিবার বিষয়ি আইন।

[৩৫৯ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

৫৮ ধারা। যদি ফরিয়াদীর দাওয়া দুই কি ততোধিক দায়ি ব্যক্তির স্থানে পাওয়া যাইবেক এবং প্রথম যে সমন বাহির হয় তাহা ঐ ব্যক্তিরদের মধ্যে এক কি ততোধিক জনের উপর জারী হইতে পারিল না তবে দ্বিতীয় সমন বাহির না করিয়া ঐ সমন যে কোন ব্যক্তির কি ব্যক্তিরদের উপর জারী হইয়াছিল তাহারদের বিরুদ্ধে ডিক্রী পাওয়া যাইতে পারে। যদি প্রথম সমন আসামীরদের কোন ব্যক্তির উপর জারী হইতে পারে নাই তবে দ্বিতীয় সমন কি তাহার পর বাহিরহওয়া সমন আসামীরদের যে এক কি ততোধিক জনের উপর উপযুক্তমতে জারী হয় তাহার কি তাহারদের বিরুদ্ধে সেইপ্রকারে ডিক্রী পাওয়া যাইতে পারে ইতি।

৫৯ ধারা। যাহার বিরুদ্ধে পূর্ব্বের ধারামতে ডিক্রী পাওয়া যায় এইরূপ যে প্রত্যেক ব্যক্তি ডিক্রীর মতাচরণ করিয়া থাকে সেই ব্যক্তি আপনার সঙ্গে অন্য যে কোন ব্যক্তি সাধারণে দায়ী আছে তাহার স্থানে, ডিক্রী তাহারদের বিরুদ্ধে সাধারণমতে পাওয়া গেলে যেপ্রকার করিতে পারিত সেইপ্রকারে, এই আইনানুসারে ঐ দেনার অংশ দাওয়া করিতে ও পাইতে পারিবেক ইতি।

৬০ ধারা। আসামী হাজির হইলে পর যদি ফরিয়াদী মোকদ্দমা সফলরূপে চালাইবার বিষয়ের আবশ্যক কোন কর্ম্ম করিতে ত্রুটি করে তবে মোকদ্দমা কাযে২ খরচা সমেত ডিসমিস হইবেক এবং নালিশের ঐ হেতুর উপর কোন নূতন মোকদ্দমা হইতে পারিবেক না ইতি।

৬১ ধারা। যদি কোন পক্ষ অনুমতিদেওয়া মিয়াদের মধ্যে আপনার প্রমাণ উপস্থিত করিতে ত্রুটি করে কিম্বা যে কোন সাক্ষিকে নিতান্ত হাজির করাইতে চাহে এমত কোন সাক্ষির হাজির হইবার সমন বাহির করিতে ত্রুটি করে তবে ঐ পক্ষ কোন প্রমাণ উপস্থিত করিতে নারাজ হইলে যেরূপ হইত সেইরূপে ঐ মোকদ্দমা চালান যাইবেক ও নিষ্পত্তি হইবেক ইতি।

LXII. The Court may, in any case, make orders for granting time to the Plaintiff or Defendant to proceed in the prosecution or defence of a suit, and may also from time to time adjourn the hearing or further hearing of any case, in such manner as to it may seem fit.

LXIII. On the day fixed for the trial of a suit, or as soon after as the business before the Court will admit, the witnesses shall be examined, and the substance of the evidence of each witness shall be reduced to writing in the form of a narrative, in the presence, and under the personal superintendence of the Judge, and each party may cross-examine any witness produced by the opposite party.

LXIV. The Court, after considering the arguments and evidence, shall pronounce judgment in open Court; such judgment shall be reduced to writing before it is delivered in the vernacular language of the Judge; and if such vernacular shall not be the same as the language used in the Court, the Court, at the request of any of the parties, shall cause the decision to be translated into such last-mentioned language, and such translation shall be filed with the record.

LXV. The judgment shall state briefly the reasons upon which it is founded, the relief granted, and if the award be for the delivery of personal property, the amount of money to be paid as an alternative, if delivery cannot be had, the amount of costs incurred in the suit, and by what parties and in what proportions they are to be paid.

LXVI. The decision shall be signed by the Judge and dated on the day upon which it is pronounced, and shall contain an order for immediate execution, unless the Court shall see fit to provide for the payment by instalments of any sum adjudged.

LXVII. If any person entitled to plead in any of the Courts of the East India Company shall appear on behalf of any party to a suit, instituted under this Act, the Court, if it consider the case a fit one for the employment of a Pleader, may charge the losing party as part of the costs of suit, with a sum not exceeding five per cent. upon the amount of the claim, on account of the fee of such Pleader, but no fee for any Pleader or Agent shall be charged as part of the costs of suit in any other case.

LXVIII. Interest may be awarded upon debts or other demands, at the rate which the parties may have agreed upon in writing; and where no such agreement exists, at the rate of six per cent. per annum.

LXIX. In a suit for damages for breach of contract, if it shall be made to appear that the contract may be performed without prejudice to the Plaintiff, and that the Defendant is able to perform it, the Court may direct the specific performance of the contract within a time to be fixed by the Court, or as an alternative, that the Defendant shall pay the amount of damages awarded.

৬২ ধারা। আদালত কোন মোকদ্দমায় ফরিয়াদী অথবা আসামীকে ঐ মোকদ্দমা চালাইবার কি জওয়াব দিবার জন্যে অধিক সময় দেওনের হুকুম করিতে পারেন এবং সময়ে২ তাঁহার যেমত উচিত বোধ হয় সেইমতে কোন মোকদ্দমার শুননি বা পুনশ্চ শুননি অন্য দিবসপর্য্যন্ত স্থগিত রাখিতে পারেন ইতি।

৬৩ ধারা। মোকদ্দমার বিচারের নিরূপিত দিবসে কিম্বা আদালতে উপস্থিত কর্ম্ম বুঝিয়া তাহার পর যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র সাক্ষিরদিগের জোবানবন্দী লওয়া যাইবেক এবং প্রত্যেক সাক্ষির সাক্ষ্যের মর্ম্ম বিচারকর্ত্তার সম্মুখে এবং তাঁহার নিজ তত্ত্বাধীনে বিবরণের পাঠে লেখা যাইবেক এবং এক পক্ষ বিপরীত পক্ষের উপস্থিতকরা কোন সাক্ষির জেরার জোবানবন্দী লইতে পারে ইতি।

৬৪ ধারা। আদালত তর্কবিতর্ক ও সাক্ষ্য বিবেচনা করিলে পর খোলা কাছারীতে ডিক্রী প্রকাশ করিবেন, ঐ ডিক্রী প্রকাশ করণের পূর্ব্বে বিচারকর্ত্তার নিজ ভাষায় লেখা যাইবেক। এবং যদি তাঁহার ঐ নিজ ভাষা আদালতের চলন ভাষা না হয় তবে আদালত কোন পক্ষের প্রার্থনামতে ঐ নিষ্পত্তি শেষোক্ত ভাষাতে তরজমা করাইবেন এবং ঐ তরজমা রোয়দাদের সঙ্গে নথীর শামিল করা যাইবেক ইতি।

৬৫ ধারা। ডিক্রীর মধ্যে ঐ ডিক্রী যে হেতুমূলক হয় এবং তদ্দ্বারা যে উপকার করা গিয়াছে এবং যদি অস্থাবর সম্পত্তি দিবার ডিক্রী হয় তবে দেওয়া যাইতে না পারিলে তাহার পরিবর্ত্তে যত টাকা দিতে হইবেক এবং মোকদ্দমার যত টাকা খরচা হইয়াছে এবং কোন্ পক্ষের দ্বারা ও কি হারে খরচা দেওয়া যাইবেক এই সকল কথা সংক্ষেপরূপে লেখা থাকিবেক ইতি।

৬৬ ধারা। বিচারকর্ত্তা ডিক্রীতে দস্তখৎ করিবেন এবং ডিক্রী যে দিনে করা যায় সেই দিনের তারিখ তাহাতে লেখা থাকিবেক এবং যদি ডিক্রীকরা কোন টাকার কিস্তীক্রমে পরিশোধের নিয়মকরা আদালত উচিত বোধ না করেন তবে ঐ ডিক্রীর অবিলম্বে জারীহওয়ার হুকুমও তাহাতে থাকিবেক ইতি।

৬৭ ধারা। কোম্পানি বাহাদুরের কোন আদালতে সওয়ালজওয়াব করিবার ক্ষমতাপন্ন কোন ব্যক্তি যদি এই আইনানুসারে উপস্থিতকরা মোকদ্দমার কোন পক্ষে উপস্থিত হন তবে আদালত ঐ মোকদ্দমা উকীল নিযুক্ত করিবার উপযুক্ত মোকদ্দমা জ্ঞান করিলে যে পক্ষ পরাজিত হয় তাহার প্রতি দাওয়া করা মোট টাকার উপর শতকরা ৫৲ টাকার অনধিক টাকা ঐ উকীলের রসুমের বাবৎ খরচার অংশস্বরূপ দিবার হুকুম করিবেন। কিন্তু অন্য কোন মোকদ্দমায় কোন উকীল কি মোক্তারের নিমিত্তে কোন রসুম মোকদ্দমার খরচার অংশস্বরূপ দেনা হইবেক না ইতি।

৬৮ ধারা। কর্জের কি অন্য দাওয়ার যে সুদের বিষয়ে উভয় পক্ষের নিয়মপত্র হইয়াছে ঐ নিয়মক্রমে সেই সুদের ডিক্রী হইতে পারিবেক এবং যে স্থলে এমত কোন নিয়ম না থাকে সেই স্থলে সালিয়ানা শতকরা ৬৲ টাকার হিসাবে সুদের ডিক্রী হইতে পারিবেক ইতি।

৬৯ ধারা। চুক্তিভঙ্গনের খেসারতের মোকদ্দমায় যদি দেখান যায় যে ফরিয়াদীর বিনাক্ষতিতে ঐ চুক্তির কর্ম্ম নির্ব্বাহ হইতে পারে এবং আসামী তাহা নির্ব্বাহ করিতে পারে তবে আদালত সময় নিরূপণ করিয়া হুকুম করিতে পারেন যে ঐ সময়ের মধ্যে চুক্তির নির্দ্দিষ্ট কর্ম্ম নির্ব্বাহ করা যায় অথবা তাহার পরিবর্ত্তে আসামী ডিক্রীকরা খেসারতের টাকা দেয় ইতি।

LXX. If the case is settled by compromise before the day fixed in the summons for the appearance of the Defendant, the Plaintiff shall be entitled to receive back the entire amount of the stamp duty paid on the plaint.

LXXI. If the adjustment be such as to require a decree to pass, on which process of execution can be taken out, the Plaintiff shall not be entitled to a refund of the stamp duty.

LXXII. The Court may, in any case, with the consent of both parties to the suit, order the same to be referred to arbitration, in such manner and on such terms as it shall consider reasonable and just.

LXXIII. Such reference shall not be revocable unless by consent of the parties, and the award of the arbitrator or arbitrators shall be entered as the judgment in the cause, and shall be as binding and effectual to all intents as if given by the Court.

LXXIV. An award of arbitration, made under the preceding Section, shall not be set aside, unless on proof that it was procured by corruption or fraud, or that the arbitrators had been guilty of misconduct, by which the rights of either party were injuriously affected.

LXXV. An application to set aside an award of arbitration, on any of the grounds contained in the preceding Section, shall not be received, unless presented within a week from the date on which judgment was entered upon the award, and if admitted, and the objection to the award be established to the satisfaction of the Court, the Court shall vacate the award and may proceed to dispose of the case as if no such reference had been made.

LXXVI. Insolent or disrespectful behaviour towards any Judge while sitting in Court, or any other conduct within the hearing or view of a Judge sitting in Court, tending to interrupt the due course of business, shall be deemed a contempt of the authority of the Court, and shall be punishable by fine not exceeding Ten Rupees, commutable to imprisonment at the public expense in the Civil Gaol for a period not exceeding seven days.

LXXVII. The order of the Court shall, in such case, state the facts constituting the contempt.

LXXVIII. The Court, or any Court to which any process may be sent for service or execution, may hear and determine cases of resistance of its process occurring within its own jurisdiction, unattended with personal violence, and on proof of the offence may convict the offender and adjudge him to pay a fine not exceeding Ten Rupees, and in default of payment to be imprisoned for any period not exceeding thirty days in the Civil Gaol at the public expense. If the resistance of process be attended with personal violence, or other aggravating circumstances, the case may be referred by the Court to the Magistrate of the District, who shall proceed upon such reference under the Rules in force.

LXXIX. The Court, on the statement on oath

৭০ ধারা। আসামীর উপস্থিত হইবার জন্যে সমনে যে দিন নিরূপণ হয় তাহার পূর্ব্বে যদি আপোসে মোকদ্দমার রফা হয় তবে ফরিয়াদী আরজীর যে ইষ্টাম্পের মাসুল দিয়াছিল তাহা সমুদয় ফিরিয়া পাইতে পারিবেক ইতি।

৭১ ধারা। যদি রফা এমত হয় যে ডিক্রী হইবার প্রয়োজন থাকে এবং ঐ ডিক্রীজারীর পরওয়ানা বাহির করা যাইতে পারে তবে ফরিয়াদীর ইষ্টাম্পের মাসুল ফিরিয়া পাইবার স্বত্ব থাকিবেক না ইতি।

৭২ ধারা। আদালত কোন স্থলে মোকদ্দমার উভয় পক্ষের সম্মতিক্রমে যে প্রকারে ও যে নিয়মমতে যথার্থ ও উপযুক্ত জ্ঞান করেন সেই প্রকারে ও সেই নিয়মমতে ঐ মোকদ্দমা সালিসীতে অর্পণ করিতে পারেন ইতি।

৭৩ ধারা। উভয় পক্ষের সম্মতি না হইলে সালিসীতে ঐ প্রকার অর্পণ অন্যথা হইবেক না এবং সালিসের কি সালিসেরদের ফয়সলা মোকদ্দমার ডিক্রীস্বরূপ লেখা যাইবেক এবং আদালতে ডিক্রীর তুল্য সর্ব্বতোভাবে মান্য ও ফলজনক হইবেক ইতি।

৭৪ ধারা। পূর্ব্বের ধারামতে যে সালিসী ফয়সলা হয় তাহা রেশ্বৎ কি প্রবঞ্চনাতে পাওয়া গিয়াছে অথবা কোন পক্ষের যাহাতে স্বত্বের হানি হইয়াছে সালিসেরা এমত কোন অসদাচারের অপরাধী হইয়াছেন এমত প্রমাণ যদি না হয় তবে ঐ ফয়সলার অন্যথা হইবেক না ইতি।

৭৫ ধারা। উক্ত ৭৪ ধারার লিখিত কোন হেতুতে সালিসী ফয়সলা অন্যথা করিবার দরখাস্ত হইলে যে তারিখে ফয়সলামতে ডিক্রী লেখা গিয়াছিল সেই তারিখঅবধি এক সপ্তাহের মধ্যে দরখাস্ত না হইলে গ্রাহ্য হইবেক না। এবং যদি গ্রাহ্য হয় এবং ফয়সলার বিষয়ি আপত্তি আদালতের সন্তোষমতে সাব্যস্ত হয় তবে ঐ আদালত ঐ ফয়সলা বাতিল করিবেন এবং সেই প্রকার সালিসীতে অর্পণ না হওয়ার মত মোকদ্দমা নিষ্পত্তি করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

৭৬ ধারা। আদালতে উপবিষ্ট কোন বিচারকর্ত্তার প্রতি তুচ্ছ তাচ্ছল্যের কি অসম্মানের কার্য্য অথবা আদালতে উপবিষ্ট বিচারকর্ত্তার কর্ণ কি চক্ষুর গোচরে যাহাতে দাঁড়ামতে কর্ম্ম চলনের বাধা হয় এইমত অন্য কোন কার্য্য আদালতের ক্ষমতার অবজ্ঞা জ্ঞান হইবেক এবং তাহার জন্যে দশ টাকার অনধিক জরীমানা হইতে পারিবেক কিম্বা তাহার পরিবর্ত্তে সরকারের খরচে সাত দিনের অনধিক কাল দেওয়ানী জেলখানায় কয়েদের দণ্ড হইতে পারিবেক ইতি।

৭৭ ধারা। এইমত স্থলে যে কার্য্যেতে অবজ্ঞা হইয়াছে তাহা আদালতের হুকুমেতে লেখা থাকিবেক ইতি।

৭৮ ধারা। ঐ আদালত কিম্বা যে কোন আদালতে কোন পরওয়ানা জারী হওনের কি তাহার মতাচরণ করণের নিমিত্তে পাঠান যায় সেই আদালত আপন এলাকার মধ্যে পরওয়ানার যে বাধকতাকরণের সঙ্গে ব্যক্তির প্রতি অত্যাচার না হয় এমত বাধকতাকরণের মোকদ্দমা শুনিয়া নিষ্পত্তি করিতে পারেন এবং অপরাধ প্রমাণ হইলে অপরাধির দোষ প্রকাশ করিয়া তাহার দশ টাকার অনধিক জরীমানা দিবার হুকুম করিতে পারেন এবং ঐ টাকা না দেওয়া গেলে সরকারী খরচে ত্রিশ দিনের অনধিক কোন মিয়াদে তাহার কয়েদ হইবার হুকুম করিতে পারেন। যদি পরওয়ানার বাধকতা করণের সঙ্গে ব্যক্তির প্রতি অত্যাচার কিম্বা অন্য যে দুষক্রিয়াতে অপরাধ গুরুতর হয় এমত দুষক্রিয়া হইয়া থাকে তবে আদালত ঐ মোকদ্দমা জিলার মাজিষ্ট্রেট সাহেবের প্রতি অর্পণ করিতে পারেন এবং ঐ প্রকার অর্পণ করিলে তিনি চলিত বিধির মতে কার্য্য করিবেন ইতি।

৭৯ ধারা। পরওয়ানা জারীকরণের কার্য্যেতে যে

of any peon or other officer resisted in the execution of the process, may summon the person accused to answer the charge; and on the failure of such person to attend, the Court, if satisfied of the service of the summons, or that due diligence has been used to serve it, may issue a warrant for the apprehension of the accused.

LXXX. Where one or more of several Plaintiffs or Defendants shall die before judgment, the suit shall not abate, if the cause of action survive to or against the surviving parties.

LXXXI. Where one or more of several Plaintiffs or Defendants shall die after judgment, proceedings thereon may be taken by the survivor or survivors, or against the survivor or survivors.

LXXXII. Where the Plaintiff has become bankrupt or insolvent before judgment, the Court may proceed to judgment at the instance of the Assignee in the name of the Plaintiff.

LXXXIII. In suits instituted under this Act, no stamp duty shall be levied or required in respect of any petition or other proceeding connected with the suit, or with the execution of any order or judgment passed therein, or for copies of any papers, other than the stamp duty hereinbefore required on the petition of plaint.

LXXXIV. No suit instituted under this Act shall be dismissed on the ground of defect of parties, of misjoinder of persons or claims, of improper valuation of a claim, or of any other defect, error or irregularity, if it shall appear to the Court that such defect of parties, misjoinder, improper valuation, error, defect or irregularity was not wilful, or for the purpose of obtaining any undue advantage, and that an amendment may be made without injustice to any person; and the Court may, for the purpose of correcting any error or defect, direct such amendment to be made as may be necessary, and upon such terms as it may deem proper.

LXXXV. If at the time of the summary inquiry into the plaint, under Section XVIII. of this Act, or at any subsequent stage of the suit, any question of law or usage having the force of law or the construction of a document affecting the decision of the case may arise, on which the Court may entertain reasonable doubts, or which it may be requested by either party to reserve for the opinion of the Sudder Court, the Court may draw up a statement of the case, and submit it with its own opinion for the decision of the Sudder Court.

LXXXVI. If the Court refuse the application of any of the parties to a suit for a reference to the Sudder Court, it shall make a note on the record of the objections of such party.

LXXXVII. If a case be stated upon the sum-

কোন পেয়াদার কি অন্য আমলার বাধকতা হইয়াছে তাহার শপথপূর্ব্বক এজহারক্রমে আদালত নালিশগ্রস্ত ব্যক্তিকে নালিশের জওয়াব দিতে সমন করিতে পারেন এবং সেই ব্যক্তি যদি হাজির না হয় এবং সমন জারী হইয়াছে কিম্বা তাহা জারী করণের বিষয়ে উপযুক্তমতে যত্ন হইয়াছে ইহা আদালত সুবোধমতে জানেন তবে আদালত নালিশগ্রস্তব্যক্তির গ্রেস্তারী পরওয়ানা জারী করিবেন ইতি।

৮০ ধারা। যদি অনেক ফরিয়াদী কি আসামীর মধ্যে এক কি ততোধিক জন ডিক্রী হইবার পূর্ব্বে মরে তবে যে ব্যক্তিরা জীবৎ থাকে তাহারদের পক্ষে কি বিপক্ষে মোকদ্দমার হেতু খাটিলে ঐ মোকদ্দমা রহিত হইবেক না ইতি।

৮১ ধারা। যদি অনেক ফরিয়াদীর কি আসামীর এক কি ততোধিক জন ডিক্রী হওনের পরে মরে তবে জীবৎ থাকা ব্যক্তি কি ব্যক্তিরদের দ্বারা কিম্বা জীবৎ থাকা ব্যক্তি কি ব্যক্তিদিগের বিরুদ্ধে ডিক্রীমতে কার্য্য চালান যাইতে পারিবেক ইতি।

৮২ ধারা। যদি ডিক্রীহওনের পূর্ব্বে ফরিয়াদী দেউলিয়া কি যোত্রহীন হয় তবে আদালত ফরিয়াদীর নামে আসৈনির প্রার্থনামতে ডিক্রীপর্য্যন্ত কার্য্য চালাইতে পারেন ইতি।

৮৩ ধারা। এই আইনানুসারে উপস্থিতহওয়া মোকদ্দমায় পূর্ব্বের লিখিতমতে নালিশের আরজীর যে ইষ্টাম্পের মাসুলের প্রয়োজন হয় তদ্ভিন্ন মোকদ্দমার কিম্বা তাহাতে হওয়া কোন হুকুম কি ডিক্রী জারীর সম্পর্কীয় কোন দরখাস্ত কি অন্য কুবকারীর জন্যে অথবা কোন কাগজের নকলের জন্যে কোন ইষ্টাম্পের মাসুল আদায় হইবেক না কি দিবার হুকুম হইবেক না ইতি।

৮৪ ধারা। যদি এই আইনানুসারে উপস্থিতহওয়া কোন মোকদ্দমাতে উভয় পক্ষের সকল ব্যক্তির নাম না দেওয়া যায় কিম্বা ব্যক্তিরদের কি দাওয়ার অনুপযুক্তমতে সংযোগ হয় অথবা দাওয়ার অনুচিত মূল্য ধরা যায় কিম্বা অন্য কোন ত্রুটি কি চুক বা বেদাঁড়ার কার্য্য হয় এবং আদালত বোধ করেন যে মোকদ্দমাতে উভয় পক্ষের সকল ব্যক্তির নাম না দেওন কি অনুপযুক্তমতে ঐ সংযোগ করণ কি অনুচিত মূল্য ধরণ কি চুক বা ত্রুটি কি বেদাঁড়া জানিয়া শুনিয়া হয় নাই কিম্বা অনুপযুক্তমতে কোন লভ্য প্রাপণের অভিপ্রায়ে হয় নাই এবং কোন ব্যক্তির প্রতি অন্যায় না হইয়া সংশোধন করা যাইতে পারে তবে সেই২ হেতুতে মোকদ্দমা ডিসমিস হইবেক না। এবং আদালত উক্ত প্রকার কোন চুক কি ত্রুটি শুধরণের জন্যে যে প্রকার সংশোধন করা আবশ্যক সেই প্রকার সংশোধন যে নিয়ম উচিত বোধ করেন সেই নিয়মমতে হইবার হুকুম করিতে পারেন ইতি।

৮৫ ধারা। যদি এই আইনের ১৮ ধারাক্রমে নালিশী আরজীর সরাসরী তদারক হওনের সময়ে কিম্বা তাহার পর মোকদ্দমা চলনের কোন সময়ে যাহাতে মোকদ্দমার ডিক্রীর ক্ষতিবৃদ্ধি হয় এমত কোন আইনের কিম্বা আইনের তুল্য বলবৎ দাঁড়ার কি দলীলের যে অর্থ করা যায় তদ্বিষয়ের কোন জিজ্ঞাসা উঠে এবং তদ্বিষয়ে আদালতের উপযুক্তমতে সন্দেহ হইতে পারে অথবা তদ্বিষয় কোন পক্ষ সদর আদালতের মত জানিবার জন্যে রাখা যায় প্রার্থনা করে তবে আদালত সেই মোকদ্দমার বিবরণ ও আপনার মত লিখিয়া তাহা সদর আদালতের নিষ্পত্তির জন্যে পাঠাইবেন ইতি।

৮৬ ধারা। যদি আদালত সদর আদালতে অর্পণ হইবার বিষয়ে মোকদ্দমার কোন পক্ষের দরখাস্ত অগ্রাহ্য করেন তবে রোয়দাদের মধ্যে ঐ পক্ষের আপত্তি টুকিয়া রাখিবেন ইতি।

৮৭ ধারা। এই আইনের ১৮ ধারানুসারে নালিশী

mary inquiry into the plaint, under Section XVIII. of this Act, and before the issue of a summons to the Defendant, notice of such reference to the Sudder Court shall forthwith be given to the Defendant.

LXXXVIII. The Court may proceed in the case notwithstanding such reference, but shall suspend execution of any decree which it may pass, until the receipt of the orders of the Sudder Court on the point referred to that Court.

LXXXIX. Cases referred for the opinion of the Sudder Court shall be dealt with by that Court as admitted special appeals, and shall be referred for the decision of a full bench of the Court.

XC. The Sudder Court shall fix an early day for the hearing of the case, without reference to its number on the file, and shall notify the same by a proclamation to be fixed up in the Court House of that Court.

XCI. The parties to the case may appear, and be heard by vakeel in the Sudder Court.

XCII. The Sudder Court, when it has heard and considered the case, shall transmit a copy of its judgment under the seal of the Court and the signature of the Register of the Court, to the Court by which the reference was made, and such Court shall, on the receipt thereof, proceed to dispose of the case conformably to the decision of the Sudder Court.

XCIII. Any costs incurred by the parties, or either of them, consequent on the reference of the case for the opinion of the Sudder Court, may form part of the costs of suit, and shall be charged as that Court may direct.

XCIV. Process of execution in the forms contained in Appendix F. or G., or to the like effect, shall be directed to the Nazir of the Court, and shall order him to recover the amount specified in the process, by taking in execution the person of the party against whom judgment shall be given, or by levying, or causing the amount to be levied by distress and sale of any moveable property of such person, which shall be described in a Schedule to be furnished by the judgment creditor under his signature, wheresoever such property may be found within the jurisdiction of the Court, but process shall not be issued simultaneously against the person and property of a judgment debtor.

XCV. If the Court shall award payment of any sum of money by instalments, and default be made in payment of any instalment as it falls due, execution shall issue upon the application of the judgment creditor for the full amount of all the instalments remaining unpaid.

XCVI. Execution on a judgment shall not issue against the heir or other representative of a deceased party, without notice to such heir or other representative to appear and be heard.

XCVII. Processes of execution shall bear date on the day on which they are signed by the Court,

আরজীর সরাসরী তদারক হইলে এবং আসামীর নামে সমন জারী হইবার পূর্ব্বে যদি সেই মোকদ্দমার বিবরণ সদর আদালতে অর্পণ করা যায় তবে ঐ প্রকার অর্পণ করণের এত্তেলা অগৌণে আসামীকে দেওয়া যাইবেক ইতি।

৮৮ ধারা। ঐ প্রকার অর্পণ হইলেও আদালত মোকদ্দমার কার্য্য চালাইতে পারেন কিন্তু সদর আদালতে যে বিষয় অর্পণ করা গিয়াছিল তদ্বিষয়ে ঐ আদালতের হুকুম না পাওনপর্য্যন্ত যে কোন ডিক্রী করিয়া থাকেন তাহা জারী করা স্থগিত রাখিবেন ইতি।

৮৯ ধারা। সদর আদালতের মত জানিবার জন্যে যে কোন মোকদ্দমা অর্পণ করা যায় তাহা লইয়া ঐ আদালত গ্রাহ্যহওয়া খাস আপীলের মতে করিবেন এবং সেই বিষয় আদালতের সম্পূর্ণ বৈঠকে নিষ্পত্তির নিমিত্তে অর্পিত হইবেক ইতি।

৯০ ধারা। সদর আদালত নথীতে মোকদ্দমার নম্বর না দেখিয়া ঐ মোকদ্দমা শুনিবার জন্যে নিকটের এক দিন নিরূপণ করিবেন এবং ঐ আদালতের আদালত ঘরে এক ইশ্‌তিহারনামা লট্‌কাইয়া জানাইবেন ইতি।

৯১ ধারা। মোকদ্দমার উভয় পক্ষ সদর আদালতে উপস্থিত হইতে পারিবেক এবং উকীলের দ্বারা তাহারদের কথা শুনা যাইতে পারিবেক ইতি।

৯২ ধারা। সদর আদালত ঐ মোকদ্দমা শুনিয়া বিবেচনা করিলে পর আপন নিষ্পত্তির এক নকল আদালতের মোহর এবং আদালতের রেজিষ্টর সাহেবের দস্তখতে যে আদালতহইতে অর্পণ করা যায় সেই আদালতে পাঠাইবেন এবং ঐ আদালত তাহা পাইয়া সদর আদালতের মতানুসারে মোকদ্দমা নিষ্পত্তি করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

৯৩ ধারা। সদর আদালতের মত জানিবার জন্যে মোকদ্দমা অর্পণ করণপ্রযুক্ত উভয় পক্ষের কিম্বা কোন পক্ষের যে কিছু খরচ হয় তাহা মোকদ্দমার খরচার এক অংশ হইতে পারিবেক এবং সদর আদালত যেরূপ হুকুম করেন সেইরূপ তাহার দেনা হইবেক ইতি।

৯৪ ধারা। ডিক্রী জারীর পরওয়ানা F কি G চিহ্নিত আপেণ্ডিক্সের পাঠানুসারে কি তাহার মর্ম্মানুসারে আদালতের নাজিরের নামে লেখা যাইবেক তাহাতে তাঁহার প্রতি হুকুম হইবেক যে যাহার বিরুদ্ধে ডিক্রী পাওয়া গিয়াছে সেই ব্যক্তিকে ডিক্রী জারীক্রমে ধরিয়া আনয়নের দ্বারা অথবা ঐ ব্যক্তির যে কোন অস্থাবর সম্পত্তি ডিক্রীপ্রাপ্ত মহাজনের দস্তখৎক্রমে দেওয়া তালিকাতে নির্দ্দিষ্ট থাকে সেই সম্পত্তি আদালতের এলাকার মধ্যে যে কোন স্থানে পাওয়া যায় তাহা ক্রোক করিয়া বিক্রয় করণের দ্বারা ঐ ডিক্রীর টাকা উসুল করিয়া কি করাইয়া পরওয়ানার লিখিত টাকা আদায় করেন। কিন্তু পরওয়ানা ডিক্রীমতে খাতক ও তাহার সম্পত্তি এই উভয়ের বিরুদ্ধে একি সময়ে জারী হইবেক না ইতি।

৯৫ ধারা। যদি আদালত কিস্তীক্রমে কোন টাকা পরিশোধের হুকুম করেন এবং কোন কিস্তী যেমন দেনা পড়ে তেমনি না দেওয়া যায় তবে ডিক্রীপ্রাপ্ত মহাজনের দরখাস্তমতে অবশিষ্ট সমুদয় কিস্তীর সকল টাকার জন্যে ডিক্রী জারী হইবেক ইতি।

৯৬ ধারা। মৃত বাদি কি প্রতিবাদির কোন উত্তরাধিকারী কি অন্য স্থলাভিষিক্তের বিরুদ্ধে ঐ উত্তরাধিকারী কি স্থলাভিষিক্ত অন্য ব্যক্তির হাজির হইবার ও তাহার কথা শুনা যাইবার এত্তেলা না দেওয়া গেলে ডিক্রী জারীর হুকুম বাহির হইবেক না ইতি।

৯৭ ধারা। জারীর পরওয়ানাতে যে দিবসে আদালতকর্ত্তৃক দস্তখৎ করা যায় সেই দিবসের তারিখ থাকি-

and no warrant shall continue in force for a longer period than sixty days calculated from such date.

XCVIII. Second and successive warrants of execution may be issued by order of the Court on the application of the judgment creditor, after the expiration of the period above fixed for the continuance in force of a previous warrant.

XCIX. No warrant of execution shall be issued upon any judgment, unless application for the issue of the same be made within one year from the date of the judgment, or, if the judgment be for payment by instalments, from the date of the first default of payment.

C. Any application for the execution of a judgment preferred after the expiration of the period specified in the preceding Section, shall be by a new suit upon the judgment; such suit shall be subject to the rules contained in this Act, for receiving, trying and determining complaints declared cognizable by this Act, but the Defendant shall not be allowed to impugn the merits of the original judgment.

CI. If the judgment of the Court be for the immediate delivery of any personal property to the decree-holder, the Court shall issue a warrant, directing the Nazir to deliver, or cause to be delivered, such property to such party.

CII. If delivery cannot be had, and the decree shall have awarded a sum of money as an alternative, payment of such sum shall be enforced under the foregoing Rules, in like manner as if the decree had been for such sum of money alone.

CIII. If a warrant issue for taking in execution the body of any person, the Nazir of the Court shall cause him to be seized, and unless such person shall immediately deposit with the officer entrusted with the service of the warrant the full sum specified therein, the Nazir shall bring him before the Court, and if such person shall not immediately deposit in Court the amount of the demand inclusive of all costs, or shall not furnish good and sufficient security for the payment of the same, either in full or by instalments, as the Court may direct, the Court shall send him to Jail, there to remain for such time as shall be directed by the warrant, not being longer than three calendar months, or until he shall sooner perform the order of the Court.

CIV. The security bond, taken under the preceding Section, shall be in the form contained in Appendix H., and shall stipulate that if default shall happen in the fulfilment of the conditions of the bond, the judgment creditor may, without a fresh action, sue out execution upon such bond under the rules of this Act, in like manner as if a decree had been passed against the surety, his heirs, executors or administrators, upon such bond.

CV. Any person once discharged from Jail shall not be imprisoned a second time under the same judgment, but such discharge shall not extinguish

রেক। এবং ঐ তারিখঅবধি হিসাব করিয়া ষাইট দিবসের অধিক মিয়াদপর্য্যন্ত কোন পরওয়ানা বলবৎ থাকিবেক না ইতি।

৯৮ ধারা। পরওয়ানা বলবৎ থাকনের যে মিয়াদ পূর্ব্বে নির্দ্দিষ্ট হইয়াছে তাহা অতীত হইলে পর ডিক্রী জারীর দ্বিতীয় ও তাহার পর অন্য২ পরওয়ানা ডিক্রী-প্রাপ্ত মহাজনের দরখাস্তমতে আদালতের হুকুমক্রমে বাহির হইতে পারে ইতি।

৯৯ ধারা। যদি ঐ ডিক্রীর তারিখের পর অথবা কিস্তীক্রমে টাকা পরিশোধের ডিক্রী হইলে কিস্তীর টাকা প্রথমবার না দেওনের তারিখের পর এক বৎসরের মধ্যে ঐ ডিক্রী জারীর পরওয়ানা বাহির হইবার দরখাস্ত না হয় তবে তাহা বাহির হইবেক না ইতি।

১০০ ধারা। পূর্ব্বোক্ত ধারার নির্দ্দিষ্ট মিয়াদ অতীত হইলে পর ডিক্রীজারীর বিষয়ে যে কোন দরখাস্ত করা যায় তাহা ডিক্রীর উপর নূতন মোকদ্দমার দ্বারা হইবেক। ঐ প্রকার মোকদ্দমা এই আইনের দ্বারা যে২ নালিশ বিচার্য্য প্রকাশ হইয়াছে তাহা গ্রাহ্য করণ ও তাহার বিচার ও নিষ্পত্তি করণের নিমিত্তে এই আইনেতে যে বিধান আছে সেই বিধানের অধীন হইবেক কিন্তু আসামী আসল ডিক্রীর ভাবের দোষ কহিতে পাইবেক না ইতি।

১০১ ধারা। যদি আদালতের হুকুম ডিক্রীদারকে কোন অস্থাবর সম্পত্তি অগৌণে দিবার বিষয়ে হয় তবে আদালত ঐ সম্পত্তি ঐ ব্যক্তিকে দিতে কি দেওয়াইতে নাজিরের প্রতি হুকুম করত পরওয়ানা জারী করিবেন ইতি।

১০২ ধারা। যদি সেই সম্পত্তি দেওয়া যাইতে না পারে এবং ডিক্রীতে হুকুম হয় যে সম্পত্তি দেওয়া যাইতে না পারিলে কতক টাকা দিতে হইবেক তবে ঐ ডিক্রী কেবল সেই টাকার নিমিত্তে হইলে যেরূপ ঐ টাকা আদায় করা যাইত সেইরূপে পূর্ব্বোক্ত বিধিঅনুসারে করা যাইবেক ইতি।

১০৩ ধারা। যদি ডিক্রীজারীক্রমে কোন ব্যক্তিকে ধরিয়া আনিবার পরওয়ানা বাহির হয় এবং যদি সেই ব্যক্তি ঐ পরওয়ানার লিখিত সমুদয় টাকা যে আমলার প্রতি ঐ পরওয়ানা জারীর কার্য্য অর্পণ হয় তাহার নিকট অগৌণে আমানৎ না করে তবে নাজির তাহাকে আদালতে উপস্থিত করিবেন। এবং যদি সেই ব্যক্তি সকল খরচা সমেত দাবীর টাকা আদালতে অগৌণে দাখিল না করে কিম্বা আদালত যেমন আজ্ঞা করেন তেমন ঐ টাকা একেবারে কি কিস্তীক্রমে দিবার বিষয়ে উত্তম ও মাতবর জামিন না দেয় তবে আদালত তাহাকে জেলখানায় পাঠাইবেন এবং পরওয়ানাতে তিন মাসের অনধিক যত কাল হুকুম হয় তত কালপর্য্যন্ত অথবা তাহার ন্যূন যেপর্য্যন্ত আদালতের হুকুমমতে কার্য্য না করে সেইপর্য্যন্ত কয়েদ থাকিবেক ইতি।

১০৪ ধারা। ১০৩ ধারামতে যে জামিনীনামা লওয়া যাইবেক তাহা H চিহ্নিত আপেণ্ডিক্সের পাঠানুসারে লেখা যাইবেক এবং তাহাতে এই একরার থাকিবেক যে যদি ঐ জামিনীনামার নিয়ম পালনেতে ত্রুটি হয় তবে ডিক্রীপ্রাপ্ত মহাজন নূতন নালিশ না করিয়া ঐ জামিনীনামাক্রমে ঐ জামিনের কি তাহার উত্তরাধিকারিরদের কি অছিরদের কি আডমিনিস্ট্রেটরেরদের বিরুদ্ধে ডিক্রী হইলে যেরূপ করিতে পারিত সেইরূপে এই আইনের বিধানানুসারে ঐ জামিনীনামাক্রমে ডিক্রীজারীর দরখাস্ত করিতে পারিবেক ইতি।

১০৫ ধারা। কোন ব্যক্তিকে একবার জেলখানাহইতে খালাস করা গেলে সেই ব্যক্তি দ্বিতীয়বার সেই হুকুমমতে কয়েদ হইবেক না। কিন্তু সেইরূপে খালাস হইলেও ঐ

the liability of such person under the decree, or exempt any property liable to attachment in execution of the same.

CVI. Any person suing out any warrant for arrest upon mesne process, or process of execution against the body of any other person under this Act, shall deposit with the Nazir of the Court, at the time of the issue of the warrant, diet-money for one month of thirty days, after the rate of one anna per diem, unless the Court for any special reason in any case direct the deposit after a higher rate, which shall not exceed four annas per diem.

CVII. Payment of diet money at the same rate shall be made previous to the commencement of each succeeding month of the imprisonment, in failure of which the party confined shall be discharged.

CVIII. All diet-money spent in providing subsistence for any prisoner shall be costs in the suit, and any diet money not so spent shall be returned to the party who deposited the same.

CIX. No debtor shall be committed to Jail in execution, if he shall satisfy the Court that he has done his best to pay the debt, and has no property or effects remaining from which the debt can be discharged.

CX. The Court, at the instance of the judgment creditor, may at any time after judgment summon the judgment debtor and examine him upon oath or solemn affirmation, when such affirmation is allowed by law instead of an oath, touching his property and means of satisfying the judgment; and if such judgment debtor, on such examination, shall wilfully misrepresent any matter on which he may be examined, he shall be deemed guilty of perjury.

CXI. If it shall at any time appear to the satisfaction of the Court, that the Defendant is unable from any temporary cause to pay and discharge the debt or damages awarded against him, or an instalment thereof ordered to be paid by him, the Court may suspend the execution for such time and on such terms as it shall think fit, until it shall appear by the like proof that such temporary cause of disability has ceased.

CXII. A judgment debtor may, at any time, deposit in Court any sum of money which he may have been adjudged to pay, and the sum so deposited shall be paid over to the party entitled to receive the same; and no interest shall be allowed to such party upon such deposit from the date on which it was made, whether it be in full of the judgment, or fall short thereof.

CXIII. When cross-judgments shall have been obtained between two parties, execution shall only issue upon the one which shall be for the larger

ডিক্রীমতে ঐ ব্যক্তির দায় লোপ হইবেক না কিম্বা ঐ ডিক্রী জারীক্রমে যে কোন সম্পত্তি ক্রোক হইবার যোগ্য হয় তাহা মুক্ত হইবেক না ইতি।

১০৬ ধারা। যে কোন ব্যক্তি মোকদ্দমার রুবকার কালীন পরওয়ানাক্রমে কিম্বা এই আইনানুসারে অন্য কোন ব্যক্তিকে ধরিয়া আনিবার হুকুম জারীর পরওয়ানাক্রমে গ্রেফ্তারী কোন পরওয়ানার দরখাস্ত করে সে ব্যক্তি পরওয়ানা বাহির হইবার সময়ে দিনপ্রতি /০ এক আনার হিসাবে ত্রিশ দিনের এক মাসের খোরাকী আদালতের নাজিরের নিকটে আমানৎ করিবেক। পরন্তু যদি কোন স্থলে আদালত কোন বিশেষ হেতুতে তাহার অধিকের হিসাবে আমানৎ করিতে হুকুম করেন তবে তাহা আমানৎ করিবেক কিন্তু দিনপ্রতি ।০ চারি আনার অধিক হইবেক না ইতি।

১০৭ ধারা। তাহার পর কয়েদ থাকনের প্রতিমাসের আরম্ভের পূর্ব্বে সেই হিসাবে খোরাকী দেওয়া যাইবেক। না দেওয়া গেলে কয়েদ করা ব্যক্তিকে খালাস করা যাইবেক ইতি।

১০৮ ধারা। কোন কয়েদীর খোরাক যোগাওনেতে যে সকল খোরাকী খরচ হয় তাহা মোকদ্দমার খরচা হইবেক এবং সেই প্রকারে যে সকল খোরাকী খরচ না হয় তাহা যে ব্যক্তি আমানৎ করিয়াছিল তাহাকে ফিরিয়া দেওয়া যাইবেক ইতি।

১০৯ ধারা। যদি কোন খাতক কর্জ্জ শোধ করিবার বিষয়ে সাধ্যমতে উদ্যোগ করিয়াছে এবং যাহাহইতে কর্জ্জ শোধ হইতে পারে তাহার এমত কোন সম্পত্তি কি দ্রব্য অবশিষ্ট নাই এই বিষয় আদালতের হৃদ্বোধ করে তবে তাহাকে ডিক্রীজারীক্রমে জেলখানায় কয়েদ করা যাইবেক না ইতি।

১১০ ধারা। আদালত ডিক্রীর পর কোন সময়ে ডিক্রীপ্রাপ্ত মহাজনের প্রার্থনামতে ডিক্রীক্রমে খাতককে তলব করিয়া তাহার সম্পত্তির এবং ডিক্রীমতে কার্য্য করণের উপায়ের বিষয়ে তাহাকে শপথ করাইয়া কিম্বা যে স্থলে আইনমতে শপথের পরিবর্ত্তে ধর্ম্মতঃ প্রতিজ্ঞার অনুমতি আছে সেই স্থলে ঐরূপ প্রতিজ্ঞা করাইয়া তাহার জোবানবন্দী লইতে পারেন এবং সেই জোবানবন্দীতে যে কোন বিষয়ের জোবানবন্দী লওয়া যায় তাহাতে যদি ডিক্রীমতে ঐ খাতক জানিয়াশুনিয়া অপ্রকৃত বর্ণনা করে তবে সেই ব্যক্তি মিথ্যা শপথের দোষী জ্ঞান হইবেক ইতি।

১১১ ধারা। যদি কোন সময়ে আদালতের হৃদ্বোধমতে দৃষ্ট হয় যে আসামীর বিরুদ্ধে যে কর্জ্জ কি ক্ষতিপূরণের টাকা দিবার ডিক্রী হয় কিম্বা তাহার যে কিস্তী দিবার হুকুম হয় তাহা কোন অল্প কালীন হেতুপ্রযুক্ত আসামী দিতে ও শোধ করিতে অপারক আছে তবে ঐ অপারকতার অল্পকালীন হেতু রহিত হইয়াছে যাবৎ ইহা সেইরূপ প্রমাণের দ্বারা দৃষ্ট না হয় তাবৎ আদালত যে মিয়াদ ও নিয়ম উপযুক্ত বোধ করেন সেই মিয়াদপর্য্যন্ত ও সেই নিয়মমতে ডিক্রীজারী স্থগিত করিতে পারেন ইতি।

১১২ ধারা। ডিক্রীমতে যে ব্যক্তি খাতক হয় তাহার প্রতি যত টাকা দিবার ডিক্রী হয় সেই টাকা ঐ খাতক কোন সময়ে আদালতে দাখিল করিতে পারে এবং যে ব্যক্তির ঐ টাকা পাইবার স্বত্ব থাকে তাহাকে সেইপ্রকার দাখিলকরা টাকা দেওয়া যাইবেক এবং সেই টাকা ডিক্রীর লিখিত সমুদয় টাকা হউক কি তাহার কম হউক যে তারিখে দাখিল করা গিয়াছিল সেই তারিখঅবধি তাহার উপর ঐ ব্যক্তির কোন সুদ লওনের অনুমতি হইবেক না ইতি।

১১৩ ধারা। যদি দুই ব্যক্তির মধ্যে পরস্পর বিপরীত ডিক্রী পাওয়া যায় তবে যে ডিক্রী অধিক টাকার নিমিত্তে হয় কেবল সেই ডিক্রী জারী হইবেক এবং অল্প

sum, and for so much only as shall remain after deducting the smaller sum.

CXIV. In executing a writ of execution against the moveable property of a debtor liable under this Act, the Nazir shall except the tools and implements of the trade of such debtor.

[To be continued.]

সংখ্যা তাহাহইতে বাদ দিয়া অবশিষ্ট যত থাকে কেবল তত টাকার নিমিত্তে ডিক্রী জারীর হুকুম বাহির হইবেক ইতি।

১১৪ ধারা। এই আইনানুসারে যে খাতক দায়ী হয় তাহার অস্থাবর সম্পত্তির বিপরীত ডিক্রী জারীর পরওয়ানা জারী করণেতে নাজির ঐ খাতকের ব্যবসাসম্পর্কীয় হাতিয়ার ও সরঞ্জাম লইবেন না ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 19.

To the Civil and Criminal Authorities in the Lower Provinces.

I am directed by the Court to forward to you copy of a letter from the Government of Bengal No. 1004, dated 27th April, with its enclosure, and to request that you will take measures to introduce into all the Courts subordinate to you the use of Paper properly prepared in the manner indicated, for the purposes of record.

2. It is suggested that you should in concert with the Magistrates make arrangements for a regular supply of Jail-made arsenicated paper to the several Judicial and Police Officers stationed in the interior of your district and where the local Jail may not be able to furnish a sufficient quantity, it may perhaps be possible to procure it from an adjacent district without greatly enhancing the cost. It might be desirable to encourage private paper makers, but proper precautions should be taken to prevent the substitution of turmeric for yellow arsenic, the appearance being similar, but the difference easily discernible to the smell or taste.

3. Until a local supply of properly prepared paper can be secured, the Court enjoin that all papers used by the Officers in the Civil Courts which are to form part of Nuthee A. under Circular Order No. 167, dated 3d March, 1852, shall be of European or Serampore manufacture.

(Signed) C. T. BUCKLAND,
Register.

Fort William, the 12th May, 1854.

(Copies.)

No. 1004.

From the Under Secretary to the Government of Bengal, to the Register of the Sudder Court. Dated Fort William, the 27th April, 1854.

I am directed by the Most Noble the Governor of Bengal to forward herewith copy of an Extract (paragraph 55,) from a report by Mr. H. Ricketts, on the District of Balasore, dated the 12th December last, and to request that the Sudder Court will issue such instructions to the several Officers subordinate to them as shall effectually prevent the use of any but properly prepared paper for the purposes of record.

2. A Circular has this day been addressed to all Officers in charge of Jails on the subject of the

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

১৯ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানী ও ফৌজদারীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

সদর আদালতের আজ্ঞাক্রমে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ২৭ আপ্রিল তারিখের ১০০৪ নম্বরী পত্রের ও তাহার সঙ্গে প্রেরিত পত্রের নকল তোমার নিকটে পাঠাইতেছি এবং আদেশ করিতেছি যে তুমি রিকার্ড লিখিবার জন্যে আপন অধীন সকল আদালতে তাহাতে লিখিত প্রকারে উপযুক্তমতে প্রস্তুতহওয়া কাগজের ব্যবহার চালাইবার উপায় কর।

২। এই পরামর্শ দেওয়া যাইতেছে যে তুমি মাজিষ্ট্রেট সাহেবদিগের সঙ্গে পরামর্শ করিয়া তোমার জিলার মফঃসল স্থানে নিযুক্ত নানা বিচারকর্ত্তাকে ও পোলীস সম্পর্কীয় কার্য্যকারককে জেলখানার প্রস্তুত হরিতাল দেওয়া কাগজ নিয়মমতে যোগাইবার বিষয়ের নিয়ম কর এবং যদি ঐ স্থানের জেলখানাহইতে প্রচুর কাগজ যোগান যাইতে না পারে তবে বোধ হয় যে খরচের অধিক বৃদ্ধি না হইয়াও নিকটস্থ জিলাহইতে তাহা পাওয়া যাইতে পারিবেক। কাগজ ব্যবসায়িদিগকে উৎসাহ দেওয়া উচিত হইতে পারে কিন্তু তাহারা হরিতালের পরিবর্ত্তে হরিদ্রা ব্যবহার না করে এই বিষয়েতে বিশেষ মনোযোগ করিতে হইবেক যেহেতুক তাহা দেখিতে সমান কিন্তু ঘ্রাণে কি আস্বাদনে তাহার বিশেষ স্বচ্ছন্দে জানা যায়।

৩। উপযুক্তমতে প্রস্তুতহওয়া কাগজ যাবৎ ঐ বিশেষ স্থানে না পাওয়া যায় তাবৎ সদর আদালতের সাহেবেরা হুকুম করিতেছেন যে ১৮৫২ সালের ৩ মার্চ তারিখের ১৬৭ নম্বরী সরক্যুলর অর্ডরঅনুসারে যে সকল কাগজপত্র A চিহ্নিত নথীর অংশ হয় তাহা লিখিবার জন্যে দেওয়ানী আদালতের কার্য্যকারকেরা ইউরোপীয় কিম্বা শ্রীরামপুরের প্রস্তুত কাগজ ব্যবহার করে।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৪ সাল ১২ মে।

নকল।

১০০৪ নম্বর।

সদর আদালতের শ্রীযুত রেজিষ্টর সাহেবের প্রতি বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত ছোট সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫৪ সাল ২৭ আপ্রিল।

শ্রীযুত এচ রিকেট্স সাহেবের বালেশ্বর জিলার বিষয়ের গত ডিসেম্বর মাসের ১২ তারিখের রিপোর্টের ৫৫ দফার নকল বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুমক্রমে এই পত্রের সঙ্গে পাঠাইতেছি এবং আদেশ করিতেছি যে রিকার্ডের জন্যে উপযুক্তমতে প্রস্তুতহওয়া কাগজভিন্ন অন্য কোন প্রকার কাগজের যাহাতে ব্যবহার না হয় এমত উপদেশ সদর আদালতের সাহেবেরা আপনারদের অধীন নানা কার্য্যকারকের নামে জারী করেন।

২। যাহাতে কাগজে পোকা লাগিতে না পারে এমত দ্রব্য লইয়া কাগজ প্রস্তুত করণের বিষয়ি এক সরক্যুলর

preparation of paper with materials which shall render it proof against the attacks of insects. This will remove all difficulty in the way of a strict compliance with the above orders.

(Signed) HODGSON PRATT,
Under Secy. to the Govt. of Bengal.

Extract from a Report by Mr. H. Ricketts, on the District of Balasore, dated 12th December, 1853.

Para. 55. The Prisoners of Cuttack and Balasore are chiefly employed in making paper which is extensively used in all the Offices. This paper is sized with a preparation of rice in which worms will breed, and in a few years, not only will the records of the present time be eaten up, but the old papers will be injured. Either another sort of sizing should be used, or arsenic should be mixed with this sizing, or the public Officers should be positively prohibited from using the Jail paper, except for covers of letters, and such purposes. They should not even be permitted to use it for records which are not to be preserved beyond a few years, for the worms spread, one infected bundle will cause the destruction of a whole shelf of papers. I have said that I found some of the Balasore records much worm eaten, so much that it will be necessary to copy them at a considerable expense. In all the bundles it was evident that the worms had originated in some very coarse paper used by the Deputy Collectors employed in the measurement. Possibly the generation of worms might be prevented by boiling the sizing before it is used. As paper making is now becoming very common in the Bengal Jails, it appears well worth while to cause careful enquiry to be made, and either to prohibit the use of rice sizing, or to mix with it arsenic, or some other equally effectual poison, Blue Vitriol will keep away worms, but will itself, in the course of years destroy the paper by making it so brittle that on being handled, it breaks to pieces.

(True Extract,)
(Signed) HODGSON PRATT,
Under Secy. to the Govt. of Bengal.
(True Copies.)

R. STUART,
Assistant Register.

পত্র অদ্য জেলখানার ভারপ্রাপ্ত সকল কার্য্যকারকের নামে লেখা গিয়াছে। উক্ত হুকুমানুসারে অতি আঁটা-আঁটিরূপে কার্য্য করিবার যে বাধা হয় তাহা ঐ সরকুলর পত্রের দ্বারা রহিত হইবেক।

হজসন প্রাট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।

শ্রীযুত এচ রিকেট্স সাহেবের বালেশ্বর জিলার বিষয়ের ১৮৫৩ সালের ১২ ডিসেম্বর তারিখের রিপোর্টহইতে গৃহীত।

৫৫ দফা। কটক ও বালেশ্বরের বন্দুয়ানেরা প্রায়ই কাগজ প্রস্তুত করণে নিযুক্ত সেই কাগজ সকল দফুর-খানায় বাহুল্যরূপে ব্যবহার হইতেছে। ঐ কাগজে মাড়ের কলপ দেওয়া যায়। তাহাতে পোকা ধরিবেক এবং অল্প বৎসর পরে বর্ত্তমান সালের সকল রি-কার্ড খাইয়া ফেলা যাইবেক এবং পুরাতন কাগজপত্রেরও ক্ষতি হইবেক অতএব অন্য প্রকার কলপ ব্যবহার করা উচিত অথবা ঐ কলপের সঙ্গে হরিতাল মিশালকরা উচিত নতুবা সরকারী কার্য্যকারকেরা পত্রের খামপ্রভৃতি কার্য্যভিন্ন অন্য কোন কার্য্যেতে জেলখানার কাগজ ব্যবহার না করেন এই প্রকার অতি আঁটাআঁটিরূপে নিষেধ করা উচিত। যে রিকার্ড কেবল কতক বৎসরের অধিক রাখিতে হইবেক না তাহাও লিখিবার জন্যে সেই প্রকার কাগজ ব্যবহারের অনুমতিহওয়া উচিত নহে যে-হেতুক পোকার বৃদ্ধি হয় এবং পোকা যাহাতে লাগিয়াছে এমত এক পুলিন্দার দ্বারা এক সেল্প কাগজ নষ্ট হইতে পারে। আমি লিখিয়াছি যে বালেশ্বরের কতক রিকার্ড অনেক পোকাতে এত খাইয়াছে দেখিলাম যে অনেক খর-চে তাহার নকল করিবার প্রয়োজন হইবেক। সকল পুলি-ন্দাতে এই সপষ্ট দেখা গেল যে জরিপী কর্ম্মে নিযুক্ত ডে-পুটী কালেক্টরেরদের ব্যবহারকরা কতক অতি মোটা কাগজে ঐ পোকা প্রথমে লাগিয়াছিল। বোধ হয় যে কলপ ব্যবহার করিবার পূর্ব্বে সিদ্ধ করিলে পোকা বৃদ্ধি হওয়া নিবারণ হইতে পারে। এক্ষণে বাঙ্গলা দেশের সকল জেলখানাতে কাগজ প্রস্তুতকরা অত্যন্ত চলিত হইতেছে অতএব বোধ হয় যে মনোযোগপূর্ব্বক তদারক করাইয়া মণ্ডের কলপের ব্যবহার নিবারণ করা অথবা তাহা হরি-তালে কি তত্তুল্য ফলজনক অন্য কোন বিষয়েতে মিশাল করা উচিত। তুতিয়াতে পোকা লাগিবেক না বটে কিন্তু কতক বৎসর গত হইলে ঐ তুতিয়াতেই কাগজ নষ্ট হইবেক ফলতঃ কাগজ এমন মড়মড়িয়া হইবেক যে হাতে ধরিলেই ভাঙ্গিয়া পড়িবেক। (যথার্থ চুম্বক)

হজসন প্রাট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।
(যথার্থ নকল।)
আর ফুআর্ট। আসিস্টাণ্ট রেজিষ্টর।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 13th June, 1854.

Moonshee Sumeenooddeen Ahamud, Moonsiff of Sarhut, Zillah Beerbhoom, for four months, on Medical Certificate, in extension of that granted on the 4th April last.

The 15th June, 1854.

Baboo Gopal Chunder Ghose, Moonsiff of Bhuttoorea, in Zillah East Burdwan, for the 10th instant.

C. T. BUCKLAND, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৫৪ সাল ১৩ জুন।

জিলা বীরভূমের সারহটের মুনসেফ শ্রীযুত সমীনুদ্দীন আহমদ গত আপ্রিল মাসের ৪ তারিখে যে ছুটী পান তদ-তিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে চারি মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ১৫ জুন।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের ভাতুড়িয়ার মুনসেফ শ্রীযুত বাবু গোপালচন্দ্র ঘোষ বর্ত্তমান মাসের ১০ তারিখের ছুটী পা-ইয়াছেন।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা মুঙ্গের।

সম্বাদ দেওয়া যাইতেছে যে নীচের লিখিত মহাল মঙ্গলবার তারিখ ৪ জুলাই ১৮৫৪ সাল মোতাবেক ২৪ আষাঢ় সন ১২৬১ সাল ফসলি জেলা মুঙ্গেরের কালেক্‌টর সাহেবের কাছারীতে বাকী মালগুজারির নিমিত্ত নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক।

শ্রেণীর নম্বর ১ ইস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

নং ৪২১ মহাল পরমুতিমপুর পরগনা মুঙ্গের মালিক রামচরণ সিংহ সদর জমা কোং সিক্কা ৩০৪ ।৫

নং ৫২০ মহাল আরাজি রসিদপুর বসমন ওরফে হশনগঞ্জ পরগনা মুঙ্গের মালিক সেখ দরবেস মহম্মদ সদর জমা কোং সিক্কা ১৯ ।০

নং ৬০৭ মহাল জুনেদপুর দিয়ারা পরগনা বলিয়া মালিক কুণ্ডল চৌধুরী সদর জমা কোং সিক্কা ৫৬০৲

নং ৯১৮ মহাল রসুলপুর জাফর পরগনা মলকি মালিক কাশী মাহাতোঁ ও মহেশ মাহাতোঁ সদর জমা কোং সিক্কা ২২ ॥৵৮

নং ২৭৮২ মহাল আরাজি জায়গীর জমিন হায়দর বক্স সুবেদার দরুন থানা সুনিগাবাদ পরগনা উত্তর খণ্ডমালিক মোসম্মাত চুনি, মোসম্মাত ভত্তো, মোসম্মাত কমর উননেসা এবং ডিলা বেওয়াগান কাদের বক্স ও ওয়ালি নবাবজান নাবালক পুত্র, ও তিলক মাহাতোঁ, ও ফকির মাহাতোঁ সদর জমা কোং সিক্কা ৪৬৶৫

নং ২৭৮৬ মহাল আরাজি জায়গীর জমিন চুনিঝা হাবেলদার দরুন থানা সুলিনডাবাদ পরগনা উত্তর খণ্ড মালিক মোসম্মাত শোনফুল, ও দেবীদত্ত ঝা সদর জমা কোং সিক্কা ১৩৶৫।

নং ২৯২৯ মহাল আরাজি জায়গীর জমিন মাহম্মেদ সফি সিপাই দরুন থানা সহরসা পরগনা উত্তর খণ্ড মালিক ফকির মাহাতোঁ ও বুলাকি মাহাতোঁ খরিদারান সদর জমা কোং সিক্কা ৯ ॥০

নং ২৯৪৭ মহাল আরাজি জায়গীর জমিন রূপ সিংহ সিপাই দরুন থানা সহরসা পরগনা উত্তর খণ্ড মালিক মোসম্মাত মোতি, সেখ সুজাএত আলী খরিদারান সদর জমা কোং সিক্কা ৭৸/১০

নং ৩১১৯ মহাল জাহাঙ্গিরা পরগনা মালদহ মালিক মির আহাম্মদ আলী মোসম্মাত উলিহা কন্যা মির হায়দার আলী, ও মির মুরাদ আসরফ ওগয়রহ সদর জমা কোং সিক্কা ১৮৩৸৵২

শ্রেণীর নম্বর ৪ মহাল যাহা অন্য মহালের বাকীর নিমিত্ত বিক্রয় হইবেক।

নং ৪১০ হক হিস্যা দরুন ॥৶১০ মৌজা তৌফির সেওয়ায় টিকারামপুর গরগনা মুঙ্গের মালিক গণেশ দত্ত সদর জমা কোং সিক্কা ১১৯৬ ।৩

নং ৪১৪ হক হিস্যা গণেশ দত্ত দরুন ।৶০ হিস্যা মৌজা পরহম পরগনা মুঙ্গের সদর জমা কোং সিক্কা ৬২১ ।৵১০

নং ৪১৮ হক হিস্যা দরুন ৵৬ মৌজা সামপুর পরগনা মুঙ্গের মালিক রামলাল সদর জমা কোং সিক্কা ৪৬৮ ৬

নং ৪৪৮ হক হিস্যা নৌয়ার সিং, রাধে সিংহ ও কিসনারাম দরুন মৌজা মোহিউদিনপুর মহা সিংহ পরগনা মুঙ্গের সদর জমা কোং সিক্কা ১১২৶৫

নং ১৩৪৪ হক হিস্যা দরুন ।৵০ মৌজা সেলেমপুর খোদাদ পরগনা মুঙ্গের মালিক গণেশ দত্ত সদর জমা কোং সিক্কা ২৩১ ।৶৩

নং ১৪৩৩ হক হিস্যা নৌয়ার সিংহ কিসনারাম রাধে সিংহ ও ইন্দ্রজিৎ সিংহ দরুন ।৵৮ মৌজা অকবরপুর বরারি পরগনা মলকি সদর জমা কোং সিক্কা ৯৮০ ॥৵৮

নং ১৫৪০ হক হিস্যা দরুন আরাজি জায়গীর জমিন খএর আলী সিপাই থানা বৃন্দাবন পরগনা মুঙ্গের মালিক নৌয়ার সিংহ এবং কিসনারাম সদর জমা কোং সিক্কা ৫ ।/ ৪

নং ২ ৩১৮ হক হিস্যা দরুন ৵১৩ মৌজা খমসেনা পরগনা অমরিথু মালিক রাধে সিংহ সদর জমা কোং সিক্কা ৩৭৭ ।৵৬

নং ৩৩২৮ হক হিস্যা দরুন ৵০ মৌজা হরপুর চক মসিউল্লা বড়িবাগ পরগনা মুঙ্গের মালিক গণেশ দত্ত সদর জমা কোং সিক্কা ২৫১৸/ ৪

মুঙ্গের কাছারী কালেক্‌টরী। ৯ জুন সন ১৮৫৪।

G. C. FLETCHER, *Collector.*

জিলা কটক।

এত্তলানামা কাছারি কালেক্‌টরি মধ্যমপ্রদেশ জেলা কটক সমস্ত লোকদিগের জ্ঞাত কারণ সংবাদ দেওয়া যাইতেছে যে ইঙ্গরেজী সন ১৮৪৫ সালের প্রথম আইনের ৬ ধারা ও সন ১৮৫০ সালের ডিসেম্বর মাহার ৬ তারিখ লিখিত ৭৬ নম্বর সদর বোর্ড সরক্যুলর অর্ডরের ৭ দফানুসারে নীচের লিখিত মাহালের সন ১৮৫৪ সাল আপরেল মাহার ১১ তারিখপর্য্যন্ত বাকী বাঁটওয়ারা আমিন খরচা আদায়ের কারণ সন ১৮৫৪ সাল জুলাই মাহার ৪ তারিখ মোতাবক সন ১২৬১ সাল আষাঢ় মাহার ২২ তারিখ মঙ্গলবার দিবসে এজেলার কালেক্‌টরি কাছারিতে নীলামে বিক্রয় হইবেক ৯ তারিখ মাহ জুন ১৮৫৪ সাল।

ষষ্ঠ শ্রেণী মিয়াদী বন্দোবস্ত জমা ধার্য্যহওয়া মাহাল।

৪১১ নম্বর তৌজি হজুরি মাহাল পঃ বালুবিশী মৌজে রামচন্দ্রপুর ওগয়রহ লিখিত মালিক গোকুলানন্দ মাইতি ও অভিরাম দাস ও নবীন দাস নাবালগ পিতা ও মাহাফিজ যশবন্ত দাস আপন২ হিস্যা কিসমত ।/৪ ১৯ পাঁচ আনা চারিপাই উনাইশ ক্রান্তের বাঁটওয়ারা আমিন খরচা দাখিল করাতে তাহাদিগের হিস্যারাদে বাকী সরিকদার নন্দকুমার দাস ও ধর্ম্মদাস ও পরীক্ষিত সাউতরা ও চিন্তামণি শাহু ও মাহাদেব শাহু ও জয়রাম শাহু নাবালগ মাহাফেজ মাতা-উল্লাবেওয়া ও মানগোবিন্দ দাস নাবালগ পিতা ও মাহাফেজ বিশ্বম্ভর দাস ও কুঞ্জবেহারি দাস নাবালগ পিতা ও মা-

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 27, 1854.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৪ সাল ২৭ জুন।

DRAFT OF ACT.

ACT No. —— OF 1854.

An Act for the more easy recovery of small debts and demands in the Territories subject to the Government of the East India Company.

[Concluded from page 380.]

CXV. No sale of any moveable property, taken in execution, shall be made until after the end of five days at least next following the day on which such moveable property may have been so taken, unless such moveable property be of a perishable nature, or upon the request in writing of the party whose property has been taken. Until such sale the moveable property shall be deposited by the Nazir in some fit place, or it may remain in custody of some fit person approved by the Nazir.

CXVI. If before the sale has taken place, a third party appear before the Court or the officer superintending the sale, and by petition claim a right or interest in any of the moveable property seized, the Court or the officer superintending the sale shall stay the sale of such property.

CXVII. If such petition be presented to the officer superintending the sale, such officer shall forthwith transmit the same to the Court.

CXVIII. The Court shall adjudicate upon such claim, and make such order between the claimant and the Plaintiff and Defendant in the original suit as shall seem fit.

CXIX. In disposing of such claims the Court shall be guided, so far as they may be applicable, by the Rules contained in this Act, and the judgment passed by the Court upon such claim shall have the same effect, and be subject to the same Rules, as a

আইনের মুসাবিদা।

ইঙ্গরেজী ১৮৫৪ সাল —— আক্ট।

কোম্পানি বাহাদুরের শাসিত দেশে অল্পং কর্জ ও দাওয়া আরো সহজরূপে আদায় করিবার বিবরি আইন।

[৩৮০ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

১১৫ ধারা। ডিক্রী জারীক্রমে যে কোন অস্থাবর সম্পত্তি লওয়া যায় ঐ অস্থাবর সম্পত্তি যে দিবসে লওয়া গিয়াছিল সেই দিবসের পর অতিন্যূন পাঁচ দিন শেষ না হইলে নীলাম হইবেক না। কিন্তু যদি ঐ অস্থাবর সম্পত্তি ক্ষয়ণীয় প্রকারের হয় অথবা যাহার সম্পত্তি লওয়া গিয়াছে সেই ব্যক্তি যদি লিখিয়া প্রার্থনা করে তবে ঐ কালের পূর্ব্বে নীলাম হইবেক। ঐ নীলাম না হওয়াপর্য্যন্ত ঐ অস্থাবর সম্পত্তি নাজিরের দ্বারা কোন উপযুক্ত স্থানে গচ্ছিত করা যাইবেক অথবা নাজিরের মঞ্জুরহওয়া কোন উপযুক্ত ব্যক্তির জিম্মায় থাকিবেক ইতি।

১১৬ ধারা। যদি নীলাম হইবার পূর্ব্বে তৃতীয় ব্যক্তি আদালতের সম্মুখে কিম্বা যে কার্য্যকারক নীলামের তত্ত্বাবধারকতা করেন তাঁহার সম্মুখে উপস্থিত হইয়া দরখাস্তের দ্বারা ঐ ক্রোককরা অস্থাবর কোন সম্পত্তিতে স্বত্বের কি সম্পর্কের দাওয়া করে তবে আদালত কি যে কার্য্যকারক নীলামের তত্ত্বাবধারকতা করেন তিনি ঐ সম্পত্তির নীলাম স্থগিত করিবেন ইতি।

১১৭ ধারা। যে কার্য্যকারক নীলামের তত্ত্বাবধারকতা করেন তাঁহার নিকটে যদি ঐ দরখাস্ত দরপেশ করা যায় তবে ঐ কার্য্যকারক সেই দরখাস্ত অগৌণে আদালতে পাঠাইবেন ইতি।

১১৮ ধারা। আদালত ঐ দাওয়া নিষ্পত্তি করিবেন এবং ঐ দাওয়াদারের ও আসল মোকদ্দমায় ফরিয়াদীর ও আসামীর বিষয়ে যে হুকুম করা উপযুক্ত বোধ করেন তাহা করিবেন ইতি।

১১৯ ধারা। ঐপ্রকার দাওয়ার নিষ্পত্তি করণেতে আদালত এই আইনের লিখিত বিধান যেপর্য্যন্ত খাটিতে পারে সেইপর্য্যন্ত ঐ বিধানমতে কার্য্য করিবেন এবং এই আইনের বিধানমতে উপস্থিতকরা সরাসরী নালিশেতে ডিক্রীর যেরূপ ফল হয় ও তাহা যে বিধানের অধীন হয় ঐ দাওয়ার উপর আদালত যে ডিক্রী করেন তাহারও

judgment in a summary action instituted under the provisions of this Act.

CXX. If such third party shall fail to establish his right to the property seized, the Court, at the time of disposing of the case, may award to the judgment creditor against such third party, as part of the costs, such sum as it may consider sufficient to cover any loss of interest or damage, which such judgment creditor may have sustained, by reason of the postponement of the sale of such property.

CXXI. Where there are creditors claiming under several judgments, the party first furnishing the list of moveable property to be seized, in execution of a judgment obtained under this Act, shall have a preferential right to have the whole of his claim satisfied from the proceeds of the sale of such property over any other creditor, but this rule shall not apply to any creditor who shall refuse to maintain his right to bring such property to sale against any third person who may claim the same.

CXXII. No irregularity in publishing and conducting a sale of moveable property, under an execution, shall vitiate such sale; but this rule shall not be held to deprive any person, considering himself wronged by any act or circumstance connected with such sale, of his remedy in an action for damages against the party by whose act or omission he may consider himself to have been wronged.

CXXIII. If after the sale of the moveable property of a judgment debtor, any portion of a judgment remain due, and the holder of such judgment desire to issue execution upon any immoveable property belonging to the judgment debtor, situated within the jurisdiction of the Court by which the judgment was passed, he shall file a schedule of the property and move the Court to attach and sell the same, and the Court shall be guided in its proceedings as to the attachment of the property, the mode of conducting the sale, and as to the disposal of any objections to the proposed sale of the property, or of any irregularities in conducting the sale by the Rules and Regulations for the time being in force in the several Presidencies of Bengal, Madras and Bombay, for the sale of immoveable property in execution of decrees of Court; but no application for the sale of real property, in execution of a judgment under this Act, shall be received, unless preferred within twelve months from the date of the judgment.

CXXIV. If a judgment creditor be unable to enforce or obtain satisfaction of a judgment, by execution within the jurisdiction of the Court which pronounced the same, and be desirous of enforcing or obtaining satisfaction of such judgment by the seizure and sale of moveable property in the jurisdiction of another Court established under this Act, or within the jurisdiction of any Court of Small Causes established at Calcutta, Madras or Bombay, the Court, on the application of such judgment

সেইরূপ ফল হইবেক এবং তাহা সেই বিধানের অধীন হইবেক ইতি।

১২০ ধারা। যদি ঐ তৃতীয় ব্যক্তি ক্রোককরা সম্পত্তিতে আপনার স্বত্ব সাবুদ করিতে না পারে তবে আদালত ঐ মোকদ্দমার নিষ্পত্তি করণের সময়ে ঐ সম্পত্তির নীলামের বিলম্বহওয়াপ্রযুক্ত ডিক্রীপ্রাপ্ত মহাজনের যে কোন সুদের ক্ষতি কি খেসারৎ হইয়া থাকিবেক তাহা পূরণের নিমিত্তে যত টাকা প্রচুর বোধ করেন তত টাকা মোকদ্দমার খরচাস্বরূপ ঐ ডিক্রীপ্রাপ্ত মহাজনের পক্ষে তৃতীয় ব্যক্তির বিরুদ্ধে ডিক্রী করিবেন ইতি।

১২১ ধারা। যখন অনেক ডিক্রীমতে মহাজনেরা দাওয়া করে তখন এই আইনানুসারে প্রাপ্ত ডিক্রীজারীক্রমে যে অস্থাবর সম্পত্তি ক্রোক করা যাইবেক তাহার তালিকা যে ব্যক্তি প্রথমে দাখিল করে সেই ব্যক্তির ঐ সম্পত্তির নীলামের উৎপন্ন টাকাহইতে আপনার সম্পূর্ণ দাওয়ার শোধ পাইবার বিষয়ে অন্য কোন মহাজনঅপেক্ষা অগ্রগণ্য হওয়ার স্বত্ব হইবেক কিন্তু তৃতীয় যে কোন ব্যক্তি ঐ সম্পত্তির দাওয়া করে তাহার বিরুদ্ধে যে কোন মহাজন ঐ সম্পত্তি নীলামে উপস্থিত করিবার বিষয়ে আপনার স্বত্ব বজায় করিতে অস্বীকার করে এমত মহাজনের প্রতি ঐ বিধি খাটিবেক না ইতি।

১২২ ধারা। ডিক্রী জারীক্রমে অস্থাবর সম্পত্তির নীলামের এত্তেলা দেওনের ও নীলাম চালাওনের কার্য্যেতে কোন বেদাঁড়াহওয়াপ্রযুক্ত ঐ নীলাম অন্যথা হইবেক না। পরন্তু যদি কোন ব্যক্তি এই প্রকার নীলামসম্পর্কীয় কোন ক্রিয়া কি ব্যাপারের দ্বারা আপনাকে অন্যায়গ্রস্ত জ্ঞান করে তবে যাহার ক্রিয়ার কি ত্রুটির দ্বারা সে আপনাকে অন্যায়গ্রস্ত বোধ করে তাহার বিরুদ্ধে খেসারতের নালিশে এই বিধিপ্রযুক্ত প্রতিকার পাইতে পারে না এমত জ্ঞান হইবেক না ইতি।

১২৩। ডিক্রীমতে খাতকের অস্থাবর সম্পত্তির নীলাম হইলে পর যদি ডিক্রীর কোন অংশ বাকী থাকে এবং ডিক্রীদার ঐ ডিক্রী যে আদালতে করা যায় তাহার এলাকার অন্তঃপাতি ঐ ডিক্রীমতে খাতকের কোন স্থাবর সম্পত্তির উপর ডিক্রীজারী করিতে চাহে তবে সেই ব্যক্তি সম্পত্তির তফসীল দাখিল করিবেক এবং আদালতকে তাহা ক্রোক করিয়া নীলাম করাইতে প্রার্থনা করিবেক। এবং ঐ আদালত সম্পত্তি ক্রোক এবং নীলাম চালাওনের নিয়ম এবং সম্পত্তির প্রস্তাবিত নীলামের বিষয়ের কোন আপত্তি কিম্বা নীলাম চালাওনের বিষয়ে কোন বেদাঁড়া নিষ্পত্তি করণের সম্পর্কে আদালতের ডিক্রী জারীক্রমে স্থাবর সম্পত্তির নীলামের বিষয়ে বাঙ্গলা ও মান্দ্রাজ ও বোম্বাই নানা রাজধানীতে যে সময়ে যে বিধি ও আইন চলন থাকে সেই সময়ে সেই বিধি ও আইনানুসারে আপনার কার্য্য চালাইবেন। কিন্তু এই আইনানুসারে ডিক্রী জারীক্রমে স্থাবর সম্পত্তির নীলামের দরখাস্ত ডিক্রীর তারিখের পর বারো মাসের মধ্যে দরপেশ না হইলে গ্রাহ্য হইবেক না ইতি।

১২৪ ধারা। যদি ডিক্রীপ্রাপ্ত মহাজন যে আদালতে ডিক্রী হইয়াছিল তাহার এলাকার মধ্যে ডিক্রী জারী করণের দ্বারা তাহা প্রবল করিতে কিম্বা তাহার টাকা আদায় করিতে না পারে এবং এই আইনানুসারে স্থাপিত অন্য কোন আদালতের এলাকার কিম্বা কলিকাতা কি মান্দ্রাজ অথবা বোম্বাইয়েতে স্থাপিত ক্ষুদ্র মোকদ্দমার কোন আদালতের এলাকার অন্তঃপাতি স্থাবর সম্পত্তি ক্রোক ও নীলামের দ্বারা ঐ ডিক্রী প্রবল করিতে ও তাহার টাকা আদায় করিতে চাহে তবে আদালত ঐ ডিক্রীপ্রাপ্ত মহাজনের দরখাস্তমতে ডিক্রীর নকল এবং তদনুসারে অব-

creditor, shall grant him a copy of the judgment and a certificate of any sum remaining due under it; and on the presentation of such copy and certificate to any of the Courts above-mentioned, such Court shall proceed to enforce such judgment according to its own rules and mode of procedure in like cases.

CXXV. No proof of the judgment and certificate, or of the signature or appointment of the officer signing the same, or of the jurisdiction of the Court, shall be necessary, unless the Court, to which the copy of such judgment and certificate may be preferred, shall think fit under any peculiar circumstances to require such proof.

CXXVI. If such judgment creditor be desirous of enforcing a judgment obtained under this Act against any immoveable property, situated in a place beyond the jurisdiction of such Court, or within the jurisdiction of any of Her Majesty's Supreme Courts at Fort William, Madras or Bombay, such judgment creditor may proceed to enforce such judgment in the manner, and under the Rules provided in Act XXXIII. of 1852, which is hereby declared applicable to such cases.

CXXVII. Every summons, notice, warrant and order, under this Act, shall issue under the seal and signature of the Court, and shall be directed to the Nazir of the Court, and shall be served or executed by him, or through an officer of his establishment.

CXXVIII. The cost of serving every process under this Act shall be fixed by the Judge of each district with the approval of the Sudder Court, and shall be deposited with the Nazir of the Court previously to the issue of the process, and shall form part of the costs of suit.

CXXIX. Every order and judgment passed under this Act, except as herein otherwise provided, shall be final and not open to review or appeal.

CXXX. *Clause I.*—Upon the application of either of the parties to a suit, the Zillah Judge may order a rehearing of a suit before the Court by which it was originally decided, upon the ground of the discovery of new evidence or matter material to the issue of the case, which the petitioner had no knowledge of, or could not produce at the time, or he may set aside the judgment of the lower Court, and make such investigation into the merits of the case, and pass such decision thereon, as to him may seem fit for any of the following special reasons.

Clause II.—The rejection of evidence which ought to have been admitted, the admission of evidence which ought to have been rejected, if the Judge be of opinion that the admission of the evidence improperly rejected, or the rejection of the evidence improperly admitted, would have been likely to have caused a different finding upon any material issue in the case.

শিষ্ট পাওনা কোন টাকার সর্টিফিকট দিবেন এবং ঐ নকল ও সর্টিফিকট উপরের উক্ত কোন আদালতে দরপেশ করিলে সেই আদালত সেই প্রকার বিষয়ে আপনার কার্য্য করণের বিধি ও নিয়মানুসারে ঐ ডিক্রী প্রবল করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

১২৫ ধারা। ডিক্রীর ও সর্টিফিকটের কোন প্রমাণ কিম্বা তাহাতে যে কার্য্যকারক দস্তখৎ করিয়াছেন তাঁহার দস্তখৎ করণের কি নিযুক্ত হওনের কিম্বা আদালতের এলাকার কোন প্রমাণের আবশ্যক হইবেক না। কিন্তু যে আদালতে ঐ ডিক্রীর নকল ও সর্টিফিকট দরপেশ করা যায় সেই আদালত যদি কোন বিশেষ গতিকে এমত প্রমাণ দিবার হুকুমকরা উচিত বোধ করেন তবে ঐ প্রমাণ দেওয়া যাইবেক ইতি।

১২৬ ধারা। যদি এইমত ডিক্রীপ্রাপ্ত মহাজন ঐ প্রকার আদালতের এলাকার বহির্ভূত কোন স্থানের কিম্বা ফোর্ট উলিয়ম কি মান্দ্রাজ কিম্বা বোম্বাই রাজধানীতে শ্রীশ্রীমতী মহারাণীর কোন সুপ্রিম কোর্টের এলাকার অন্তঃপাতি কোন স্থাবর সম্পত্তির বিরুদ্ধে এই আইনানুসারে প্রাপ্ত ডিক্রী প্রবল করিতে চাহে তবে ঐ ডিক্রীপ্রাপ্ত মহাজন ১৮৫২ সালের ৩৩ আইনের নির্দ্দিষ্টমতে এবং তাহার বিধানানুসারে ঐ ডিক্রী প্রবল করিতে প্রবর্ত্ত হইবেক। ইহার দ্বারা হুকুম হইতেছে যে ঐ আইন এমত বিষয়ে খাটিতে পারে ইতি।

১২৭ ধারা। এই আইনানুসারের প্রত্যেক সমন ও এত্তেলা ও পরওয়ানা ও হুকুম আদালতের মোহর ও দস্তখৎক্রমে বাহির হইবেক এবং আদালতের নাজিরের নামে লেখা যাইবেক এবং তাঁহার দ্বারা কিম্বা তাঁহার সিরিশ্তার কোন আমলার দ্বারা জারী কি প্রবল করা যাইবেক ইতি।

১২৮ ধারা। এই আইনানুসারে প্রত্যেক পরওয়ানা জারী করণের খরচ প্রত্যেক জিলার জজ সাহেব সদর আদালতের মঞ্জুরীক্রমে নির্দ্ধার্য্য করিবেন এবং পরওয়ানা বাহির হইবার পূর্ব্বে ঐ খরচ আদালতের নাজিরের নিকটে আমানৎ করা যাইবেক এবং মোকদ্দমার খরচার একাংশ হইবেক ইতি।

১২৯ ধারা এই আইনানুসারে যে প্রত্যেক হুকুম ও ডিক্রী করা যায় তাহা এই আইনেতে অন্যরূপ নির্দ্দিষ্ট হওনভিন্ন চূড়ান্ত হইবেক এবং তাহার পুনর্ব্বিচার হইতে পারিবেক না কি তাহার উপর আপীল হইতে পারিবেক না ইতি।

১৩০ ধারা। ১ প্রকরণ। যদি মোকদ্দমার কোন পক্ষ দরখাস্ত করে তবে মোকদ্দমার ইসুসম্পর্কীয় গুরুতর যে কোন প্রমাণ কি বিষয় দরখাস্তকারী পূর্ব্বে জ্ঞাত ছিল না কিম্বা সেই সময়ে উপস্থিত করিতে পারিল না এমত কোন নূতন প্রমাণ কি বিষয় প্রকাশ হওনপ্রযুক্ত জিলার জজ সাহেব ঐ মোকদ্দমা যে আদালতের দ্বারা প্রথমে নিষ্পত্তি হইয়াছিল সেই আদালতের সম্মুখে পুনরায় শুনা যাইবার হুকুম করিতে পারেন অথবা তিনি নীচের লিখিত কোন বিশেষ হেতুতে অধস্থ আদালতের ডিক্রী অন্যথা করিতে পারেন এবং মোকদ্দমার দোষগুণের যে প্রকার বিচার করিতে এবং তাহার বিষয়ে যেপ্রকার নিষ্পত্তি করিতে উপযুক্ত বোধ করেন তাহা করিতে পারেন।

২ প্রকরণ। যদি জজ সাহেব বোধ করেন যে অনুপযুক্তমতে যে প্রমাণ অগ্রাহ্য হইয়াছে তাহা গ্রাহ্য হইলে কি অনুপযুক্তমতে যে প্রমাণ গ্রাহ্য হইয়াছে তাহা অগ্রাহ্য হইলে মোকদ্দমাতে কোন গুরুতর ইসুক্রমে অন্যরূপ বিচার হইতে পারিত তবে যে প্রমাণ গ্রাহ্য করা উচিত তাহা অগ্রাহ্য করণের এবং যে প্রমাণ অগ্রাহ্যকরা উচিত তাহা গ্রাহ্য করণের হেতু।

Clause III.—Substantial defect in the procedure or investigation of a case in the lower Court, or misconduct of the opposite party or of the lower Court, from which there may be strong probable grounds for presuming a failure of justice; but no decision of a lower Court shall be reversed or altered, nor shall a re-hearing be directed in any case, upon the ground that the decision of any question of fact is contrary to, or not warranted by, the evidence duly taken in the case.

CXXXI. The Zillah Judge may also, upon such application, state a case for the opinion of the Sudder Court, if he shall be of opinion that the ruling of the lower Court upon the construction of a document, or upon any point of law or usage having the force of law, affecting the merits of the case, is erroneous, or that the decision of the lower Court is contrary to law or usage having the force of law, and the Sudder Court, upon the receipt of such case, shall proceed in the manner laid down in Sections LXXXIX. to XCIII. of this Act.

CXXXII. The application to the Zillah Judge shall be written on stamped paper of the value prescribed by this Act for petitions of plaint, unless the Judge for any special reason deem it necessary for the ends of justice to receive the application on plain paper.

CXXXIII. The application shall be presented in the Court of the Zillah Judge within thirty days from the date of the decision by the Appellant in person, unless the personal attendance of the petitioner be excused by the Judge, but no re-hearing, new trial, or reference to the Sudder Court shall be granted, unless the application be accompanied by a deposit in the Zillah Judge's Court of the whole amount decreed against the petitioner, whether absolutely, or as an alternative, under Section LXV. of this Act.

CXXXIV. Upon the receipt of such application the Judge shall proceed to interrogate the Appellant, or his Agent, upon oath or solemn affirmation, where such affirmation is allowed by law instead of an oath, as to the correctness of the facts set forth therein; and if upon such interrogation the grounds of the application appear insufficient, the Judge may, with or without sending for the record of the case, and with or without summoning the opposite party, reject the petition.

CXXXV. No decision of the lower Court shall be annulled or otherwise altered to the prejudice of the opposite party, nor shall a case be referred to the Sudder Court, without notice to such party to enable him to appear and be heard.

CXXXVI. If execution shall have issued, and the amount of the judgment and costs of execution shall have been paid into Court, or shall have been levied and not paid over to the successful party, the

৩ প্রকরণ। অধস্থ আদালতে মোকদ্দমার কার্য্য চলনের কিম্বা বিচার করণের যে কোন ভারি ত্রুটি কি বিপক্ষপক্ষের কিম্বা অধস্থ আদালতের যে অসদাচারের দ্বারা যথার্থ বিচারের হানি হইবার সম্ভাবনার বলবৎ কারণ আছে সেই ত্রুটির কি অসদাচারের হেতু। কিন্তু বৃত্তান্তঘটিত কোন বিষয়ের নিষ্পত্তি মোকদ্দমাতে উপযুক্তমতে যে সাক্ষ্য লওয়া গিয়াছে তাহার বিরুদ্ধে হইয়াছে কিম্বা তদনুক্রমে হয় নাই এই হেতুতে অধস্থ আদালতের কোন নিষ্পত্তি অন্যথা কি পরিবর্ত্ত হইবেক না কিম্বা কোন মোকদ্দমার দ্বিতীয়বার শুননির হুকুম হইবেক না ইতি।

১৩১ ধারা। আরো উক্ত প্রকার দরখাস্তমতে যদি জিলার জজ সাহেব বোধ করেন যে যে দলীলের দ্বারা কিম্বা যে আইন কি আইনের তুল্য বলবৎ ব্যবহারের দ্বারা মোকদ্দমার দোষগুণের ক্ষতিবৃদ্ধি হয় সেই দলীলের অর্থ করণের বিষয়ে কিম্বা সেই আইন কি ব্যবহারের কোন বিষয়ে অধস্থ আদালতের হুকুম অশুদ্ধ হইয়াছে কিম্বা অধস্থ আদালতের নিষ্পত্তি আইনের বিরুদ্ধ কি আইনের তুল্য বলবৎ ব্যবহারের বিরুদ্ধে হইয়াছে তবে তিনি সদর আদালতের মত জানিবার জন্যে সেই বিষয় জ্ঞাত করাইবেন এবং সদর আদালত সেই বিষয় প্রাপ্ত হইলে এই আইনের ৮৯ ধারাঅবধি ৯৩ ধারাপর্য্যন্ত সকল ধারার নির্দ্দিষ্টমতে কার্য্য করিবেন ইতি।

১৩২ ধারা। জিলার জজ সাহেবের নিকটে ঐ দরখাস্ত এই আইনেতে নালিশের দরখাস্তের জন্যে যে মূল্য নির্দ্দিষ্ট হইয়াছে সেই মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা যাইবেক কিন্তু যদি জজ সাহেব কোন বিশেষ হেতুতে বোধ করেন যে যথার্থ বিচারের অভিপ্রায়ের নিমিত্তে ঐ দরখাস্ত শাদা কাগজে গ্রহণ করা আবশ্যক তবে ইষ্টাম্প কাগজে লেখা যাইবেক না ইতি।

১৩৩ ধারা। আপেলাণ্ট নিষ্পত্তির তারিখের পর ত্রিশ দিনের মধ্যে আপনি জিলার জজ সাহেবের আদালতে ঐ দরখাস্ত দাখিল করিবেক কিন্তু দরখাস্তকারির স্বয়ং হাজিরহওয়া যদি জজ সাহেব ক্ষমা করেন তবে করিবেক না। পরন্তু দরখাস্তকারির বিরুদ্ধে টাকারই ডিক্রী হউক কি এই আইনের ৬৫ ধারানুসারে অন্য দ্রব্যের পরিবর্ত্তে টাকা আদায় করিবার ডিক্রী হউক ডিক্রীর সমুদয় টাকা ঐ দরখাস্তের সঙ্গে জিলার জজ সাহেবের আদালতে আমানৎ না হইলে কোন দ্বিতীয়বার শুননি কি নূতন বিচারের কি সদর আদালতে অর্পণের অনুমতি হইবেক না ইতি।

১৩৪ ধারা। ঐ দরখাস্ত প্রাপ্ত হইলে পর জজ সাহেব তাহার লিখিত বেওরার যথার্থতার বিষয়ে আপেলাণ্টকে কি তাহার মোক্তারকে শপথ করাইয়া কি যে স্থানে আইনমতে শপথের পরিবর্ত্তে ধর্ম্মতঃ প্রতিজ্ঞা হইতে পারে সেই স্থানে ঐ প্রকার প্রতিজ্ঞা করাইয়া জিজ্ঞাসা করিবেন এবং যদি সেই জিজ্ঞাসামতে দরখাস্ত করিবার হেতু প্রচুর নহে দৃষ্ট হয় তবে জজ সাহেব মোকদ্দমার রোয়দাদ তলব করিয়া কি না করিয়া এবং বিপক্ষ পক্ষকে সমন করিয়া কি না করিয়া দরখাস্ত অগ্রাহ্য করিতে পারেন ইতি।

১৩৫ ধারা। বিপক্ষ পক্ষ হাজির হইতে ও তাহার কথা শুনা যাইতে পারে এই নিমিত্তে তাহাকে এত্তেলা না দেওয়া গেলে তাহার যাহাতে ক্ষতি হয় এমতে অধস্থ আদালতের কোন নিষ্পত্তি বাতিল হইবেক না কিম্বা অন্য কোন প্রকারে পরিবর্ত্তন হইবেক না কিম্বা মোকদ্দমা সদর আদালতে অর্পণ হইবেক না ইতি।

১৩৬ ধারা। যদি ডিক্রী জারীর হুকুম বাহির হইয়া থাকে এবং ডিক্রীর টাকা ও ডিক্রী জারীর খরচ আদালতে দাখিল হইয়া থাকে অথবা আদায় হইয়া জয়ি ব্যক্তিকে না দেওয়া গিয়া থাকে তবে ঐ টাকা জজ সাহেবের

amount shall remain in Court to abide the orders of the Judge, and in such case the petitioner shall not be required to make a deposit.

CXXXVII. Every order passed by a Zillah Judge, in cases appealed to his Court under the foregoing Sections, shall be final, and not open to review.

CXXXVIII. A register of causes shall be kept by every Court established under this Act, in which, under the title of each action, the plaint, the substance of the examinations of the parties to the suit, and of the evidence of the witnesses, all proceedings had in the case, the time when the parties or either of them appeared, every adjournment, the judgment of the Court, all applications made and orders passed in execution, and generally what may have been done in the case, shall be regularly entered in the vernacular language of the Judge, and every such entry shall be signed by the Court, and by the parties or their Agents, when present.

CXXXIX. An Alphabetical Index to such register shall be kept in the same language, in which shall be entered the names of the parties in every suit and the date on which it was decided.

CXL. This Act shall not extend to any suit pending at the date of the passing of the Act.

CXLI. All Regulations and Acts of the Bengal, Madras or Bombay Codes, in as far as they are inconsistent with the provisions of this Act, are to be considered repealed when and wherever this Act may be in force.

CXLII. The word "Court" as used in this Act shall include any Judge, or other Officer specially appointed or empowered by the Executive Government to try cases under this Act.

APPENDIX A.

Form of Plaint.

No. ———

Plaintiff ————

Defendant ————

Claim, Company's Rupees ————

[Here state briefly the cause of action and its date.]

The following are given as examples of such statement, and must be adapted to the circumstances of the case :—

Being the damages sustained by the Plaintiff by the non-performance on the part of the Defendant of a written contract filed herewith [here state the nature of the contract and the date upon which it was entered into.]

Or

Principal and interest on a bond made by the Defendant to the Plaintiff under date for the sum of payable on and bearing interest at per cent. per year.

[*Government Gazette, 27th June, 1854.*]

হুকুমের অপেক্ষায় আদালতে থাকিবেক এবং ঐ মত স্থলে দরখাস্তকারিকে কোন আমানৎ করিবার হুকুম হইবেক না ইতি।

১৩৭ ধারা। পূর্ব্বোক্ত কএক ধারানুসারে জিলার জজ সাহেবের আদালতে যে২ মোকদ্দমার আপীল হয় তাহাতে ঐ সাহেব যে প্রত্যেক হুকুম করেন তাহা চূড়ান্ত হইবেক এবং তাহার পুনর্ব্বিচার হইতে পারিবেক না ইতি।

১৩৮ ধারা। এই আইনানুসারে স্থাপিত প্রত্যেক আদালত মোকদ্দমার রেজিষ্টর বহী রাখিবেন। তাহাতে প্রত্যেক নালিশের শিরনামার নীচে নালিশের আরজী ও উভয় পক্ষের জোবানবন্দীর ও সাক্ষিরদের সাক্ষ্যের মর্ম্ম এবং মোকদ্দমায় যে সকল রুবকারী হয় তাহা এবং উভয় পক্ষ কি তাহারদের কোন পক্ষ যে সময়ে উপস্থিত হয় তাহা এবং যতবার মোকদ্দমার শুননি অন্য দিবসপর্য্যন্ত স্থগিত হয় তাহা এবং আদালতের ডিক্রী ও ডিক্রী জারী সম্পর্কে যে সকল দরখাস্ত হয় ও হুকুম করা যায় তাহা এবং সাধারণমতে মোকদ্দমায় যে কিছু করা যায় তাহা বিচারকর্ত্তার নিজ ভাষায় নিয়মমতে লেখা যাইবেক এবং এমত প্রত্যেক লিখনে অদালত দস্তখৎ করিবেন এবং উভয় পক্ষ কি তাহারদের মোখ্তারেরা হাজির থাকিলে তাহারাও দস্তখৎ করিবেক ইতি।

১৩৯ ধারা। ঐ রেজিষ্টরের অক্ষরক্রমে এক নির্ঘণ্ট সেই ভাষাতে রাখিতে হইবেক তাহাতে প্রত্যেক মোকদ্দমার বাদিপ্রতিবাদির নাম এবং মোকদ্দমা যে তারিখে নিষ্পত্তি হইয়াছিল তাহা লেখা যাইবেক ইতি।

১৪০ ধারা। এই আইন জারী হওনের তারিখে যে কোন মোকদ্দমা উপস্থিত থাকে তাহার প্রতি এই আইন খাটিবেক না ইতি।

১৪১ ধারা। এই আইন যে সময়ে ও যে কোন স্থানে বলবৎ থাকে সেই সময়ে ও সেই স্থানে বাঙ্গলা ও মান্দ্রাজ ও বোম্বাইয়ের চলিত সকল আইন ও আক্ট যে পর্য্যন্ত এই আইনের বিধানের সঙ্গে অসঙ্গত হয় সেই পর্য্যন্ত রদ হইল এমত জ্ঞান করিতে হইবেক ইতি।

১৪২ ধারা। এই আইনেতে "আদালত" এই যে শব্দ ব্যবহার হয় তাহার অর্থের মধ্যে কর্ত্তৃত্বকারি গবর্ণমেণ্ট কর্ত্তৃক যে কোন বিচারকর্ত্তা কি অন্য কার্য্যকারক এই আইনানুসারে মোকদ্দমার বিচার করিতে বিশেষমতে নিযুক্ত কি ক্ষমতাপ্রাপ্ত হন তাঁহাকেও বুঝায় ইতি।

A চিহ্নিত আপেণ্ডিক্স।

নালিশী আরজীর পাঠ।

অমুক নম্বর।

অমুক ফরিয়াদী

অমুক আসামী

দাওয়া কোম্পানির এত টাকা।

[এই স্থলে মোকদ্দমার হেতু ও তাহার তারিখ সংক্ষেপরূপে লেখ।]

নীচের লিখিত কথা ঐ বৃত্তান্তের আদর্শস্বরূপ দেওয়া যাইতেছে মোকদ্দমার ভাবগতিক বুঝিয়া তাহা খাটাইতে হইবেক।

ইহার সঙ্গে যে নিয়মপত্র [এই স্থলে ঐ নিয়মের মর্ম্ম এবং যে তারিখে করা গিয়াছিল তাহা লিখিতে হইবেক] দাখিল করা যাইতেছে তদনুসারে আসামীর কার্য্য না করণেতে ফরিয়াদীর যে ক্ষতি হইয়াছে তাহার বাবৎ।

অথবা।

আসামী ফরিয়াদীকে অমুক তারিখে এই করারে যে তমঃসুক লিখিয়া দেয় যে এত টাকা অমুক তারিখে দিব এবং সেই টাকার সালিয়ানা শতকরা এত টাকার সুদ চলিবেক সেই তমঃসুকমতে আসল ও সুদের টাকার বাবৎ।

Or

For goods sold and delivered as per account stated below.

Or

Rent for the use and occupation by the Defendant of a shop belonging to the Plaintiff, for twelve months, from the 1st January, 1853 to the 1st January, 1854, at 10 Rupees per month.

Or

Wages for five months as washerman, from 1st June, 1853, at 3 Rupees per month.

Or

For that the Defendant on the day of 185 at so improperly drove a certain cart, that it struck and injured a certain cow of the Plaintiff, whereby the Plaintiff has sustained damages to the amount stated.

Or

For that by a judgment of the of the 17th day of June, 1853, the Defendant is indebted to the Plaintiff in the sum of Company's Rupees and that he has not paid the same.

APPENDIX B.

Form of Summons to Defendant.

No. ——— of Plaint.

——————— Plaintiff.

versus

——————— Defendant.

In the Court of at

Whereas A. B., inhabitant of has instituted against you, in this Court, a suit of Rupees, being the amount of goods furnished to you on the 1st of January, 1854; you are therefore hereby required to appear in this Court on the day of and on any subsequent day on which your appearance may be required, to answer the above-named Plaintiff, and you will bring with you [here mention any document, the production of which may be required by the Plaintiff] which the Plaintiff desires to inspect and any other document on which you may intend to rely in support of your defence.

APPENDIX C.

Form of Warrant for arresting a Defendant on Mesne Process.

In the Court of

——————— Plaintiff

versus

——————— Defendant.

To

The Nazir of the Court of

Whereas the Plaintiff in this suit has obtained an order from the Court for the arrest of the Defendant upon mesne process, you are therefore hereby commanded to bring the Defendant forthwith before the Court, unless he deposit with you, or with the Officer employed by you to serve this warrant, the sum of Rupees. Dated this day of 185

অথবা।

নীচের লিখিত হিসাবমতে যে দ্রব্য তোমার নিকটে বিক্রয় করা যায় ও দেওয়া যায় তাহার বাবৎ।

অথবা।

ফরিয়াদীর যে দোকান ঘর আসামী বারো মাসের জন্যে অর্থাৎ ১৮৫৩ সালের ১ জানুআরি তারিখঅবধি ১৮৫৪ সালের ১ জানুআরি তারিখপর্য্যন্ত মাসে ১০৲ টাকা দিবার করারে ব্যবহার ও দখল করে তাহার ভাড়ার বাবৎ।

অথবা।

ধোবার কর্ম্ম করিয়া মাসে ৩৲ টাকার হিসাবে ১৮৫৩ সালের ১ জুন তারিখঅবধি পাঁচ মাসের মাহিয়ানার বাবৎ।

অথবা।

আসামী অমুক স্থানে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে একখান বলদগাড়ি অনুচিতমতে চালাইলে ফরিয়াদীর এক গরুর গায়ে গাড়ি লাগিয়া তাহার ক্ষতি করিয়াছে তাহাতে ফরিয়াদীর উক্ত এত টাকার খেসারৎ হইয়াছে তাহার বাবৎ।

অথবা।

অমুক আদালতের ১৮৫৩ সালের ১৭ জুন তারিখের এক ডিক্রীক্রমে আসামী ফরিয়াদীর কোম্পানির এত টাকা ধারে এবং দেয় নাই তাহার বাবৎ।

B চিহ্নিত আপেণ্ডিক্স।

আসামীর নামে সমনের পাঠ।

নালিশী আরজীর নম্বর।

অমুক———————ফরিয়াদী।

অমুক———————আসামী।

অমুক স্থানর অমুক আদালতে

যেহেতুক অমুক স্থাননিবাসি অমুক ১৮৫৪ সালের ১ জানুআরি তারিখে তোমাকে যে দ্রব্য দিয়াছিল তাহার মূল্য এত টাকার বাবৎ তোমার নামে এই আদালতে নালিশ করিয়াছে অতএব তোমাকে ইহার দ্বারা হুকুম করা যাইতেছে যে তুমি উক্ত ফরিয়াদীকে জওয়াব দিবার জন্যে অমুক মাসের অমুক তারিখে এবং তাহার পর যে কোন দিনে তোমার হাজির হওয়ার আবশ্যক হয় সেই দিনে এই আদালতে হাজির হও এবং তুমি [ফরিয়াদী যে কোন দলীল উপস্থিত করিবার বিষয়ে প্রার্থনা করে] অমুক যে দলীল ফরিয়াদী দেখিতে চাহে তাহা এবং আপন জওয়াবের পোষকতার্থে অন্য যে কোনদলীলের প্রতি তোমার নির্ভর করিবার অভিপ্রায় থাকে তাহা সঙ্গে করিয়া আন।

C চিহ্নিত আপেণ্ডিক্স।

মোকদ্দমার রুবকার কালীন পরওনাক্রমে আসামীকে ধরিয়া আনিবার পরওয়ানার পাঠ।

অমুক আদালতে

অমুক———————ফরিয়াদী।

অমুক———————আসামী।

অমুক আদালতের নাজির প্রতি আগে।

যেহেতুক এই মোকদ্দমার ফরিয়াদী মোকদ্দমার রুবকার কালীন পরওয়ানাক্রমে আসামীকে ধরিয়া আনিবার হুকুম আদালতহইতে পাইয়াছে অতএব তোমাকে আজ্ঞা করা যাইতেছে যে তুমি আসামীকে অবিলম্বে এই আদালতের সম্মুখে আন। কিন্তু আসামী যদি তোমার নিকটে কিম্বা তুমি এই পরওয়ানা জারী করিতে যে আমলাকে নিযুক্ত কর তাহার নিকটে এত টাকা আমানৎ করে তবে তাহাকে আনিও না ইতি ১৮৫ সালের অমুক মাসের অমুক তারিখ।

APPENDIX D.

Form of Bond to be entered into by a Security, for the appearance of the Defendant.

In the Court of

——————— Plaintiff

versus

——————— Defendant.

Whereas the Court has required the Defendant in this suit to find security for his appearance, and whereas I inhabitant of have voluntarily agreed to become security for the appearance of the Defendant in this Court, whenever the same may be required by the Judge, at any time while the suit is depending before the Court, or before the final decree which may be passed thereupon shall be fully and completely carried into execution ; therefore I do hereby bind myself, my heirs and representatives in the sum of Rupees, to pay such sum as may be adjudged against the said Defendant, and to perform whatever order or decree may be passed against him in the said suit ; provided always that the said Defendant shall not have fulfilled the decree or appeared in Court when required for that purpose.

As witness my hand this day of 185

Signed by the Security.

Names and residences of the witnesses.

A. B.

C. D.

APPENDIX E.

Form of Summons for citing a Witness.

In the Court of

——————— Plaintiff

versus

——————— Defendant.

To A. B., inhabitant of

You are hereby commanded to appear at the said Court on the day of next, to give evidence in the above suit, or to produce [here mention any document that the witness may be required to produce.]

APPENDIX F.

Writ of Execution against the Person.

——————— Plaintiff

versus

——————— Defendant.

To

The Nazir of the Court of

Whereas A. B. was directed by a decree of this Court, under date the day of 185 to pay to C. D. the sum of Company's Rupees and Rupees for costs of suit, amounting to Company's Rupees and whereas the said A. B. has omitted to liquidate the same. These are therefore to command you to apprehend the said A. B., and unless the said A. B. shall pay you the sum of Company's Rupees, in satisfaction of the

D চিহ্নিত আপেণ্ডিক্স।

আসামীর হাজির হইবার বিষয়ে জামিনের যে তমঃসুক লিখিয়া দিতে হইবেক তাহার পাঠ।

অমুক আদালতে।

অমুক ফরিয়াদী।

অমুক আসামী।

যেহেতুক আদালত এই মোকদ্দমার আসামীকে হাজির জামিন দিতে হুকুম করিয়াছেন এবং যেহেতুক অমুক স্থাননিবাসি আমি অমুক আদালতে মোকদ্দমা যে পর্য্যন্ত উপস্থিত থাকে কিম্বা তাহাতে যে চূড়ান্ত ডিক্রী হয় তাহা যেপর্য্যন্ত সম্পূর্ণরূপে ও সর্ব্বাংশে জারী না হয় সেইপর্য্যন্ত যে কোন সময়ে বিচারকর্ত্তা হুকুম করেন সেই সময়ে এই আদালতে আসামীর হাজির হইবার বিষয়ে স্বেচ্ছামতে জামিন হইলাম অতএব উক্ত আসামীর বিরুদ্ধে যত টাকার ডিক্রী হয় তাহা দিবার বিষয়ে এবং উক্ত মোকদ্দমায় তাহার বিরুদ্ধে যে কোন হুকুম কি ডিক্রী হয় তদনুসারে কার্য্য করিবার বিষয়ে আমি আপনাকে ও আমার উত্তরাধিকারি ও স্থলাভিষিক্তদিগকে এত টাকার তাইনে বদ্ধ করিলাম। পরন্তু সর্ব্বদাই জানা কর্ত্তব্য যে যদি আসামী আপনি ডিক্রীমতে কার্য্য করে কিম্বা আদালতে হাজির হইবার হুকুম পাইলে হাজির হয় তবে আমি দায়ী নহি।

আমার দস্তখৎ। অমুক সাল অমুক তারিখ।

হাজিরজামিনের দস্তখৎ।

ইসাদীরদের নাম ও বাসস্থান।

শ্রীঅমুক।

শ্রীঅমুক।

E চিহ্নিত আপেণ্ডিক্স।

সাক্ষিকে তলব করিবার সমনের পাঠ।

অমুক আদালতে।

অমুক ফরিয়াদী।

অমুক আসামী।

অমুক স্থাননিবাসি শ্রী অমুক প্রতি আগে।

তোমার প্রতি ইহার দ্বারা হুকুম করা যাইতেছে যে উক্ত মোকদ্দমায় সাক্ষ্য দিবার জন্যে অথবা [এই স্থলে সাক্ষির যে কোন দলীল উপস্থিত করিতে হইবেক তাহা লেখা যাইবেক] উপস্থিত করিবার জন্যে আগামি অমুক মাসের অমুক তারিখে উক্ত আদালতে হাজির হও ইতি।

F চিহ্নিত আপেণ্ডিক্স।

ব্যক্তির উপর ডিক্রী জারীর পরওয়ানা।

অমুক ফরিয়াদী।

অমুক আসামী।

অমুক আদালতের নাজির প্রতি আগে।

যেহেতুক এই আদালতের অমুক সালের অমুক মাসের অমুক তারিখের ডিক্রীক্রমে অমুকের প্রতি হুকুম হইয়াছিল যে অমুককে কোম্পানির এত টাকা এবং মোকদ্দমার খরচার বাবৎ এত টাকা সর্ব্বসুদ্ধ কোম্পানির এত টাকা দেয় এবং যেহেতুক উক্ত অমুক ঐ টাকা শোধ করিতে ত্রুটি করিয়াছে অতএব ইহার দ্বারা তোমার প্রতি আজ্ঞা হইতেছে যে উক্ত অমুককে গ্রেফ্তার কর এবং যদি উক্ত অমুক উক্ত ডিক্রীর এবং খরচার বাবৎ কোম্পানির এত টাকা এবং এই পরওয়ানা জারীর খরচের বাবৎ এত টাকা তোমাকে না দেয় তবে তাহাকে লইয়া আইনানুসারে করিবার জন্যে এই আদালতে হাজির কর।

said decree and costs, and the sum of
Rupees for the costs of executing this process, to produce him before this Court, to be dealt with according to law.

Given under my hand and the seal of the Court, this second day of 18

(Signed) E. F.

Judge.

APPENDIX G.

Writ of Execution against the Effects.

——————— Plaintiff

versus

——————— Defendant.

To

The Nazir of the Court of

Whereas A. B. was directed by a decree of this Court, under date the 185 to pay to C. D. the sum of Rupees with interest at per cent. per annum to the day of payment, which to this date amounts to Rupees and Rupees for costs of suit, amounting to Company's Rupees and whereas the said A. B. has omitted to liquidate the same : these are therefore to command you to levy the said sum of Company's Rupees and the sum of Company's Rupees for the costs of executing this procees by distress and sale of the moveable property of the said A. B., according to the Schedule annexed ; and you are hereby ordered and directed to distrain such property of the said A. B., and to sell and dispose of the same within (not being less than five days from the day the property was taken), unless the sum of Company's Rupees for which such distress shall be made, together with the reasonable charges of taking and keeping such distress shall be sooner paid ; and you are hereby commanded to certify to me what you shall do by virtue of this Warrant.

Given under my hand and the seal of the Court, at this day of 185

(Signed) J.

Judge.

APPENDIX H.

Form of Security Bond for payment of the Amount of Decree by Judgment Debtor.

——————— Plaintiff

versus

——————— Defendant.

Whereas was directed by a decree of this Court, under date to pay to the sum of and Rupees for costs of suit, amounting in all Company's Rupees and whereas the said has failed to pay the same, I have voluntarily become security for the payment of the above sum to the said in full, or by instalments [if to be paid in full, state date of payment—if by

[অমুক সালের অমুক মাসের এই দ্বিতীয় তারিখে আমার দস্তখতে ও আদালতের মোহরে দেওয়া যায়।

শ্রী অমুক। বিচারকর্ত্তা।

G চিহ্নিত আপেণ্ডিক্স।

অস্থাবর সম্পত্তির বিরুদ্ধে ডিক্রী জারীর পরওয়ানা।

অমুক ফরিয়াদী

অমুক আসামী

অমুক আদালতের নাজির প্রতি আগে।

যেহেতুক এই আদালতের অমুক সালের অমুক মাসের অমুক তারিখের ডিক্রীক্রমে অমুককে হুকুম হইয়াছিল যে অমুককে এত টাকা এবং ঐ টাকা দিবার তারিখপর্য্যন্ত সালিয়ানা শতকরা এত টাকা সুদ লইয়া অদ্যকার তারিখপর্য্যন্ত পাওনা এত টাকা এবং মোকদ্দমার খরচার বাবৎ এত টাকা সর্ব্বসুদ্ধ কোম্পানির এত টাকা দেয় এবং যেহেতুক উক্ত অমুক ঐ টাকা শোধ করিতে ক্রটি করিয়াছে অতএব ইহার দ্বারা তোমার প্রতি আজ্ঞা হইতেছে যে তুমি নীচের লিখিত তফসীলমতে উক্ত অমুকের অস্থাবর সম্পত্তি ক্রোক ও নীলাম করণের দ্বারা উক্ত কোম্পানির এত টাকা এবং এই পরওয়ানা জারী করণের খরচের বাবৎ কোম্পানির এত টাকা আদায় কর। আরো ইহার দ্বারা তোমাকে হুকুম ও আদেশ করা যাইতেছে যে উক্ত কোম্পানির যে এত টাকার বাবৎ ঐ ক্রোক করা যাইবেক তাহা এবং ক্রোককর সম্পত্তি লওনের ও রাখণের ওয়াজীব খরচ পূর্ব্বে না দেওয়া গেলে তুমি উক্ত অমুকের ঐ সম্পত্তি ক্রোক করিয়া (ঐ সম্পত্তি লওনের তারিখের পর পাঁচ দিনের কম না হয়) এত দিনের মধ্যে তাহা নীলাম করিয়া হস্তান্তর কর। আরো তোমাকে ইহার দ্বারা আজ্ঞা হইতেছে যে এই পরওয়ানাক্রমে তুমি যাহা কর তাহা সর্টিফিকট লিখিয়া আমাকে জানাও ইতি।

অমুক সালের অমুক মাসের অমুক তারিখে অমুক স্থানে আমার দস্তখতে ও আদালতের মোহরে দেওয়া যায়।

শ্রী অমুক। বিচারকর্ত্তা।

H চিহ্নিত আপেণ্ডিক্স।

ডিক্রীক্রমে খাতকের ডিক্রীর লিখিত টাকা দিবার বিষয়ে জামিনী তমঃসুকের পাঠ।

অমুক ফরিয়াদী

অমুক আসামী

যেহেতুক এই আদালতের অমুক তারিখের ডিক্রীক্রমে অমুককে হুকুম হইয়াছিল যে অমুককে এত টাকা এবং মোকদ্দমার খরচার বাবৎ এত টাকা সর্ব্বসুদ্ধ কোম্পানির এত টাকা দেয় এবং যেহেতুক উক্ত অমুক ঐ টাকা দেয় নাই অতএব আমি অমুক উক্ত অমুককে ঐ টাকা একেবারে অথবা কিস্তীক্রমে দিবার বিষয়ে স্বেচ্ছামতে জামিন হইলাম। [যদি ঐ টাকা একেবারে দিতে হইবেক তবে তাহা দিবার তারিখ লেখ। যদি কিস্তীবন্দী করিয়া দিতে হইবেক তবে কত কিস্তী এবং প্রত্যেক কিস্তীর টাকা যে তারিখে দেনা পড়ে তাহা

instalment, specify the number of instalments, and the date on which each instalment becomes due]; and I do hereby agree, on behalf of myself, my heirs, and representatives, to perform the conditions of this bond, and that if any default shall happen in the fulfilment of the conditions contained in this bond, the judgment creditor may proceed without a fresh action to sue out execution against me upon this bond under the rules of this Act, in like manner as if a decree had been passed against me upon this bond.

Dated the day of

(Signed)

Security.

Signed, dated and delivered in the presence of

Names and residence of witnesses.

A. B.
C. D.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first meeting of the Legislative Council of India after the 15th day of July next.

C. ALLEN,
Offg. Secy. to the Govt. of India.

বিশেষ করিয়া লেখ] এবং আমি আপনার নিমিত্তে এবং আমার উত্তরাধিকারী ও স্থলাভিষিক্তদের নিমিত্তে ইহার দ্বারা এই করার করিতেছি যে আমি এই তমঃসুকের নিয়ম পালন করিব এবং যদি এই তমঃসুকের লিখিত নিয়ম পালনের বিষয়ে কোন ত্রুটি হয় তবে এই তমঃসুকক্রমে আমার বিরুদ্ধে ডিক্রী হইলে ডিক্রীপ্রাপ্ত মহাজন যেরূপ করিতে পারিত সেইরূপে ঐ মহাজন নূতন নালিশ না করিয়া এই আইনের বিধানমতে এই তমঃসুকক্রমে আমার নামে ডিক্রী জারীর দরখাস্ত করিতে পারে।

অমুক মাসের অমুক তারিখ।

শ্রী অমুক। জামিন।

আমারদের সাক্ষাতে দস্তখৎ করা যায় ও তারিখ লেখা যায় ও দাখিল করা যায়।

ইসাদীরদের নাম ও বাসস্থান।

শ্রী অমুক।
শ্রী অমুক।

হুকুম হইল যে এক্ষণে পাঠ করা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি জুলাই মাসের ১৫ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জর্জ প্লোডন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDER OF THE BOARD OF REVENUE.

[REVENUE DEPARTMENT.]

No. 13.

MEMORANDUM.

It is requested that the accompanying forms may be substituted for those of Registers Nos. 2 and 5 respectively, appended to Circular No. 4 of the 20th January last, in which a column was omitted.

By order of the Board of Revenue, Lower Provinces,

(Signed) A. GROTE.
Offg. Secretary.

Dated Fort William, the 13th May, 1854.

বোর্ড রেবিনিউ সরক্যুলর অর্ডর।

[রেবিনিউ ডিপার্টমেণ্ট।]

১৩ নম্বর।

স্মারক লিপি।

আদেশ হইতেছে যে গত জানুআরি মাসের ২০ তারিখের ৪ নম্বরী সরক্যুলর অর্ডরের ২ ও ৫ নম্বরী রেজিষ্টরে এক২ ঘর ছাড়া হওয়াতে তাহার পরিবর্ত্তে নীচের লিখিত দুই পাঠের ব্যবহার হয়।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর হুকুমক্রমে।

এ গ্রোট। এক্টিং সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম। ১৮৫৪ সাল ১৩ মে।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

No. 2.
1st June, 1852.

REGISTER OF CHELLANS.

(To be kept in the Accountant's Department.)

1	2	3	4	5		
				Amount of the Chellan.		
Consecutive Nos. of the Chellans	Name of payer.	On what account.	Under what head credited.	Cash.	Transfer.	Total.
1	Bissonath Aucharjee, ...	Amount deposited by the farmer of Talook No. 526, including Lakhiraj Mehal, &c., on account profit of the Minor Prosono Coomar Chowdry, proprietor of the Estate for 1258 B. S., ...	Deposits, ...	68 0 0	0 0 0	68 0 0
2	Chunder Kaunth Roy, ...	On account of Revenue of Mehal Chitia No. 1, ...	Land Revenue, ...	232 13 0	0 0 0	232 13 0
3	Essan Chunder Chatterjea, Nazir, ..	Remitted by the Judge of the 24-Pergunnahs, ...	Judicial Deposits, ...	2776 14 9	0 0 0	2776 14 9
4	Debnarain Banoorjee, Mohurir, ...	Remitted by the Abkarry Superintendent of 24-Pergunnahs, ...	Abkarry, ...	502 14 7	0 0 0	502 14 7
5 & 1 T	Petumber Mookerjea, Stamp vendor of the Magistrate's Court, ...	On account of value of Stamps, ...	Stamps, ...	480 0 0	20 0 0	500 0 0
6	Hurry Nath Sein, Mookhtear, ...	On account of fine levied on him, ...	Profit and Loss, ...	14 2 0	0 0 0	14 2 0
7	Gobindpersaud Pundit, Deputy Collector,	On account of saving from the Salary of his Omlah, ...	Ditto, ...	0 4 3	0 0 0	0 4 3
8	C. D., ...	Recovery of loss on Mint Remittances, ...	Ditto, ...	10 0 0	0 0 0	10 0 0
2 T	Transfer, ...	Fees under Regulation VIII. of 1819, ...	Ditto, ...	0 0 0	1 8 10	1 8 10
9	Mr. A. B., ...	Draft No. 1, dated 1st June, 1852, issued upon the Collector of Patna, in favor of Mr. A. B., at 10 days after sight, ...	Bills payable, ...	500 0 0	0 0 0	500 0 0
				4585 0 7	21 8 10	4606 9 5

[১৮৫২ সালের ১ জুন। ২৭ নম্বর।]

২ নম্বর।
১৮৫২ সাল ১ জুন।
চালানের রেজিষ্টর।
(এই রেজিষ্টর হিসাবরাখণিয়ার দফ্তরখানায় থাকিবেক।)

১	২	৩	৪	৫		
				চালানের যত টাকা		
চালানের একদিক্রমে নম্বর	টাকা দেওনিয়ার নাম	যে বাবতে	যে শিরনামায় জমা হয়	নগদে	খারিজদাখিলে	মোট
১	বিশ্বনাথ আচার্য্য	লাখেরাজ মহাল ওগয়রহ সমেত ৫২৬ নম্বরী তালুকের ইজারদার মহালের মালিক নাবালগ প্রসন্নকুমার চৌধুরীর বাঙ্গলা সন ১২৫৮ সালের লভ্যের টাকা দাখিল করে ...	আমানৎ	৬৮৲	০	৬৮৲
২	চন্দ্রকান্ত রায়...	১ নং চিটার মহালের মালগুজারী	ভূমির রাজস্ব	২৩২৸/	০	২৩২৸/
৩	ঈশানচন্দ্র চাটুর্য্যা নাজির	চব্বিশপরগনার জজ সাহেব পাঠান্	আদালতের আমানৎ	২,৭৭৬৸৶৯	০	২,৭৭৬৸৶৯
৪	দেবনারায়ণ বাঁড়ুয্যা মুহুরীর	ঐ স্থানের আবকারীর সুপরিণ্টেণ্ডেণ্ট পাঠান্ ..	আবকারী	৫০২৸৶৭	০	৫০২৸৶৭
৫ ও ১ খ	মাজিষ্ট্রেটী আদালতের ইষ্টাম্পবিক্রেতা পীতাম্বর মুখুয্যা	ইষ্টাম্পের মূল্যের বাবৎ	ইষ্টাম্প	৪৮০৲	২০৲	৫০০৲
৬	হরিনাথ সেন মোখ্তার	তাহার জরীমানার বাবৎ	লাভনোকসান	১৪৶০	০	১৪৶০
৭	ডেপুটী কালেক্টর গোবিন্দপ্রসাদ পণ্ডিত ...	তাহার আমলার বেতনহইতে বাঁচিয়াছে	ঐ	।৩	০	।৩
৮	অমুক	টাকশালে পাঠান মুদ্রার কমী ফিরিয়া পাওয়া ..	ঐ	১০৲	০	১০৲
২ খ	খারিজদাখিল	১৮১৯ সালের ৮ আইনানুসারে রসুম	ঐ	০	১॥১০	১॥১০
৯	অমুক সাহেব...	পাটনার কালেক্টর সাহেবের উপর অমুক সাহেবের নামে দশ দিন মিয়াদের ১৮৫২ সালের ১ জুন তারিখের ১ নম্বরী হুণ্ডী	দেয় বিল	৫০০৲	০	৫০০৲
				৪,৫৮৫৲৭	২১॥১০	৪,৬০৬॥৶৫

No. 5.

1st June, 1852.

REGISTER OF WARRANTS OF PAYMENTS.

(To be kept in the Accountant's Department.)

1	2	3	4	5		
				Amount of the Warrant.		
No. of Warrants.	To whom Paid.	On what account.	Under what head debited.	In Cash.	By Transfer.	Total.
1	Chunder Mohun Chowdry, Surburakar, ...	Out of the funds of Minor Prosono Coomar Chowdry, ...	Deposits, ...	128 12 0	0 0 0	128 12 0
2	Nobin Chunder Dutt, Zemindar, ...	Refunded Collections of— Mouzah ——— Pergunnah ——— on the Towjee under fixed Revenue for 1851-52,	Ditto, ...	22 7 11	0 0 0	22 7 11
1 T	Transfer, ...	4 per cent. discount on the value of Stamps given to the Stamp Vendors, ...	Stamps, ...	0 0 0	20 0 0	20 0 0
3	Judge of 24-Pergunnahs, ...	Amount of his Cheques, ...	Judicial Charges General, ...	1737 13 4	0 0 0	1737 13 4
4 & 2 T	Joykisto Mookerjee, ...	Sale proceeds under Regulation VIII. of 1819, ... 54 8 10; Fees under Regulation VIII. of 1819, ... 1 8 10	Deposits, ...	54 8 10	1 8 10	56 1 8
5	E. F., ...	Law Charges, ...	Law Charges, ...	10 0 0	0 0 0	10 0 0
6	Mr. C. D., ...	Draft No. 10, dated 31st May, 1852, drawn by the Collector of Midnapore, ...	Bills Payable, ...	10 0 0	0 0 0	10 0 0
				1963 10 1	21 8 10	1985 2 0

[সংবাদপত্র সেকেলের ১ খণ্ড ৪ ১ ৭ খণ্ড]

৫ নম্বর।

১৮৫২ সাল ১ জুন।

দেওয়া টাকার পরওয়ানার রেজিষ্টর।

(এই রেজিষ্টর হিসাবরাখনিয়ার দফ্তরখানায় থাকিবেক।)

১	২	৩	৪	৫ পরওয়ানার যত টাকা		
পরওয়ানার নম্বর	যাহাকে দেওয়া যায়	যে বাবতে	যে শিরনামায় খরচ লেখা যায়	নগদে	খারিজদাখিলে	মোট
১	চন্দ্রমোহন চৌধুরী সরবরাহকার	নাবালগ প্রসন্নকুমার চৌধুরীর তহবীলহইতে ...	আমানৎ	১২৮৸০	০	১২৮৸০
২	নবীনচন্দ্র দত্ত জমীদার	তৌজীতে ১৮৫১। ৫২ সালের স্থির জমা হওয়াতে অমুক পরগনার অমুক মৌজার ফিরিয়া দেওয়া তহসীলাৎ ...	ঐ	২২ ।৶১১	০	২২ ।৶১১
১ খ	খারিজদাখিল	ইষ্টাম্পবিক্রেতাকে ইষ্টাম্পের মূল্যের উপর শতকরা ৪৲ টাকার হিসাবে দেওয়া যায়	ইষ্টাম্প	০	২০৲	২০৲
৩	চব্বিশপরগনার জজ সাহেব	তাঁহার হুণ্ডীর মবলগ	আদালতের সাধারণ খরচ	১,৭৩৭৸/৪	০	১,৭৩৭৸/৪
৪ ও ২ খ	জয়কৃষ্ণ মুখুয্যা	১৮১৯ সালের ৮ আইনমতে নীলামের উৎপন্ন ... ... ৫৪॥১০ ১৮১৯ সালের ৮ আইনমতে রসুম ১॥১০	আমানৎ	৫৪॥১০	১॥১০	৫৬/৮
৫	অমুক	মোকদ্দমার খরচা	মোকদ্দমার খরচা	১০৲	০	১০৲
৬	অমুক সাহেব	মেদিনীপুরের কালেক্টর ১৮৫২ সালের ৩১ মে তারিখের ১০ নম্বরী হুণ্ডী দেন	দেয় বিল	১০৲	০	১০৲
				১,৯৬৩॥৶১	২১॥১০	১,৯৮৫৶১১

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 20.

To the Zillah Judges in the Lower Provinces.

I am directed by the Court to forward, for your information and for communication to the Registers of Deeds in your district, copy of a letter No. 760, dated 31st March, from the Under-Secretary to the Government of Bengal, and to request that you will be careful that no other books than those supplied by the Superintendent of Stationery be made use of by the Registers of Deeds from and after the 1st January, 1855.

2. Each Register of Deeds will with as little delay as possible, forward through you to the Superintendent of Stationery an indent shewing the number of pages which, with reference to the number of Deeds usually registered in his Office, will be sufficient for each description of book required in his Office by the Court's Circular Order No. 62, of 31st January, 1845. There are seven books required for the various kinds of Deeds, one book for copies of powers of Attorney, and two books for the Annual Indices. The cost of the books will be recovered by the Superintendent of Stationery from the Officer holding the Registry of Deeds who makes the indent.

3. In your Annual Report on the Registry Offices, you will be careful to attend to the instructions conveyed in paragraph 1 of the Government letter.

(Signed) C. T. BUCKLAND,
Register.

Fort William, the 19th May, 1854.

(Copy.)

No. 760.

From the Under Secretary to the Government of Bengal, to the Register of the Sudder Court. Dated Fort William, the 31st March, 1854.

I am directed by the Most Noble the Governor of Bengal to acknowledge the receipt of your letter No. 507, dated the 24th instant, and to annex copy of a letter this day addressed to the Board of Revenue on the subject of the supply of books to the Registry Offices. His Lordship desires that the Court will issue instructions accordingly to the several Judges and Registers of Deeds subordinate to them and that they will inform the former Officers that in future they will be expected to include in their Annual Reports on the Offices for the Registry of Deeds a statement that the Registrar has provided himself with the proper books from the Stationery Office.

3. In addition to these precautions for the preservation of these important documents, His Lordship is pleased to direct that the Registers be instructed to have the Almirahs containing the Deeds

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

২০ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত জিলার জজ সাহেব বরাবরেষু।

সদর আদালতের আজ্ঞাক্রমে তোমার বিজ্ঞাপনের জন্যে এবং তোমার জিলাতে দলীলদস্তাবেজের রেজিষ্টর সাহেবদিগকে জানাইবার নিমিত্তে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত ছোট সেক্রেটারী সাহেবের ৩১ মার্চ তারিখের ৭৬০ নম্বরী পত্রের নকল পাঠাইতেছি এবং তোমাকে আদেশ করিতেছি যে ১৮৫৫ সালের ১ জানুআরি তারিখঅবধি ও তাহার পরে দলীলদস্তাবেজের রেজিষ্টর সাহেব কাগজ কলমাদির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবহইতে যে বহী প্রাপ্ত হন তদ্ভিন্ন অন্য বহী ব্যবহার না করেন এই বিষয়ে মনোযোগ কর।

২। সদর আদালতের ১৮৪৫ সালের ৩১ জানুআরি তারিখের ৬২ নম্বরী সরক্যুলর অর্ডরঅনুসারে দলীলদস্তাবেজের রেজিষ্টর সাহেবের দফ্তরখানায় যে২ প্রকারের বহীর প্রয়োজন হয় তাহার প্রত্যেক বহীতে তাঁহার দফ্তরখানায় রীতিমতে রেজিষ্টরকরা দলীলদস্তাবেজের সংখ্যা বিবেচনায় যত পৃষ্ঠা থাকিলে প্রচুর হয় তাহা জানাইতে দলীলদস্তাবেজের প্রত্যেক রেজিষ্টর সাহেব যত শীঘ্র করিতে পারেন তত শীঘ্র এক ইণ্ডেণ্ট তোমার দ্বারা কাগজ কলমাদির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে পাঠাইবেন। নানা প্রকার দলীলদস্তাবেজের জন্যে সাত বহী ও মোখ্তারনামার নকলের জন্যে এক বহী ও বার্ষিক সূচীর নিমিত্তে এক বহীর প্রয়োজন আছে। দলীলদস্তাবেজের রেজিষ্টরী কর্ম্মকারক যে সাহেব ঐ ইণ্ডেণ্ট করেন তাঁহার স্থানে কাগজ কলমাদির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব ঐ বহীর খরচ ফিরিয়া আদায় করিবেন।

৩। রেজিষ্টরী দফ্তরখানার বিষয়ের তোমার বার্ষিক রিপোর্ট লিখিলে তুমি গবর্ণমেণ্টের পত্রের ১ দফার লিখিত উপদেশে মনোযোগ করিবা।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৫৪ সাল ১৯ মে।

(নকল।)

৭৬০ নম্বর।

সদর আদালতের শ্রীযুত রেজিষ্টর সাহেবের প্রতি বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত ছোট সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৫৪ সাল ৩১ মার্চ।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুমক্রমে জানাইতেছি যে তোমার বর্ত্তমান মাসের ২৪ তারিখের ৫০৭ নম্বরী পত্র পাওয়া গিয়াছে। এবং রেজিষ্টরী দফ্তরখানায় বহী যোগাইবার বিষয়ে বোর্ড রেবিনিউর নিকটে অদ্য যে পত্র পাঠান গিয়াছে তাহার নকল পাঠাইতেছি। শ্রীযুক্ত আদেশ করেন যে সদর আদালতের সাহেবেরা আপনারদের অধীন নানা জজ সাহেব ও দলীলদস্তাবেজের রেজিষ্টর সাহেবের নামে তদনুসারে উপদেশ জারী করেন এবং জজ সাহেবদিগকে জ্ঞাত করেন যে দলীলদস্তাবেজের রেজিষ্টরী দফ্তরখানার বিষয়ে তাঁহারদের বার্ষিক রিপোর্টের মধ্যে তাঁহারা রেজিষ্টর সাহেব ষ্টেসনরি আফিসহইতে উপযুক্ত বহীসকল আনাইয়াছেন এই কথাও উত্তর কালে লিখিবেন এমত অপেক্ষা হইতেছে।

৩। শ্রীযুত আজ্ঞা করিতেছেন যে এই সকল গুরুতর দলীলের রক্ষার নিমিত্তে উক্ত যে উপায় করা যাইতেছে তদতিরিক্ত যে২ আলমারীতে দলীল রাখা যায় তাহা নিরূপিত সময়ান্তর মেটিয়া তৈলেতে লেপন হয় রেজিষ্টর

periodically smeared with earth oil, and the Judges will, on the occasion of their periodical inspection, also report whether this has been done.

(Signed) HODGSON PRATT,
Under Secy. to the Govt. of Bengal.

(True Copy.)

R. STUART,
Assistant Register.

সাহেবদিগকে এমত আদেশ করা যায় এবং জজ সাহেবেরা নিরূপিত সময়ান্তর যখন তদারক করিতে যান তখন তাহা হইয়াছে কি না এই বিষয়েরও রিপোর্ট করেন।

হজসন প্রাট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।

(যথার্থ নকল।)

আর ষ্টুআর্ট।
আসিষ্টাণ্ট রেজিষ্টর।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

EDUCATION NOTICE.

The next meeting of the Committee appointed for the examination of Candidates for promotion and employment in the Education Department will be held in the Hindu College, on Saturday, the 1st of July next.

Detailed particulars of the nature and extent of the examination, the number of vacancies in the Department, &c. &c., will be afforded by the Secretary to the Council of Education, to all Candidates on personal application.

(By Order.)

H. WOODROW,
Secy. Council of Education.

বিদ্যাধ্যাপনের বিজ্ঞাপন।

বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে উচ্চ পদ প্রাপণের এবং কর্ম্মে নিযুক্ত হওনের আকাঙ্ক্ষিরদের পরীক্ষার্থ কমিটির বৈঠক আগামি জুলাই মাসের ১ তারিখ শনিবারে হিন্দু কালেজে হইবেক।

পরীক্ষার প্রকার এবং যেপর্য্যন্ত পরীক্ষা হইবেক ও বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে যত পদ শূন্য আছে ইত্যাদি বিস্তারিত বৃত্তান্ত কর্ম্মাকাঙ্ক্ষি যে কোন ব্যক্তি জানিতে চাহেন তিনি বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী সাহেবের নিকটে স্বয়ং উপস্থিত হইয়া তাঁহার স্থানে অবগত হইতে পারিবেন।

(হুকুমক্রমে।)

এচ উডরো।
বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 16th June, 1854.

Baboo Kumul Narain Ghose, (a diploma holder,) to officiate as Moonsiff of Manickgunge, Zillah Dacca, during the absence on leave of the incumbent, or until further orders.

LEAVE OF ABSENCE.

The 16th June, 1854.

Baboo Gopeemohun Roy, Moonsiff of Manickgunge, Zillah Dacca, for one month, on Medical Certificate.

C. T. BUCKLAND, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ১৭ জুন।

জিলা ঢাকার মানিকগঞ্জের মুনসেফের অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু কমলনারায়ণ ঘোষ ঐ কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫৪ সাল ১৬ জুন।

জিলা ঢাকার মানিকগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু গোপীমোহন রায় চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর

রাজকর্ম্মে নিয়োগ।

১২৬৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ২ জুন।

শ্রীযুত বি জে কলবিন সাহেব (Mr. B. J. Colvin,) গত জানুআরি মাসের ২৪ তারিখের ১২০ নম্বরী বিজ্ঞাপনের দ্বারা পরীক্ষকেরদের যে বোর্ড স্থাপিত হয় তাহার মেম্বর হইবেন এবং রাজধানীতে উকীলী পদাকাঙ্ক্ষিরদের পরীক্ষার্থ স্থায়ি কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত ডবলিউ ওয়াটরফীল্ড সাহেব (Mr. W. Waterfield,) চব্বিশপরগনার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

ইনসাইন শ্রীযুত ডি ডবলিউ বি মার্টন সাহেব (Ensign B. W. D. Morton,) আসামের কমিস্যনর সাহেবের ছোট আসিষ্টাণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

বিজ্ঞাপন।

১৮৫৪ সাল ২০ মে।

শ্রীযুত ডি সি মাকনাব সাহেব (Mr. D. C. Macnabb,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিরিশ্তায় নিযুক্ত হইয়া গত মার্চ মাসের ২২ তারিখে মুলতানে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন। তিনি কলিকাতায় না আসিয়া শিক্ষা করণার্থ বোম্বাই দিয়া মুলতানে গমনের অনুমতি পাইয়াছিলেন।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৩১৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ৭ জুন।

শ্রীযুত এফ বি ড্রমণ্ড সাহেব (Mr. F. B. Drummond,) জিলা ত্রিপুরার দলীলদস্তাবেজের রেজিষ্টর ও বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

এতদ্দেশীয় সপ্তম পদাতিক পল্টনের কাপ্তান শ্রীযুত আর টি. লী সাহেব (Captain R. T. Leigh,) আসামের কমিস্যনর সাহেবের ছোট আসিষ্টাণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত সি কে ডব সাহেব (Mr. C. K. Dove,) ডেপুটী পোষ্ট মাষ্টর জেনরল হইবেন।

মালদহের সদর আমীন শ্রীযুত জগবন্ধু বাঁড়ুয্যা ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫৪ সাল ৬ জুন।

পূরণিয়ার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী তফজল হুসেন গত ফেব্রুআরি মাসের ১৭ তারিখে যে ছুটী পান তাহার অতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ৭ জুন।

হাজারীবাগে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের এজেণ্ট সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান টি সিমসন সাহেব (Captain T. Simpson,) আপন সিরিশ্তার কর্ম্মের ভার শ্রীযুত ডবলিউ সি স্পেন্সর সাহেবের (Mr. W. C. Spencer,) প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে পনের দিনের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত স্পেন্স সাহেব তাঁহার কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী

১৩৫৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ২৭ মে।

নিম্নের লিখিত মহাশয়েরা নীচের লিখিত জিলায় অবৈতনিক ঔষধালয়ের কর্ম্ম সরবরাহ করণার্থ কমিটির মেম্বর হইবেন।

শ্রীরামপুরে।

শ্রীযুত কে এচ ষ্টিফন সাহেব (Mr. K. H. Stephen,)
শ্রীযুত জে হণ্ট সাহেব (Mr. J. Hunt,)
শ্রীযুত বাবু গোপীকৃষ্ণ গোস্বামী।
শ্রীযুত এফ এফ ডুকস সাহেব (Mr. F. F. Dukes,)

বর্দ্ধমানে।

শ্রীযুত এচ এফ জেম্‌স সাহেব (Mr. H. F. James,)
শ্রীযুত মৌলবী ফজল রব্বি।
শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ বসু।

হুগলীতে।

হুগলীর এমামবাড়ার শ্রীযুত মতওল্লী।

১৮৫৪ সাল ৯ জুন।

শ্রীযুত এস এচ সি টেলর সাহেব (Mr. S. H. C. Taylor,) বর্দ্ধমানের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত আর জে উইগ্রাম সাহেব (Mr. R. J. Wigram,) হাবড়ার মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

১৮৫৪ সাল ১২ জুন।

শ্রীযুত আর আবরক্রম্বি সাহেব (Mr. R. Abercrombie,) মুরশিদাবাদের কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এচ মসপ্রাট সাহেব (Mr. H. Muspratt,) বীরভূমের কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

বিজ্ঞাপন।

১৮৫৪ সাল ১২ জুন।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব জিলা বাকরগঞ্জের গৌরীনদী খাতলিপাড়া ও বুড়ির হাট থানা ও জিলা ফরিদপুরের শিবচর থানা লইয়া নূতন এক এলাকাখণ্ড করণের অনুমতি দিয়াছেন মাদারিপুর তাহার সদর মোকাম হইবেক।

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৩৯৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ১৩ জুন।

শ্রীযুত জে ই এস লিলী সাহেব (Mr. J. E. S. Lillie,) আপনার বর্ত্তমান কর্ম্মের ভার শ্রীযুত এচ বি লাফর্ড সাহেবের (Mr. Lawford,) প্রতি অর্পণ করিয়া চাটিগাঁয়ের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন। উক্ত লাফর্ড সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত নদীয়ার মাজিষ্ট্রেটের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৪ সাল ১৪ জুন।

শ্রীযুত রায় কিশোরীচাঁদ মিত্র কলিকাতার পোলীসের এক জন মাজিষ্ট্রেট হইবেন।

১৮৫৪ সাল ১৫ জুন।

শ্রীযুত বি এচ কুপর সাহেব (Mr. B. H. Cooper,) বীরভূমের কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫৪ সাল ১৩ জুন।

কটকের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এফ আর কক্রেল সাহেব (Mr. F. R. Cockerell,) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৪ সাল ২০ মে।

ঢাকা শহরে বুড়িগঙ্গা নদীর উপর ওসন্দাজকুঠীতে যে গুদারা স্থাপিত হইয়াছে তাহা ১৮১৯ সালের ৬ আইনানুসারে সরকারী হইল এমত প্রকাশ হইয়াছে।

১৮৫৪ সাল ৩১ মে।

কটক জিলায় জগন্নাথের পথে খরসুয়া ও ব্রাহ্মণী নদীর উপর যে গুদারা এবং পুরী জিলায় ঐ পথে বলবন্ত ও জানদাইপুর নদীর উপর যে গুদারা তাহা ১৮১৯ সালের ৬ আইনানুসারে সরকারী হইল এমত প্রকাশ হইয়াছে।

১৮৫৪ সাল ৯ জুন।

জিলা যশোহরের নিম্নের লিখিত মুনসেফী এলাকার নীচের লিখিত পরিবর্ত্তন মঞ্জুর হইয়াছে।

নওয়াবাদ মুনসেফী এলাকার উত্তরাংশের অন্তঃপাতি নীচের লিখিত গ্রাম সিংহিয়ার মুনসেফী এলাকার শামিল হইয়াছে এবং ঐ স্থানের সদর মোকাম নরসিংহতলা হইয়াছে।

সুবলারা	গোপীনাথপুর
রাণাগাঁতি	সিদ্ধিপাশা
ইছামতী	সোণাতলা
ধূলগ্রাম	আড়পাড়া
নাউলি	ইকরপুর

নিজুমপুর
ডোমরা
কামারগাঁতি
মাগিরগাঁতি
লাখুটিয়া
পানভুটা
জুমগুরনিয়া
বরাসৎ কাটিঙ্গা
বাউলডাঙ্গা
মহেশদিয়া
দেবীপুর
শ্যামগঞ্জ
জাবদীপুর
তেলিগাঁতি
গিলাতলা
খারাবাটী
বৃজিতলা
আউতড়া
জুগীপোল
কতলবাড়া
শিরোমণি
দোকাটিয়া
মার্ত্তমডাঙ্গা
সলুয়া
গাবতলা
মসিয়াখি
দামোদর
বরমপাড়া
পুটেনবান্দা
ওলহাখানাবাটি
মুক্তেশ্বরী
বাজার তালতলা
গাড়া খোলা
তাজপুর
বরিপাড়া
শিকড়হাট
রাজবাটী
ধোবাখোলা
পয়গ্রাম
দক্ষিণ ডিহি
বুড়িডাঙ্গা
সোণাবান্দা
বাজারডাঙ্গি
ঢাকুরিয়া
নুদিডাঙ্গী
লাউডারা
ফতিপুর
দেবপুরা
বেণিয়াপুকুর

খাজুরার মুনসেফী এলাকা মৌকুফ হওয়াতে তাহার মধ্যে যে সকল গ্রাম ছিল তাহা নীচের লিখিতমতে খারিজদাখিল হইয়াছে।

ছাত্রিয়া নদীর দক্ষিণ দিগে নীচের লিখিত গ্রাম মুজিআলি কি যশোহরের মুনসেফী এলাকাভুক্ত হইয়াছে।

গঞ্জখাজুরা
লেবুতলা
নিগহেরপুর
মথুরাপুর
ধানপুর
কটুয়াকান্দী
ভগবানপুর
মুজাপুর
বন্ধলী
নিমতিয়া
রাঘবপুর
গাইদঘাট
শাদিপুর
ছাপানিয়া
কেফোৎনগর
কোদালিয়া
তেজরোল
নঙ্গরপুর
ধর্ম্মহাট
সিকন্দরপুর
পানতপাড়া
আজমপুর
চাঁপাতলা
মণিরামপুর
রাজাপুর
ছদারাজাপুর
আঙ্গরালি
এচালি
পাঁচবাড়িয়া
দ্বিতীয় মথুরাপুর
যোগি জগমোহনপুর
রহলাপুর
হলাইদপুর
মেহেরপুর
ফুলবাড়া
ইলাইচপুর
চিল্লমপুর
পুকুরিয়া
রক্ষিপুর
দৌলৎপুর
জলকর
জয়রামপুর
সাতাইলডাঙ্গা
পরাণপুর
দুর্গাপুর
ভদ্রডাঙ্গা
ডাঙ্গাবৈরা
কাছিমপুর
শ্যামনগর
রামকৃষ্ণপুর
কোএলখালি
গাওঘরা
কৃষ্ণনগর
আবাদানপুর
মাদুপুর
কুরোরিয়া
কাএতখালি
খামারগানা
কুতুবপুর
ধোপাদি
খড়দ ধোপাদি
কনেজপুর
ডাকাতিয়া
নাটুয়াপাড়া
ঝাউদিয়া
মাঞ্জদিয়া
বাদুড়গাছা
বাজুদি
মসিয়াহাটি
বড় বাজার
সাদৎপুর
কাসিলবাগ
বিনাট দৌলৎপুর
সুহিতপুর
মঙ্গাডি
কিরীচপুর
যোতারপাড়া
সুবর্ণসারা
রুটিয়া
জগন্নাথপুর
আদলপোতা
মাল্লিয়াট
সুলতানপুর
তালবাড়িয়া
ধরনাটিয়া
গোপালপুর
ধানঘাটা
মুরা
যোত বহিয়া
দ্বিতীয় ইলাইচপুর
জয়নগর
রায়পুর
দিয়াড়া
পশ্চিম গিড়দ
তিরিড়হাট
কাদিরপাড়া
বালিয়াঘাট
ঝনঝনিয়া
দুর্গাপুর
ঝিনিকুর
দ্বিতীয় পাঁচবাড়িয়া
বনগ্রাম
বজ্রভনগর
তপস্যাপাড়া
রসুলপুর
বালিয়ামাঠ
পালানি
দহরপাড়া
নলিতাদহ
মাণিক ডি
পাড়াছদা
শর্ক্করাৎপুর
কুমারহাটি
মথনপুর
সাঁকো
মোল্লাডাঙ্গা
হোশেন হাটি
আবদানপুর
কাদেরপাড়া
সুরেরহাট
বালিয়াঘাট
ঝনঝনিয়া
দ্বিতীয় দুর্গাপুর
কোরাণিপুর
তেঁতুলবাড়ি
চন্দোআফরা
আরারদহ
বলদিয়াপাড়া
বারুইহাট
জামিরা
চাইকুর
সাদিপুর
রুষ্টমপুর
ইচ্ছাপুর
পানমামলা
চৌগাছা
জামলা
গরিবপুর
জগন্নাথপুর
ফুলগড়
সলুয়া
মাল্লিয়াট
পুরা সায়দপুর
গৌরীনাথপুর
ঘোপ
আড়পাড়া
দক্ষিণসাগর
মারোয়া
রায়নগর
চারাবাড়ী
মামুদপুর
ভবানীপুর
সর্ব্বেশ্বর কাটি কালীকুর
বালিয়া
জুরানিজুনি
বারিয়ালি
জানিরপুর
ভদ্রা
রামভদ্রপুর
কাজৎপুর আজমৎপুর
কালিকাপুর
যোৎনগর
দশপাখিয়া
বড়গোবিন্দপুর
খড়দ গোবিন্দপুর
আরিজপুর
শিবপুর
হালসা
ইছাপুর
জয়রামপুর
কুলি
কামকলা
বুরণ্ডিয়া
তেঘরি মনোহরপুর
খলসি
চান্দা
দৌলৎপুর
সোমসনগর
আরসিলাৎ
আগড়পাড়া
বিরামপুর
শ্রীরামপুর

ডুমুরিয়া	আলামনগর	দিয়াড়া	নওয়াদারা
নঠবাড়ি	সালুমপুর	চাঁদপুর	আসামনগর
ফরীদপুর	মহাদেবপুর	মাচরাঙ্গা	দোগাছিয়া

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা পূরণিয়া।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে জিলা পূরণিয়ার নীচের লিখিত মহাল বাকী রাজস্বের নিমিত্তে ১৮৫৪ সালের ৩ জুলাই মোতাবেক বাঙ্গলা ১২৬১ সালের ২৩ আষাঢ় সোমবার ঐ জিলার কালেক্‌টর সাহেবের কাছারীতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক।

প্রথম শ্রেণী ১০০৲ টাকার অধিক ইস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

৪ নং মৌজা কন্যানগর পরগনে ধর্ম্মপুর লিখিত মালিক প্রাণনাথ ঠাকুর ওগয়রহ সদর জমা ২০২॥৵৯ টাকা।

দ্বিতীয় শ্রেণী ১০০৲ টাকার অনধিক ইস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

৩৩ নং মৌজা বহরমপুর বীরভোটের পরগনে হরাওত লিখিত মালিক মোহনলাল নীলাম খরিদার সদর ৫০ ॥৵০ টাকা।

৪৪ নং মৌজা রামনগর খুরশাহি পরগনে ধর্ম্মপুর লিখিত মালিক হরভঞ্জন দাস ওগয়রহ সদর জমা ৪২ ।২ টাকা।

১১৫ নং মৌজা বরদাহা পটী জয়নগর পরগনে হরাওত লিখিত মালিক গোপাল ঝা ওগয়রহ সদর জমা ৩৯ ।১ টাকা।

৩০০ নং মৌজা ডিরাখাওয়াসপুর পরগনে ধর্ম্মপুর লিখিত মালিক গোপাল দাস ওগয়রহ সদর জমা ৩১ ।৵৪ টাকা।

৪৯৬ নং মৌজা দুমরাএলাদরব ওগয়রহ পরগনে ঐ লিখিত মালিক মোহন্ত দিনারাম দাস সদর জমা ১৯॥/৫ টাকা।

৪৯৭ নং মৌজা কৃষ্ণপুর বলুয়া ওগয়রহ পরগনে ঐ লিখিত মালিক কৃষ্ণগঞ্জ মিশ্র ওগয়রহ সদর জমা ২৫ ।১১ টাকা।

৫৩২ নং মৌজা ধুসর কামেরগমা পরগনে ঐ লিখিত মালিক মোহন্ত দিনারাম দাস সদর জমা ৩৮৸৶৩ টাকা।

৫৩৬ নং মৌজা জিওচপুর পরগনে হরাওত লিখিত মালিক হরকদত্ত ঝা ওগয়রহ সদর জমা ১৩৸৶৬ টাকা।

তৃতীয় শ্রেণী কিছু কালের নিমিত্তে বন্দোবস্তহওয়া কিম্বা ইজারা দেওয়া মহাল

১৭৮ নং মৌজা অনন্তপুর ধর্ম্মনারায়ণ পরগনে ধর্ম্মপুর লিখিত মালিক গোবিন্দপ্রসাদ নীলাম খরিদার সদর জমা ২৪৸৶৯ টাকা।

২৬২ নং মৌজা ভবানীপুর পরগনে ধর্ম্মপুর লিখিত মালিক ভোলাচাঁদ ওগয়রহ সদর জমা ২২॥০ টাকা।

৪৪৪ নং মৌজা ভবানীপুর রাজধাম পরগনে ধর্ম্মপুর লিখিত মালিক কারুপাঁড়ে নীলাম খরিদার সদর জমা ১১৲১ টাকা।

৫০৭ নং মৌজা মজদিয়া পথরাহা ওগয়রহ পরগনে ঐ লিখিত মালিক মসম্মৎ বলকাসুর নেছা বেগম সদর জমা ১০০৩৸০ টাকা।

পূরণীয়ার কালেক্‌টর সাহেবের দফ্তরখানা। ১৮৫৪ সাল ১৫ জুন।

G. G. BALFOUR, *Offg. Collector.*

জিলা ভাগলপুর।

ইস্তাহারনামা কাছারী কালেক্‌টরী জেলা ভাগলপুর।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে জিলা ভাগলপুরের নীচের লিখিত মহাল ফসলি মালগুজারির বাকীর বাবৎ ইঙ্গরেজী ১৮৫৪ সালের ৩ জুলাই মোতাবেক ফসলি ১২৬১ সালের ২৩ আষাঢ় সোমবার অত্র জিলার কালেক্‌টরী কাছারীতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক।

প্রথম শ্রেণী। ইস্তমরারি জমা ধার্য্য হওয়া মহাল।

১৫৮ নম্বর তৌজী। মৌজা মকরণডিহি পরগনা ভাগলপুর লিখিত মালিক মোসমাত রুকু সাহুন ও বেহারিলাল শাহ ও দর্শনলাল শাহ ও শঙ্করলাল শাহ সদর জমা ৯৩॥/৩ টাকা।

I. In arranging the records of a district, the principle to be followed is to keep together, as much as possible, the papers connected with each mehal or estate, or where the estate is extensive, with each division of an estate. As a general rule, therefore, the arrangement will be pergunnahwar and mehalwar.

II. A separate shelf or space shall be set apart for each pergunnah, and the name of the pergunnah shall be clearly and durably written on the front of the shelf or shelves, on which the records of that pergunnah may be arranged. Periodical

নায় তাঁহারদের ফাইলের মধ্যে ঐ সরক্যুলর অর্ডরের আড়ে কসি টানা উচিত।

১৮২০ সাল	১১ জুলাই		পিটর্স সাহেবের	৩৭ পৃষ্ঠ।
১৮২৯ „	১৭ জুলাই	... „	...	৯৫ „
১৮৩৩ „	১৭ ডিসেম্বর	„	...	৩৭২ „
১৮৩৪ „	৬ মে	... „	...	৩৯৬ „
১৮৪০ „	২৬ ফেব্রুআরি	জোন্স সাহেবের		১০৭ „
১৮৪৩ „	১০ ফেব্রুআরি	„	...	১৮৭ „
১৮৪৯ „	১৫ জুন	... „	...	৩৬৩ „
১৮৪৯ „	১৮ ডিসেম্বর	„	...	৩৯৫ „
১৮৫০ „	৭ জুন	... „	...	৪৪৪ „
১৮৫০ „	১২ নবেম্বর	„	...	৪৯৩ „
১৮৫১ „	১৩ জুন	„		২১ নম্বর।
১৮৫২ „	৪ মে	... „		৮ নম্বর।

২। এই বিধি উপরের লিখিত সরক্যুলর অর্ডরের পুনঃসংগ্রহ। এবং নীচের লিখিত বিধি পূর্ব্বের হুকুমের মতান্তর করা বিধি কিম্বা এইক্ষণে প্রথমবার প্রকাশিত নূতন বিধিস্বরূপ মনোযোগপূর্ব্বক পাঠ করা উচিত।

৫ বিধি (দ্বিতীয় নোট।)
৭ „
৯ „ (নোট।)
১০ „
২১ „

৩। মহাফেজদফ্তর সাজান সমাপ্ত হইয়াছে এমত রিপোর্ট যেপর্য্যন্ত না হয় সেইপর্য্যন্ত পূর্ব্বাবধি যেমন হইয়া আসিতেছে তেমনি ছয়২ মাসের রিপোর্ট কমিস্যনর সাহেবের দ্বারা বোর্ডে পাঠান যাইবেক।

৪। এই বিষয় যে নিয়মমতে হইয়াছে সেই নিয়মমতে বোর্ডের সাহেবেরা ক্রমে২ আপনারদের সকল সরক্যুলর অর্ডর পুনঃসংগ্রহ করিতে কল্পনা করেন। ঐ পুনঃসংগৃহীত অর্ডরের পৃষ্ঠার ১.২প্রভৃতি ক্রমশঃ অঙ্ক থাকিবেক। সমাপ্ত হইলে সকলেই এক সঙ্গে বাঁধা যাইবেক। প্রত্যেক প্রস্থ বিধির শেষ ভাগে পৃষ্ঠার অঙ্ক দেওয়া কএক শাদা পাত থাকিবেক ইহার পর যে কোন নূতন বিধি করা যায় তাহা তাহাতে লেখা যাইবেক।

৫। শেষ প্রস্থ বিধিসকলের সঙ্গে এক নির্ঘণ্ট পাঠান যাইবেক।

এ গ্রোট। একটিং সেক্রেটারী।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৫৪ সাল ২৩ মে।

কাগজপত্র।

সর্ব্ব সাধারণ কাগজপত্র সাজাওনের এবং কালেক্টর সাহেবেরদের মহাফেজদফ্তরসম্পর্কীয় অন্যান্য কর্ত্তব্য কার্য্য করণের বিষয়ি বিধি।

[সাজান।]

১ বিধি। জিলার কাগজপত্র সাজাওনেতে এই মূল নিয়ম পালন করিতে হইবেক অর্থাৎ প্রত্যেক মহাল কি জমীদারীসম্পর্কীয় কাগজপত্র অথবা জমীদারীর বাহুল্য হইলে তাহার প্রত্যেক অংশের কাগজপত্র সাধ্যপর্য্যন্ত একত্র রাখা যাইবেক। অতএব সাধারণ বিধি এই যে পরগনাওয়ারী ও মহালওয়ারীরূপে সাজান হইবেক।

২ বিধি। প্রত্যেক পরগনার জন্যে এক স্বতন্ত্র শেল্‌ফ অথবা স্থান নিরূপণ হইবেক এবং যে শেল্‌ফে যে পরগনার কাগজপত্র সাজান যায় সেই এক কি ততোধিক শেল্‌ফের সম্মুখ ভাগে ঐ পরগনার নাম অতিস্পষ্টরূপে ও স্থায়িরূপে লেখা যাইবেক। নিরূপিত সময়ান্তরের

returns and papers of a general nature shall have a separate press assigned to them.

III. Every case of every kind, whether relating to settlement, summary suits, transfer, succession, arrears, or of whatever nature, connected with any estate, shall be kept together. Each case shall be tied up separately, and all the cases of an estate shall be included in one envelope or bustah, and with each envelope a list of the cases enclosed therein (not the papers but merely the cases) and the date of the year in which they occurred shall be put up. When any fresh case is added, the name and date shall be added to the list.

IV. Where the above pergunnah and mehalwar arrangements may be impracticable, such other arrangement, as is more suited to the condition of landed property in the district, must be introduced. The object is, that it should be known what papers are in the office and where they are to be found. Uniformity, though desirable, must not be sought at an expense of time and trouble, which may be saved by adapting the arrangement to the circumstances of each district.

[Euregisterment.]

V. To each missil shall be attached a fly-leaf, on which a list of the contents of the missil shall be inscribed with a suitable heading descriptive of the nature of the case, the name of the mehal and pergunnah to which it pertains, and (if the space will admit of it) the names of the principal parties concerned.

Note.—By missil in this place and elsewhere is intended what is often denominated a nuthee or collection of papers relating to one case, and by bustah a collection of missils or nuthees tied together in the same envelope.

VI. From the lists of contents of the bustahs prescribed in Rule III., a register shall be prepared for each shelf or almirah, and from these again a general register of the whole contents of the Record Office shall be compiled. Where the arrangement is mehalwar, the register will be in the accompanying form (No. 1.)

N. B.—It is understood, that in many districts cases of sales other than for arrears of revenue have been arranged according to the year in which they occurred: where such is the case, it would not be worth while to re-arrange them mehalwaree. An additional column has however been provided for these cases in the register now circulated, and in future they must be arranged on the principle prescribed in these rules. Summary suits must now be re-arranged in order to carry out the new order for destroying the useless papers and an additional column will also be found provided for them.

VII. The minor registers of the contents of each almirah or shelf may be, *mutatis mutandis*, in the same form as the general register. In fact, the lat-

ক্টির্ণ ও সাধারণ ভাবের কাগজপত্র রাখিবার জন্যে পৃথক্ এক আলমারী থাকিবেক।

৩ বিধি। কোন এক মহালসম্পর্কীয় সকল প্রকারের অর্থাৎ বন্দোবস্তের কি সরাসরী মোকদ্দমার কি খারিজদাখিলের বা উত্তরাধিকারিত্বের কিম্বা বাকীর কি কোন প্রকার বিষয়ের হউক সকল মোকদ্দমা একত্র রাখিতে হইবেক। প্রত্যেক মোকদ্দমার কাগজপত্র আলাহিদা করিয়া বাঁধা যাইবেক এবং এক মহালের সকল মোকদ্দমা এক মোড়কের অর্থাৎ বস্তার শামিল রাখা যাইবেক এবং প্রত্যেক মোড়কের সঙ্গে তন্মধ্যে রাখা মোকদ্দমার ফিরিস্তি (কাগজের নয় কেবল মোকদ্দমার ফিরিস্তি) এবং যে বৎসরের যে তারিখে তাহা উত্থিত হইল তাহা লিখিতে হইবেক। যখন কোন নূতন মোকদ্দমা তাহার মধ্যে রাখা যায় তখন তাহার নাম ও তারিখ ঐ ফিরিস্তিতেও লেখা যাইবেক।

৪ বিধি। যে স্থলে উক্ত পরগনা ও মহালওয়ারীরূপে কাগজপত্র সাজান অসাধ্য হয় সেই স্থলে ঐ জিলার ভূমি সম্পত্তির অবস্থা দৃষ্টে অন্য যে নিয়ম আরো উপযুক্ত হয় তদনুসারে সাজাইতে হইবেক। অভিপ্রায় এই যে কাছারীতে যে২ কাগজ থাকে এবং তাহা যে২ স্থানে পাওয়া যায় তাহা জানা যাইতে পারে। সকল কাগজপত্র একই নিয়মমতে সাজান অতিবাঞ্ছনীয় বিষয় বটে কিন্তু প্রত্যেক জিলার অবস্থানুসারে সাজাইলে যদি সময় হরণ না হয় ও ক্লেশ নিবারণ হয় তবে সেই সময় হরণ ও ক্লেশ স্বীকার করিয়াও একি নিয়ম করিবার চেষ্টা করিতে হইবেক না।

[রেজিষ্টরীতে দাখিল করণ।]

৫ বিধি। প্রত্যেক মিসিলে এক ফর্দ্দ শাদা কাগজ দেওয়া যাইবেক। মিসিলে যত কাগজপত্র থাকে তাহার ফিরিস্তি ঐ ফর্দ্দে লেখা যাইবেক এবং ঐ মোকদ্দমার ভাব যাহাতে জানা যায় এমত উপযুক্ত শিরনামা এবং যে মহাল ও পরগনার সঙ্গে তাহার সম্পর্ক থাকে তাহার নাম এবং (স্থান থাকিলে) সেই মোকদ্দমাসম্পর্কীয় মুখ্য ব্যক্তিরদের নাম।

মন্তব্য কথা। এই স্থানে এবং অন্যান্য স্থানে মিসিল শব্দেতে যাহা বারম্বার নথী কহা যায় তাহা অর্থাৎ একই মোকদ্দমাসম্পর্কীয় সকল কাগজপত্র বুঝায় এবং বস্তা এই কথা এক মোড়কের মধ্যে যত মিসিল কি নথী বাঁধা যায় তাহার নাম।

৬ বিধি। ৩ বিধির নির্দ্দিষ্ট বস্তায়২ থাকা কাগজপত্রের ফিরিস্তি দেখিয়া প্রত্যেক শেল্‌ফ অথবা আলমারীর এক২ রেজিষ্টর প্রস্তুত করা যাইবেক এবং সেই২ রেজিষ্টর দেখিয়া মহাফেজদফ্তরের সমুদয় কাগজপত্রের এক সাধারণ রেজিষ্টর করা যাইবেক। যখন মহালওয়ারীরূপে সাজান যায় তখন ঐ রেজিষ্টর নীচের লিখিত (১ নম্বরী) পাঠানুসারে হইবেক।

মন্তব্য কথা। অবগত হওয়া গিয়াছে যে অনেক জিলাতে বাকী রাজস্বের বাবৎভিন্ন অন্য নীলাম যে২ সালে হইয়াছিল সেই২ সালানুসারে তাহার কাগজপত্র সাজান গিয়াছে। যে স্থলে এমত হইয়াছে সেই স্থলে তাহা মহালওয়ারীরূপে পুনরায় সাজাইবার প্রয়োজন নাই। কিন্তু এইক্ষণে যে রেজিষ্টর পাঠান যাইতেছে তাহাতে ঐ সকল মোকদ্দমার নিমিত্তে অধিক এক ঘর করা গিয়াছে। এবং উত্তর কালে তাহা এই বিধিসকলের নির্দ্দিষ্ট মূল নিয়মমতে সাজাইতে হইবেক। অকর্ম্মণ্য কাগজ নষ্ট করিবার বিষয়ের নূতন আজ্ঞা সফল করিবার নিমিত্তে সরাসরী মোকদ্দমা এইক্ষণে পুনরায় সাজাইতে হইবেক এবং সেইরূপ মোকদ্দমার নিমিত্তেও অধিক এক ঘর করা গিয়াছে দেখা যাইবেক।

৭ বিধি। প্রত্যেক আলমারী কিম্বা শেল্‌ফে যে সকল কাগজপত্র থাকে তাহার বিশেষ রেজিষ্টর বিষয়বিশেষে সাধারণ রেজিষ্টরের পাঠানুসারে করা যাইতে পারে

ter will be little more than a combination of these separate registers.

VIII. All quinquennial papers, lakhiraj taidads, copies of sunnuds, &c., and other valuable documents, shall be kept either in a wired rack or in a separate almirah, the front and sides of which shall be furnished with wire-work, so as to admit of the free circulation of air.

IX. The survey records, which admit of mouzawar arrangement, shall not be mixed up with those relating to ordinary matters connected with land revenue, but shall have separate presses and separate registers. All pergunnah volumes, mehalwar and mouzawar registers, and such documents as consist rather of volumes than loose sheets tied together, shall have a distinct shelf, with a separate list forming an appendix to the general survey register. The form which appears suitable for this register is hereto appended (No. 2.)

[Destruction of useless Records.]

X. All useless papers found in the course of arranging the records shall be set apart with a view to their being destroyed. Documents which have become entirely illegible from age or worms shall also be kept apart for eventual destruction, after personal inspection by the Collector. Lists are to be prepared of all papers, the destruction of which is proposed; and no document shall be destroyed which is likely at any time to be useful to any party, whether the Government or individuals. As a general rule, no papers less than twelve years old shall be set apart for destruction, unless their uselessness is beyond question. The papers particularly to be preserved, without reference to age, are all settlement and tehseeldars' papers and all books of registry. In the case of summary suits not made the subject of appeal to the civil court within the year from the date of decision, all papers may be destroyed as soon as convenient after the close of the year, except the final decisions, and the documents, if any, which may have been filed by and not returned to the parties.

N. B.—In Cuttack and temporarily-settled districts, tehseeldars' papers need not be kept more than twelve years. In decennially-settled districts, where the papers may be useful as references, and where there is a long series of such papers, the first and last year of such series need only be preserved.

XI. The spirit of the rules on this subject, circulated by the Court of Sudder Dewanny Adawlut, should be acted on so far as it can be in a Collector's office. The papers of each case in the civil courts are now arranged in two nuthees, *A* containing the more important papers, which are to be kept for twelve years and upwards, and *B* containing papers which, not bearing on the merits of the

বস্তুতঃ ঐ সাধারণ রেজিষ্টর ঐ স্বতন্ত্র২ রেজিষ্টরের সংগ্রহ প্রায়।

৮ বিধি। পাঁচসনী বন্দোবস্তের সকল কাগজপত্র ও লাখেরাজ তায়দাদ ও সনদপ্রভৃতির নকল এবং অন্য২ মূল্যবান দলীল তারে বদ্ধ মাচাতে নতুবা পৃথক্ এক আলমারীতে রাখিতে হইবেক। ঐ আলমারীর সম্মুখ ভাগে ও উভয় পার্শ্বে তারের ঝাঁজরা দেওয়া যাইবেক তাহাতে বাতাস স্বচ্ছন্দে যাইতে পারে।

৯ বিধি। জরিপী কাগজপত্র মৌজাওয়ারীরূপে সাজান যাইতে পারে অতএব ভূমির রাজস্বসম্পর্কীয় সাধারণ বিষয়ের সঙ্গে তাহা মিশাল করিতে হইবেক না। কিন্তু তাহার স্বতন্ত্র আলমারী ও স্বতন্ত্র রেজিষ্টর থাকিবেক। সকল পরগনার বহী ও মহালওয়ারী ও মৌজাওয়ারী রেজিষ্টর এবং যে সকল দলীল একত্র বাঁধা ভিন্ন২ ফর্দ্দ না হইয়া বহীর মত জ্ঞান হয় তাহা এক২ স্বতন্ত্র আলমারীতে রাখা যাইবেক ও তাহার এক স্বতন্ত্র তালিকা হইবেক ও তাহা সাধারণ জরিপী রেজিষ্টরের ক্রোড়পত্রস্বরূপ হইবেক। এই রেজিষ্টরের যে পাঠ উপযুক্ত বোধ হয় তাহা নীচে লেখা যাইতেছে (২ নম্বর)।

[অকর্ম্মণ্য কাগজপত্র নষ্ট করণ।]

১০ বিধি। কাগজপত্র সাজাইয়া রাখণ কালে যে সকল অকর্ম্মণ্য কাগজ পাওয়া যায় তাহা নষ্ট করণার্থে স্বতন্ত্র রাখিতে হইবেক। যে২ দলীল প্রাচীনত্ব অথবা পোকাতে খাওয়াপ্রযুক্ত নিতান্ত অপাঠ্য হইয়াছে তাহা কালেক্টর সাহেবের নিজে দেখিলে পর বিনষ্ট হওনার্থে আলাহিদা করিয়া রাখা যাইবেক। যে সকল কাগজপত্র নষ্ট করণের প্রস্তাব হয় তাহার ফিরিস্তি প্রস্তুত করিতে হইবেক। এবং যে দলীল সরকারের কি সাধারণ কোন ব্যক্তির কোন সময়ে উপকারক হইবার সম্ভাবনা তাহা নষ্ট করিতে হইবেক না। সাধারণ এই নিয়ম হইবেক যে যে কাগজের অকর্ম্মণ্যতার বিষয়ে কিছু সন্দেহ নাই তদ্ভিন্ন বারো বৎসরের কমের কোন কাগজ নষ্ট করণার্থে স্বতন্ত্র রাখিতে হইবেক না। যে কাগজের প্রাচীনত্বের বিষয় বিবেচনা না করিয়া বিশেষমতে রক্ষা করণ আবশ্যক তাহা এই২, সকল বন্দোবস্তের ও তহসীলদারেরদের কাগজপত্র এবং সকল রেজিষ্টরী বহী। যে সরাসরী মোকদ্দমা নিষ্পত্তি হইবার তারিখের পর এক বৎসরের মধ্যে দেওয়ানী আদালতে আপীল না হয় সেই মোকদ্দমার সকল কাগজপত্র ঐ বৎসর অতীত হইলে পর যত শীঘ্র সুবিদা হয় তত শীঘ্রই নষ্ট করা যাইতে পারে। কিন্তু চূড়ান্ত নিষ্পত্তিপত্র এবং যদি কোন দলীল বাদী কি প্রতিবাদী দাখিল করিয়া থাকে ও তাহারদিগকে ফিরিয়া দেওয়া যায় নাই তবে সেই দলীলও নষ্ট করা যাইবেক না।

মন্তব্য কথা। কটকে এবং কিঞ্চিৎ কালের বন্দোবস্তহওয়া জিলাতে তহসীলদারেরদের কাগজপত্র বারো বৎসরের অধিক কালপর্য্যন্ত রাখার প্রয়োজন নাই। দশসনী বন্দোবস্তের জিলাতে যে স্থলে কাগজপত্র দেখিবার জন্যে উপকারক হইতে পারে এবং ঐ প্রকারের বহুকালীন অনেক কাগজপত্র আছে সেই স্থলে কেবল প্রথম ও শেষ বৎসরের কাগজ রাখিতে হইবেক।

১১ বিধি। এতদ্বিষয়ে সদর দেওয়ানী আদালত যে বিধি প্রচার করিয়াছেন তাহার মর্ম্মানুসারে যেপর্য্যন্ত কালেক্টর সাহেবের কাছারীতে কর্ম্ম করা যাইতে পারে সেইপর্য্যন্ত করা উচিত। দেওয়ানী আদালতে প্রত্যেক মোকদ্দমার কাগজপত্র এইক্ষণে দুই নথীতে সাজান যায়। গুরুতর যে সকল কাগজপত্র বারো বৎসর ও তাহার অধিক কালপর্য্যন্ত রাখিতে হইবেক তাহা A চিহ্নিত নথীতে রাখা যায়। এবং যে সকল কাগজপত্র মোকদ্দমার দোষগুণের সম্পর্কীয় না হওয়াতে নিষ্পত্তির

case, are to be kept only for one year from the date of decision.

XII. When papers to be destroyed have been selected from the rest of the records, the Collector is to report on their nature and the grounds on which they are deemed worthless, for the orders of the Commissioner, previous to their destruction by fire or otherwise. In cases where a general arrangement of the records is in progress, these reports need not be delayed till its completion, but should be submitted from time to time, in order that the room occupied by the useless papers may become available for the systematic stowage of the papers to be retained.

[Preservation of arrangement when effected.]

XIII. In order to guard against relapse into disorder of the records when once arranged, the Collector shall, in conjunction with his Serishtadar, divide the business into departments, to be placed under charge of particular officers, so that every sort of business which comes into the office may go to the assigned officer, who is to have charge of the papers connected with his department, until a final order shall have been passed on each case.

XIV. Separate presses, or other fit receptacles for the secure preservation of papers, are to be assigned to each department of business, the key of which is to be in the custody of the officer in charge of the department.

XV. This will not of course preclude the assignment of two or more departments to one officer, or the allotting of two or more officers to one department, as the business may be light or heavy in each department.

XVI. A book is to be kept by the officer in charge of each department, in which he is to enter every case as it comes in, and a fly-leaf is to be affixed to each case as soon as entered, on which a list of the papers first given in is to be written, and every additional paper is to be entered in the list as soon as received.

XVII. The Serishtadar is to be responsible for seeing that the papers daily received are daily made over to the officers in charge of the different departments, and duly filed and entered on the lists and in the books, and disposed of with due care and attention to arrangement.

XVIII. It will be the duty of the Serishtadar also to see that cases required for the Collector's proceedings are duly brought forward by the officers in charge of the departments at the times appointed, and that each case or paper is returned to the proper department before the office breaks up.

XIX. The record of every case, as soon as a final order has been passed and the perwannahs or other necessary measures for due execution completed, is to be immediately made over, without refer-

তারিখের পর কেবল এক বৎসরপর্য্যন্ত রাখিতে হইবেক তাহা B চিহ্নিত নথীতে রাখা যায়।

১২ বিধি। যে২ কাগজ নষ্ট করিতে হইবেক তাহা রোয়দাদের অন্যান্য ভাগহইতে বাচনি হইলে পর অগ্নির দ্বারা বা প্রকারান্তরে তাহা নষ্ট করণের পূর্ব্বে কমিস্যনর সাহেবের হুকুম পাইবার জন্যে কালেক্টর সাহেব ঐ কাগজপত্র যে২ প্রকার তাহার বিষয়ের এবং যে২ কারণে তাহা অকর্ম্মণ্য বোধ হইয়াছে তাহার বিষয়ের রিপোর্ট করিবেন। যে স্থলে সর্ব্ব সাধারণ কাগজপত্র সাজাওনের কার্য্য চলিতেছে সেই স্থলে তাহার সমাপ্তি না হওনপর্য্যন্ত ঐ রিপোর্ট বিলম্ব করার প্রয়োজন নাই কিন্তু অকর্ম্মণ্য কাগজের স্থানে কর্ম্মণ্য কাগজ বিলি করিয়া রাখণের জন্যে অকর্ম্মণ্য কাগজের রিপোর্ট সময়ে২ করিতে হইবেক।

[কাগজপত্র সাজান গেলে পর তাহা পরিপাটীরূপে রাখণ।]

১৩ বিধি। কাগজপত্র একবার সাজান গেলে পর তাহার পুনরায় গোলমাল না হয় এই জন্যে কালেক্টর সাহেব আপনার সিরিশ্তাদারের সঙ্গে পরামর্শ করিয়া কার্য্য সকল দফ্তরে২ বিলি করিবেন এবং তাহা বিশেষ২ আমলার জিম্মায় রাখা যাইবেক। তাহার অভিপ্রায় এই যে যে প্রত্যেক প্রকার কার্য্য কাছারীতে আইসে তাহা নির্দ্দিষ্ট আমলার হাতে অর্পণ করা যায় এবং যাবৎ প্রত্যেক মোকদ্দমার চূড়ান্ত হুকুম না হয় তাবৎ প্রত্যেক আমলার জিম্মায় তাহার দফ্তরসম্পর্কীয় কাগজপত্র থাকে।

১৪ বিধি। কাগজপত্র নির্ব্বিঘ্নে রাখণার্থে আলাহিদা২ আলমারী অথবা অন্য উপযুক্ত আধার প্রত্যেক দফ্তরে দেওয়া যাইবেক এবং সেই দফ্তর যে আমলার জিম্মায় থাকে সেই আমলার নিকটে ঐ২ আলমারীর চাবি থাকিবেক।

১৫ বিধি। এই নিয়মপ্রযুক্ত সুতরাং প্রত্যেক দফ্তরের কার্য্যের অল্পতা বা বাহুল্যানুসারে দুই বা ততোধিক দফ্তর এক আমলাকে নিরূপণ করিয়া দেওনের অথবা একি দফ্তরে দুই বা ততোধিক আমলাকে নিযুক্ত করিয়া দেওনের কোন বাধা নাই।

১৬ বিধি। প্রত্যেক দফ্তর যে আমলার জিম্মায় থাকে তিনি এক বহী রাখিবেন এবং প্রত্যেক মোকদ্দমা যেমন আইসে তেমনি সেই বহীতে লেখা যাইবেক। এবং প্রত্যেক মোকদ্দমা লেখা গেলে তাহার সঙ্গে এক ফর্দ্দ শাদা কাগজ দিতে হইবেক এবং যে২ কাগজপত্র প্রথম দাখিল হইয়াছিল তাহার ফিরিস্তি তাহাতে লেখা যাইবেক এবং তৎপরে যত নূতন কাগজ পঁহুছে তাহাও ঐ ফিরিস্তির মধ্যে লিখিতে হইবেক।

১৭ বিধি। সিরিশ্তাদারের উপর এই বিষয়ের ঝুঁকী থাকিবেক যে প্রতিদিন যত কাগজ আইসে তাহা নানা দফ্তর যে আমলার জিম্মায় আছে তাঁহার প্রতি দিন২ অর্পণ করা যায় এবং রীতিমতে নথীর শামিল করা যায় এবং ফিরিস্তির মধ্যে ও বহীর মধ্যে লেখা যায় এবং নিয়মমতে সাজাওনের বিষয়ে উপযুক্ত সাবধানতা ও মনোযোগপূর্ব্বক রাখা যায় ইহা দেখেন।

১৮ বিধি। আরো সিরিশ্তাদারের কর্ত্তব্য যে কালেক্টর সাহেবের কার্য্যের জন্যে যে২ মোকদ্দমার আবশ্যক তাহা ঐ দফ্তর যে২ আমলার জিম্মায় থাকে সেই২ আমলার দ্বারা নিরূপিত সময়ে তাঁহার নিকটে উপস্থিত করা যায় এবং কাছারী বন্দ হওনের পূর্ব্বে প্রত্যেক মোকদ্দমা কি দলীল উপযুক্ত দফ্তরে ফিরিয়া দেওয়া যায় এই বিষয় দেখেন।

১৯ বিধি। প্রত্যেক মোকদ্দমার চূড়ান্ত হুকুম হইলে এবং সেই হুকুম উপযুক্তমতে জারী হওনার্থে পরওয়ানা অথবা অন্যান্য আবশ্যক কার্য্য সমাপ্ত হইলে ঐ মোকদ্দমার রোয়দাদ সময়ের ক্রমের প্রতি দৃষ্টি না করিয়া তৎ-

ence to order of time, to the Record-keeper, and the date of transfer is to be written against the entry of the case in the department book, and the Record-keeper is to sign the entry in evidence of his having received the case. The Serishtadar is to be responsible for these instructions being duly attended to.

XX. The Record-keeper will receive every completed case whenever tendered to him, and will not decline on pretence of waiting for other cases of the same date. He will put every case in the place to which it belongs, and will add it to his list of records.

XXI. When any case is required from the record office for reference, the officer of the department in which it is required is to give a note to the Record-keeper mentioning the case required. The record is immediately to be furnished, and the note kept in the envelope or bustah. On the return of the record, the note is to be given up and to be cancelled.

XXII. It is the Commissioner's duty when on circuit to make a point of inspecting the state of every Collectorate record-room, and where dissatisfied with it, he is to report for the Board's orders.

XXIII. It has been intimated by Government, that any officer who permits the records of his office to fall into disorder shall be held responsible to Government for the expenses incurred in their re-adjustment; and any functionary receiving charge of an office the records of which may be in disorder, or so unmethodically arranged as to prevent the ready production of papers when called for, who shall fail to make a timely report of their state, shall be similarly held answerable for the outlay attending the assortment of the records.

[Description of paper to be generally used.]

XXIV. Paper of a uniform and convenient size shall be adopted for the transaction of business. The size of small foolscap seems to be more conveniently adapted for the purpose than any other size; it is handy, capable of being neatly folded, and the bundles formed thereby are not only more compact and uniform, but admit of being confined above and below with thin boards cut of a required size and tied together with tape.

XXV. If good paper is not procurable near at hand, Collectors are to indent on the Stationery Office for paper from the Serampore Mills. The foolscap there prepared of the size above alluded to is strong and useful for all purposes and not liable to destruction by worms. This paper, or paper like it, if procurable nearer and at a cheaper rate, should be used for roobukarees, and where arsenic paper is prepared in the jails, it may be used for depositions, &c.

ক্ষণাৎ মহাফেজকে দেওয়া যাইবেক এবং ঐ খারিজদাখিল করণের তারিখ দফ্তরের বহীতে প্রত্যেক মোকদ্দমা যে স্থানে লেখা আছে তাহার নিকটে লিখিতে হইবেক এবং মহাফেজ ঐ কাগজ পাওনের প্রমাণস্বরূপ ঐ লিপিতে দস্তখৎ করিবেন। এই সকল হুকুম রীতিমতে প্রতিপালন হওনের ঝুঁকী সিরিশ্তাদারের উপর থাকিবেক।

২০ বিধি। সমাপ্তহওয়া প্রত্যেক মোকদ্দমার কাগজপত্র যে কোন সময়ে মহাফেজকে দিতে প্রস্তাব হয় তিনি তাহা সেই সময়ে লইবেন এবং সেই তারিখের অন্যান্য মোকদ্দমার কাগজপত্রের অপেক্ষা করিতেছি এই ছলে তাহা লইতে অস্বীকার করিবেন না। প্রত্যেক মোকদ্দমা যে স্থানে রাখিতে হয় সেই স্থানে তিনি তাহা রাখিবেন এবং আপন রোয়দাদের ফিরিস্তির মধ্যে তাহা লিখিবেন।

২১ বিধি। যখন কোন মোকদ্দমা দৃষ্টি করণার্থে মহাফেজদফ্তরহইতে আনিতে হয় তখন যে দফ্তরে তাহার প্রয়োজন হয় সেই দফ্তরের আমলা যে মোকদ্দমার আবশ্যক হয় তাহা এক চিঠীতে লিখিয়া মহাফেজের নামে দিবেন। ঐ রোয়দাদ তৎক্ষণাৎ দিতে হইবেক এবং ঐ চিঠী মোড়কের কি বস্তার মধ্যে রাখিতে হইবেক। রোয়দাদ ফিরিয়া দেওয়া গেলে ঐ চিঠী ফিরিয়া দেওয়া যাইবেক ও বাতিল করা যাইবেক।

২২ বিধি। কমিস্যনর সাহেব যখন দওরায় গমন করেন তখন তাঁহার কর্ত্তব্য যে প্রত্যেক কালেক্টরীর মহাফেজদফ্তরের অবস্থা দেখেন। এবং যদি কোন স্থলে তাহাতে সন্তুষ্ট না হন তবে বোর্ডের হুকুমের জন্যে তাহার রিপোর্ট করিবেন।

২৩ বিধি। গবর্ণমেণ্ট অনুমতি করিয়াছেন যে, যে কোন কার্য্যকারক আপন সিরিশ্তার রোয়দাদ গোলমাল হইতে দেন সেই কাগজপত্র পুনরায় সাজাইয়া রাখিতে যে খরচ হয় তাহার বিষয়ে সেই কার্য্যকারক গবর্ণমেণ্টের নিকটে দায়ী হইবেন। এবং কোন কর্ম্মকারক কোন সিরিশ্তার ভার গ্রহণ করিলে যদি তাঁহার রোয়দাদ তৎসময়ে অতি গোলমাল থাকে অথবা যদি তাহা এমত এলুয়ামেলুয়া থাকে যে কোন কাগজপত্রের আবশ্যক হইলে তাহা অনায়াসে পাওয়া যাইতে পারে না এবং যদি তিনি অগৌণে তাহার অবস্থার বিষয়ের রিপোর্ট না করেন তবে সেই রোয়দাদ উত্তমরূপে সাজাইতে যে খরচ লাগে তাহার বিষয়েও তিনি দায়ী হইবেন।

[যে প্রকারের কাগজ সাধারণমতে ব্যবহার হইবেক।]

২৪ বিধি। কার্য্য নির্ব্বাহের জন্যে একি মত এবং উপযুক্ত পরিমাণের কাগজ ব্যবহার করিতে হইবেক। অন্য কোন পরিমাণের কাগজঅপেক্ষা যে কাগজের নাম "ছোট ফুলস্কাপ" তাহা ব্যবহার করিলে সুগম বোধ হয়। তাহা স্বচ্ছন্দে হাতে করা যায় এবং তাহা পরিপাটীরূপে তো করা যাইতে পারে এবং সেই কাগজ লইয়া যে বস্তা করা যায় তাহা দৃঢ় এবং একিপ্রকার হইবেক কেবল নহে কিন্তু ঐ বস্তা উপর নীচে দুই দিগে নিয়মিত পরিমাণে কাটা অতি পাতলা তক্তা দিয়া ফিতাতে বাঁধিয়া রাখা যাইতে পারে।

২৫ বিধি। যদি নিকট কোন স্থানে ভাল কাগজ না পাওয়া যায় তবে কালেক্টর সাহেবেরা শ্রীরামপুরের কাগজের জন্যে ষ্টেশনরী আফিসে পত্র পাঠাইবেন। উক্ত প্রকার যে ফুলস্কাপ কাগজ সেখানে প্রস্তুত হইয়া থাকে তাহা শক্ত ও সকল বিষয়ে কর্ম্মণ্য এবং তাহা পোকায় খাইতে পারে না। এই কাগজ অথবা যদি তাহার মত কিন্তু তাহাহইতে সুমূল্য কাগজ আরো নিকট কোন স্থানে পাওয়া যায় তবে তাহা রুবকারীর নিমিত্তে ব্যবহার করা উচিত এবং যে স্থলে হরিতাল দেওয়া কাগজ জেলখানায় প্রস্তুত হইয়া থাকে সেই স্থলে তাহা জোবানবন্দীপ্রভৃতির নিমিত্তে ব্যবহার হইতে পারে।

N. B.—Government Order, dated 27th April, 1854, received while these Rules are being drawn up, peremptorily prohibits the use of any but properly prepared paper for the purposes of record.

The same orders announce the issue of a Circular Order on the subject to all officers in charge of jails. Serampore paper should be procured from the Stationery Office on indent, and paper of jail manufacture never used if not arsenicated.

XXVI. No petition or application of any sort shall be received which is not written so as to be readable by any person acquainted with the character. It may occupy the writer an additional five minutes of his time, for which the public do not pay; the time of many public officers will be saved, for which the public do pay.

[Copies of Records.]

XXVII. The Collector shall license as many copyists as shall be able to supply all applicants with copies without inconvenient delay, and no one but a licensed copyist shall be employed on the preparation of copies. Each copyist shall receive from the party taking the copy a fee at the rate of one anna on every hundred words, four figures counting as one word. On each copy the amount of the fee received shall be noted as follows:—

Number of words in the copy, ... 000
At one anna per 100 words is Rupees, 00
Received Payment,
(Signed) A. B.,
Date *Licensed Copyist.*

XXVIII. Each copyist shall keep a book in the form hereto annexed (No. 3,) showing his receipts, which he shall submit once a month to the Collector: by this means the Collector will be enabled to regulate the establishment of copyists, and to reduce the number if there is not sufficient business to enable each copyist to earn at least 12 Rupees per mensem.

XXIX. Where one copyist only is entertained, the task of comparing must be performed by one of the officers of the fixed establishment. Where two or more copyists are employed, they should compare for each other. Where six or more copyists are continually employed, a comparer may be entertained to compare the copies prepared by all, to be paid at the rate of 12 Rupees per mensem levied from the copyists.

XXX. The names of both the officers employed on the comparison shall always be noted on the copy. As heretofore each copy shall be attested by the Mohafiz or other native officer specially authorized to compare and attest copies, who shall be held responsible jointly with the comparer for the correctness of the copy.

[*Government Gazette*, 11*th July*, 1854.]

মন্তব্য কথা। এই বিধি প্রস্তুত করিবার সময়ে গবর্ণমেণ্টের ১৮৫৪ সালের ২৭ আপ্রিল তারিখের হুকুম পাওয়া গিয়াছিল তাহাতে রিকার্ড লিখিবার জন্যে উপযুক্তমতে প্রস্তুতকরা কাগজভিন্ন অন্য কোন প্রকার কাগজ ব্যবহার করার অতি আঁটাআঁটিরূপে নিষেধ হইয়াছে।

সেই হুকুমেতেও লেখা আছে যে জেলখানার তত্ত্বাবধারক সকল কার্য্যকারকের নিকটে তদ্বিষয়ের এক সরক্যুলর অর্ডর জারী হইয়াছে। শ্রীরামপুরের কাগজ ইণ্ডেণ্টের দ্বারা ষ্টেশনরী আফিসহইতে আনাইতে হয়। এবং জেলখানার প্রস্তুত যে কাগজে হরিতাল না দেওয়া যায় তাহার কখন ব্যবহার করিতে হইবেক না।

২৬ বিধি। যে কোন প্রকার দরখাস্ত অথবা আরজী যদি এমত স্পষ্ট না লেখা যায় যে যে কোন ব্যক্তি দেশীয় অক্ষর পড়িতে পারে সেই ব্যক্তি সেই দরখাস্তপ্রভৃতি অনায়াসে পাঠ করিতে পারে তবে সেই দরখাস্ত অথবা আরজী গ্রাহ্য করা যাইবেক না। তাহাতে লেখকের অধিক পাঁচ মিনিট লাগিতে পারে তাহার জন্যে সরকারের কোন খরচ লাগে না। এবং তাহাতে সরকারের অনেক আমলার সময় রক্ষা হয় তাহার জন্যে সরকারের খরচ লাগে।

[কাগজপত্রের নকল।]

২৭ বিধি। যত জন নকলনবীস নকল প্রার্থনাকারি সকল ব্যক্তিকে যাহাতে ক্লেশ হয় এমত বিলম্ব না করিয়া নকল দিতে পারিবেন তত জন নকলনবীসকে কালেক্টর সাহেব সনদ দিবেন। এবং সনদপ্রাপ্ত নকলনবীসভিন্ন কেহ নকল প্রস্তুত করণের কার্য্যে নিযুক্ত হইবেন না। যে ব্যক্তি নকল লয় তাহার স্থানে নকলনবীস ফিশত কথার প্রতি /০ এক আনা করিয়া রসুম পাইবেন। চারি২ অঙ্ক এক কথার তুল্য ধরা যাইবেক। প্রত্যেক নকলে রসুমের মবলগ নীচের লিখিতমতে লেখা যাইবেক।

নকলে কথার সংখ্যা ০০০
ফিশত কথার প্রতি /০ এক আনা করিয়া ০০ টাকা
বুঝিয়া পাইলাম।
অমুক।
তারিখ। সনদপ্রাপ্ত নকলনবীস।

২৮ বিধি। প্রত্যেক নকলনবীস নীচের লিখিত (৩ নম্বরী) পাঠানুসারে এক বহী রাখিবেন যত টাকা পান তাহা তাহাতে লেখা যাইবেক এবং সেই বহী তিনি মাসে একবার কালেক্টর সাহেবকে দেখাইবেন। এই উপায়ে কালেক্টর সাহেব নকলনবীসের সিরিশ্তার নিয়ম করিতে পারিবেন এবং যাহাতে প্রত্যেক জন মাসে২ অতি ন্যূন ১২৲ টাকা পাইতে পারেন এত কর্ম্ম যদি না থাকে তবে তিনি তাঁহারদের সংখ্যা ন্যূন করিতে পারেন।

২৯ বিধি। যে স্থলে কেবল এক জন নকলনবীস নিযুক্ত হন সেই স্থলে নকল মিলাইয়া পড়িবার কার্য্য মোকররী সিরিশ্তার এক জন আমলা করিবেন। যে স্থলে দুই কি ততোধিক জন নকলনবীস নিযুক্ত হন সেই স্থলে তাঁহারা পরস্পর সাহায্য করিয়া নকল মিলাইবেন। যে স্থলে ছয় কি ততোধিক জন নকলনবীস সর্ব্বদাই কর্ম্মে নিযুক্ত থাকেন সেই স্থলে সকলের প্রস্তুতকরা নকল মিলাইবার জন্যে এক মিলনকারিকে নিযুক্ত করা যাইবেক। সেই ব্যক্তিকে মাসে২ ১২৲ টাকা বেতন দেওয়া যাইবেক সেই টাকা নকলনবীসেরদের স্থানে আদায় হইবেক।

৩০ বিধি। যে দুই আমলা নকল মিলাইয়া পড়েন তাঁহারদের নাম সর্ব্বদা ঐ নকলে লেখা যাইবেক। পূর্ব্ববিধি যেমন হইয়া থাকে তেমনি প্রত্যেক নকলে মহাফেজ কিম্বা নকল মিলাইয়া তাহাতে দস্তখৎ করিতে বিশেষ ক্ষমতাপ্রাপ্ত এদেশীয় অন্য আমলা দস্তখৎ করিবেন। এবং মিলনকারির সঙ্গে সেই মহাফেজ কি অন্য আমলা ঐ নকলের শুদ্ধতার বিষয়ে দায়ী হইবেন।

XXXI. The fees for searching on the scale noted in the margin,* receivable by the Government, shall be paid to the Mohafiz, who shall keep an account of the sums received, and each day pay the whole by means of a chellaun, under his signature, into the treasury, there to be at once carried to credit under the head of "Record Fund." This book shall be signed daily by the officer in charge of the treasury.

[Record Fund.]

XXXII. The Record Fund established under Government Order 14th February, 1852 out of fees levied on the registry of mutations under the provisions of Regulation XV. of 1797, and for searching for papers, is intended to provide for any expenses that may be necessary for arranging or preserving the records of Collectorships.

XXXIII. No disbursements are to be made from this fund without the sanction of the Board, previously obtained upon a full report in each case.

XXXIV. It is not intended that the fees levied in any one district shall be expended only in that particular district. The Board will direct remittances to be made from one district to another, to meet disbursements in excess of the funds available in the district in which the disbursements may have been authorized.

XXXV. Collectors will exhibit the receipts and disbursements of the Revenue Record Fund under a new head in their treasury accounts, and furnish the Accountant with a quarterly return of receipts and disbursements in the form prescribed by him.

XXXVI. In order that the Board may know what funds are available, Collectors are to forward to them, at the beginning of each month, a Memorandum of the balance in hand in the following form. No letter need accompany the Memorandum.

Balance at the end of ———— 18—,	... 000
Received during the month of ————	... 000
Total,	... 000
Expended during the month,†	... 000
Balance,	... 000

Bills for amounts disbursed under the authority of the Board are to be forwarded for their countersignature along with the memorandum of the month for which the charge is incurred.

(Signed) A. GROTE, *Offg. Secretary.*

Board of Revenue, Lower Provinces,
Fort William, the 23rd May, 1854.

* For chittas, jummabundees, khutteeans and all other revenue accounts, each 2 annas; for all other documents, 4 annas.

† *Note.*—The sums entered opposite to this head are to include all items of expenditure, whether adjusted or charged under miscellaneous advances.

৩১ বিধি। নীচের লিখিত * হারানুসারে তালাশ করণের যে রসুম গবর্ণমেণ্ট পাইতে পারেন তাহা মহাফেজকে দেওয়া যাইবেক। মহাফেজ যত টাকা পান্ তাহার হিসাব রাখিবেন এবং প্রতিদিন আপন দস্তখতে এক চালান দিয়া ঐ সমুদয় টাকা খাজানাখানায় দাখিল করিবেন। খাজানাখানায় ঐ টাকা "রিকার্ডের তহবীল" এই শিরনামায় একেবারে জমা হইবেক। খাজানাখানার ভার যে কার্য্যকারকের প্রতি থাকে তিনি প্রতিদিন ঐ বহীতে দস্তখৎ করিবেন।

[রিকার্ডের তহবীল।]

৩২ বিধি। ১৭৯৭ সালের ১৫ আইনের বিধানমতে খারিজদাখিল রেজিষ্টরী করণের এবং দলীল তালাশ করণের জন্যে যে রসুম আদায় হয় তাহা লইয়া গবর্ণমেণ্টের ১৮৫২ সালের ১৪ ফেব্রুআরি তারিখের হুকুমমতে যে "রিকার্ডের তহবীল" করা যায় তাহার অভিপ্রায় কালেক্টরীর কাগজপত্র সাজাইবার কি রক্ষা করিবার জন্যে যে কোন খরচের আবশ্যক তাহা পাইবার উপায় করা।

৩৩ বিধি। বোর্ডের সাহেবেরা কোন বিষয়ের সম্পূর্ণ রিপোর্ট পাইলে পর অনুমতি না দিলে এই তহবীলহইতে কিছু টাকা খরচ হইবেক না।

৩৪ বিধি। কোন জিলাতে যে রসুম আদায় হয় তাহা কেবল সেই বিশেষ জিলাতে ব্যয় হইবেক এমত অভিপ্রায় নহে। যে জিলাতে কিছু খরচ হইবার হুকুম হয় তাহার তহবীলে যত টাকা পাওয়া যায় যদি খরচ ততোধিক হয় তবে তাহা পোষাইবার নিমিত্তে বোর্ডের সাহেবেরা এক জিলাহইতে অন্য জিলায় টাকা পাঠাইবার হুকুম করিবেন।

৩৫ বিধি। কালেক্টর সাহেবেরা রাজস্বসম্পর্কীয় রিকার্ডের তহবীলের জমাখরচ আপনারদের খাজানাখানার হিসাবে নূতন শিরনামায় লিখিবেন এবং আকৌণ্টেণ্ট সাহেব যে পাঠ নির্দ্দিষ্ট করেন সেই পাঠানুসারে জমা ও খরচের তিন২ মাসের রিটর্ণ তাঁহার নিকটে পাঠাইবেন।

৩৬ বিধি। যত টাকা ব্যয় হইবার জন্যে মৌজুদ আছে তাহা বোর্ডের সাহেবেরদের জ্ঞাত থাকিবার জন্যে কালেক্টর সাহেবেরা প্রতিমাসের আরম্ভে নীচের লিখিত পাঠানুসারে মৌজুদ বাকীর এক স্মারক লিপি তাঁহারদের নিকটে পাঠাইবেন। তাহার সঙ্গে কোন পত্র পাঠাইবার আবশ্যক নাই।

অমুক সালের অমুক মাসের শেষে মৌজুদ	...
অমুক মাসে আদায় হয়	...
মোট ...	...
মাসে খরচ হয় † ...	...
বাকী ...	...

বোর্ডের সাহেবেরদের হুকুমমতে যে মাসে যে টাকা খরচ হয় সেই মাসের স্মারক লিপির সঙ্গে সেই টাকার বিল বোর্ডের সাহেবেরদের আড়সহী করিবার জন্যে পাঠাইতে হইবেক।

এ গ্রোট। একটিং সেক্রেটারী।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৫৪ সাল ২৩ মে।

* চিট্টা ও জমাবন্দী ও খতিয়ান এবং রাজস্বসম্পর্কীয় অন্য সকল হিসাব প্রতি ৵দুই আনা। অন্য সকল দলীল প্রতি ।০ চারি আনা।

† এই কথার পার্শ্বে যে টাকা লেখা যায় তাহা নিষ্পত্তি হওয়া খরচের হউক কি মুৎফরকা আগাম দেওয়া টাকার হিসাবে লেখা যাউক তাহার মধ্যে সে সকলের মহলগ ধরা যাইবেক।

No. L.

General Register of Records of Pergunnah A.

No. of almirah.	No. of shelf or compartment.	No. and Name of Mehal.	No. of bustah.	Settlement.	Butwarrahs.	Dhakil Kharij.	Khas management.	Attachment by Order of Court.	Court of Wards.	Sales for Govt. arrears.	Cases of Sales other than for arrears.	Summary Suits.	Payment of surplus proceeds & Refunds.	Resumption.	Civil Suits.	Malikana.	Miscellaneous.	REMARKS.
আলমারীর নম্বর	শেল্‌ফের কি কোটরের নম্বর	মহালের নম্বর ও নাম	বস্তার নম্বর	বন্দোবস্ত	বাঁটওয়ারা	দাখিলখারিজ	খাস মহরররাইতারী	আমানতের হুকুম-জব্দে ক্রোক	কোর্ট অফ ওয়ার্ডস	মহরররী বাকীর জন্য বিক্রয়	বাকীভিন্ন অন্য বাকীর জন্য বিক্রয়	মহরররী মোকদ্দমা	বাকী বাদে উদ্বৃত্ত টাকা ফেরত ও টাকা ফিরিয়া দেওন	বাজেয়াপ্ত	দেওয়ানী মোকদ্দমা	মালিকানা	অন্যান্য বিষয়	মন্তব্য

পরগনার কাগজপত্রের সাধারণ রেজিষ্টর।

ক নং ১

যে বিষয়ের মোকদ্দমা

No. 2.

General Register of Survey Records of Pergunnah A.

No. of almirah.	No. of shelf or compartment.	No. and Name of Village.	No. of bustah.	Village Plans.	Thakbust.	Khusreh.	Boundary Cases.	REMARKS.

২ নম্বর।

অমুক পরগনার জরিপের কাগজপত্রের সাধারণ রেজিষ্টর।

আলমারীর নম্বর	শেল্‌ফের কি খোপের নম্বর	গ্রামের নম্বর ও নাম	বস্তার নম্বর	গ্রামের নক্‌শা	থাকবস্ত	খসড়া	সীমার মোকদ্দমা	মন্তব্য কথা।

[কলিকাতা গেজেট, ১৮৪৪। ১২ জুলাই]

No. 3.

Form of Register of Copies prepared to be kept by each Copyist.

Description of document.	Date of application for copy.	Date on which document was received from Mohafiz.	Dates on which document was returned to Mohafiz.	Fee received.

৩ নম্বর।

প্রস্তুতকরা নকলের যে রেজিষ্টর প্রত্যেক নকলনবীসের রাখিতে হইবেক তাহার পাঠ।

দলীলের প্রকার	নকল পাইবার দরখাস্তের তারিখ	দলীল যে তারিখে মহাফেজের স্থানে পাওয়া যায়	দলীল যে তারিখে মহাফেজকে ফিরিয়া দেওয়া যায়	যে রসুম পাওয়া যায়।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 30th June, 1854.

Baboo Ramloll Sen, late Moonsiff of Madpore, in East Burdwan, to be Moonsiff of Sulkea, in Zillah Jessore.

Ahmed Ally, to officiate as Moonsiff of Lushkerpore, Zillah Sylhet, until further orders.

The 6th July, 1854.

Gopaulkishen Mujoomdar, Moonsiff of Maldah, to be Moonsiff of Shahzadpore, in Rajshahye.

The 7th July, 1854.

Baboo Radhanath Chatterjea, Moonsiff of Kalloopole, Zillah Jessore, to be Moonsiff of Juggernath Diggy, Zillah Tipperah, and

Baboo Oma Churn Mitter, Moonsiff of the latter Chowkey, to be Moonsiff of Kalloopole, in Jessore.

C. T. BUCKLAND, *Register*.

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ৩০ জুন।

পূর্ব্ববর্দ্ধমানের মাধপুরের সাবেক মুনসেফ শ্রীযুত বাবু রামলাল সেন যশোহর জিলায় শালকিয়ার মুনসেফ হইবেন।

শ্রীযুত আহমদ আলী অন্য হুকুম নাহওনপর্য্যন্ত ছিলট জিলার লস্করপুরের মুনসেফের কার্য্য নির্ব্বাহ করিবেন।

১৮৫৪ সাল ৬ জুলাই।

মালদহের মুনসেফ শ্রীযুত গোপালকৃষ্ণ মজুমদার রাজশাহীতে শাহজাদপুরের মুনসেফ হইবেন।

১৮৫৪ সাল ৭ জুলাই।

যশোহর জিলার কালুপোলের মুনসেফ শ্রীযুত বাবু রাধানাথ চাটুর্য্যা ত্রিপুরা জিলার জগন্নাথ দীঘীর মুনসেফ হইবেন।

এবং ঐ চৌকীর মুনসেফ শ্রীযুত বাবু উমাচরণ মিত্র যশোহরের কালুপোলের মুনসেফ হইবেন।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৪৬৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

বিজ্ঞাপন।

১৮৫৪ সাল ১৩ জুন।

দিনাজপুর জিলার ঠাকুরগাঁও থানার নাকা ফতেপুরের শামিল নিম্নের লিখিত গ্রামসকল শুকানির ডেপুটী মাজিষ্ট্রেটের এলাকার শামিল করা গিয়াছে।

১ এতওয়ারি	১১ নথিঝারা
২ গিরাগো	১২ পানৈশালা
৩ ফতেপুর	১৩ সিকৃটিহারি
৪ সাজানাপাড়া	১৪ দানাবীর
৫ চেপরাঝাড়	১৫ যাদবাটী
৬ বদগো	১৬ ভরিয়া
৭ দুর্গাপুর	১৭সোণাপাতিল্যা
৮ বাড়াগো	১৮ ধামুইর
৯ ডারখোর	১৯ মানখোপা
১০ কাঁটালি	

১৮৫৪ সাল ২১ জুন।

শ্রীযুত এচ বি ওয়েবষ্টর সাহেব (Mr. H. B. Webster,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেকৃটর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিরিশতায় নিযুক্ত হইয়া "হিন্দু স্থান" নামক বাষ্পীয় জাহাজে বর্ত্তমান মাসের ১৭ তারিখে রাজধানীতে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন।

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৪৮৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৫৪ সাল ২২ জুন।

যশোহরের ডেপুটী কালেকৃটর শ্রীযুত ডবলিউ সি কাষ্টলি সাহেব (Mr. W. C. Costley,) পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ২৩ জুন।

প্রথম অর্থাৎ উত্তরাংশের জরিপী কর্ম্মের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত জি জি মরিস সাহেব (Mr. G. G. Morris,) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৫৩৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ২৭ জুন।

শ্রীযুত এফ আর কক্রেল সাহেব (Mr. F. R. Cockerell,) মুরশিদাবাদের মাজিষ্ট্রেট ও কালেকৃটর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

১৮৫৪ সাল ২৯ জুন।

শ্রীযুত পাদরি এ ডবলিউ ওয়ালিস সাহেব (Reverend A. W. Wallis,) গত আপ্রিল মাসের ১৫ তারিখঅবধি চুঁচুড়ার ধর্ম্মোপদেশক হইবেন।

১৮৫৪ সাল ৩০ জুন।

শ্রীযুত ডাক্তর এচ ডবলিউ জোন্স সাহেব (Dr. H. W. Jones,) সাণ্ডোয়ে স্থানের চিকিৎসক হইবেন।

ছুটী।

১৮৫৪ সাল ২৭ জুন।

যশোহরের মাজিষ্ট্রেট ও কালেকৃটর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এচ সি সাণ্ডর্স সাহেব (Mr. H. C. Saunders,) বর্ত্তমান মাসের ২ তারিখঅবধি চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ২০ জুন।

হাজারীবাগের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের এজেণ্ট সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান টি সিমসন সাহেব (Captain T. Simpson,) বর্ত্তমান মাসের ৭ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে পনের দিনের ছুটী পাইয়াছেন।

যশোহরের ডেপুটী কালেকৃটর শ্রীযুত ডবলিউ সি কাষ্টলি সাহেব (Mr. W. C. Costley,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে আগামি মাসের ৫তারিখঅবধি আঠার মাসের ছুটী পাইয়াছেন।

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS.

SALT.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

নিমক।

মাসকাবারী হিসাব মৌজুদ নমক মায় ৪ পরসেণ্ট গোলা শুক্তি বাবৎ লাগাদ ৩০ জুন সন ১৮৫৪ সাল প্রত্যেক এজেন্সীর ও শালিখার গোলায়।

এজেন্সীর নাম	সন ১২৫৫ সাল ইং- রাজি ১৮৪৮। ৪৯ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৬ সাল মোতাবক ইং ১৮৪৯। ৫০ সাল	সন ১২৫৭ সাল মোতাবক ইং ১৮৫০। ৫১ সাল	সন ১২৫৮ সাল মোতাবক ইং ১৮৫১। ৫২ সাল	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবক ইং ১৮৫৩। ৫৪ সাল	মৌজুদ নমকের একুন
হিজলি।							
পাঙ্গা নমক ঘাট রসুলপুর।	০	০	০	১,৯৩৮/	০	১,১৬,৩০২/	১,১৮,২৪০/
ঐ ঐ কৃষ্ণনগর।	০	০	০	০	৪০/	১,৭০,৬৩৯/	১,৭০,৬৭৯/
ঐ ঐ রামনগর।	০	০	২,১৬৩॥৫	০	১২,৫৯৮।০	১,৪৯,৮৫৮/	১,৬৪৬১৯৸৫
ঐ ঐ উত্তর কালীনগর।	০	০	০	০	০	১,৯২,৮৩৮/	১,৯২,৮৩৮/
ঐ ঐ পুরীঘাট।	০	০	০	০	০	২৬,৬৮০/	২৬,৬৮০/
একুন।	০	০	২,১৬৩॥৫	১,৯৩৮/	১২,৬৩৮।০	৬,৫৬,৩১৭/	৬,৭৩,০৫৬৸৫
তমলুক।							
পাঙ্গা নমক ঘাট নারায়ণপুর।	০	০	০	০	০	৭৫,২৮০॥৬৶	৭৫,২৮০॥৬৶
একুন।	০	০	০	০	০	৭৫,২৮০॥৬৶	৭৫,২৮০॥৬৶
চট্টগ্রাম।							
পাঙ্গা নমক নেজামপুর ঘাটি ডোমখালি।	০	০	০	০	০	০	০
ঐ আরাকিন ঐ	০	০	০	০	০	০	০
ঐ সদর ঘাট এজেন্সী।	০	৪৮,৪৬০/	০	০	০	০	৪৮,৪৬০/
ঐ ঐ আরাকিন।	১৪,৬২৮॥৭৸৶	০	০	০	০	৯৪,১৮৫॥৫	১,০৮,৮১৪।২৸৶
একুন।	১৪,৬২৮॥৭৸৶	৪৮,৪৬০/	০	০	০	৯৪,১৮৫॥৫	১,৫৭,২৭৪।২৸৶

এজেন্সীর নাম।	সন ১২৫৫ সাল ইং- রাজি ১৮৪৮। ৪৯ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৬ সাল মোতাবক ইং ১৮৪৯। ৫০ সাল	সন১২৫৭ সাল মোতাবক ইং ১৮৫০। ৫১ সাল	সন ১২৫৮সাল মোতাবক ইং ১৮৫১। ৫২ সাল	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবক ইং ১৮৫৩। ৫৪ সাল	মৌজুদ নমকের একুন
শালিখা।							
পাঙ্গা নমক কটক।	৫,৯০,৭৯১/৫	৩,১৬২৸৭	১,৬৮৭৸৩	০	০	০	৫,৯৫,৬৪১৸৫
ঐ ঐ বালেশ্বর।	০	০	০	০	০	০	০
ঐ ঐ খোরদা।	০	০	৫৭৫৸০	০	৪৯৫/	০	১,০৭০৸০
ঐ ঐ চিলকা।	০	০	০	০	৭০/	০	৭০/
ঐ হিজলি রামনগর।	০	০	০	০	০	০	০
ঐ রসুলপুর।	০	০	০	৯৭/	০	০	৯৭/
ঐ ২৪ পরগনা নারায়ণপুর নমক।	৩,৬৭,৮৬৫ ।৫	০	০	০	০	০	৩,৬৭,৮৬৫ ।৫
ঐ ঐ ডাইমনহারবর।	১,২২,৩৮৫/	০	০	০	০	০	১,২২,৩৮৫/
ঐ সাগর।	০	০	০	০	০	০	০
একুন।	১০,৮১,০৪১॥০	৩,১৬২৸৭	২,২৬৩॥৩	৯৭/	৫৬৫/	০	১০,৮৭,১৩০/
আরাকিন।							
পাঙ্গা ঘাট কৈকফু।	০	০	০	০	০	২৫,৭৮৮৸৭	২৫,৭৮৮৸৭
একুন।	০	০	০	০	০	২৫,৭৮৮৸৭	২৫,৭৮৮৸৭
মোট একুন।	১০,৯৫,৬৭০/৭৸৶	৫১,৬১২৸৭	৪,৪২৭/৮	২,০৩৫/	১৩,২০৩ ।০	৮,৫১,৫৭২/৮৶	২০,১৮,৫৩০৸১৶

এ আর ইয়ং। একটিং ছোট সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৪। ১২ ডিসেম্বর।]

জিলা রাজশাহী।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে জিলা রাজশাহির মোতালক নীচের লিখিত মহাল সরকারী রাজস্ব আদায় জন্য ইংরেজী ১৮৫৪ সালের ২ আগষ্ট মোতাবেক বাঙ্গলা ১২৬১ সালের ১৯ শ্রাবণ বুধবার এই জিলার কালেক্‌টরীর কাছারীতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক ও নিতান্তই বিক্রয় হইবেক ইতি ১৮৫৪ ইংরেজী তারিখ ৪ জুলাই মোতাবেক ১২৬১ বাং তাং ২১ আষাঢ়।

প্রথম শ্রেণী এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

নং ৫১৮

কিসামত অর্জ্জুনপাড়া পরগণে লস্করপুর জমীদার মহেশনারায়ণ রায় গিরিশনারায়ণ রায় ঈশ্বরনারায়ণ রায় ঈশানারায়ণ রায় সদর জমা ১০৬৶১০ [illegible]।

E. RADCLIFFE, *Collector.*

জিলা ঢাকা।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা ঢাকার নীচের লিখিত মহাল মালগুজারী বাকীর বাবৎ ১৮৫৪ সনের ২৬ জুলাই মোতাবেক ১২৬১ সনের ১২ শ্রাবণ বুধবার ঐ জিলার কালেক্‌টরী কাছারীতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক ইতি।

প্রথম শ্রেণী। ইস্তমরারী জমা ধার্য্য হওয়া মহাল।

৬৬৫ নম্বর। জিলে বিক্রমপুর। থাং পং বিক্রমপুর। জোং সাইনপুখৈর। তাং সের মাহামুদ। মালিক সের-মাহামুদ। সদর জমা। ৬৮৸৶১১

C. TOTTENHAM, *Collector.*

জিলা বর্দ্ধমান॥

এক্তেলানামা কাছারি কালেক্‌টরী জিলা বর্দ্ধমান এই যে।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নের লিখিত মহালাত সন ১২৬০ সালের লাং চৈত্র তলবের বাকী মালগুজারি নিমিত্ত সন ১৮৫৪ সালের ২৫ জুলাই মোতাবক সন ১২৬১ সালের ১১ শ্রাবণ মঙ্গলবার অত্র কাছারিতে বিনাওজর নীলামে বিক্রয় হইবেক ইতি সন ১৮৫৪ সাল ৪ জুলাই।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	রেজেষ্টরির নম্বর	মহাল ও পরগনার নাম	মালিকের নাম	সদর জমা	বাকী লাং চৈত্র সন ১২৬০ সাল মোং সন ১৮৫৪ সাল লাং আপরেল।	কৈঃ
১	১ শ্রেণী ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল	৬৯৬ নং	এড়ুয়ারদীং পং মুজফরশাহী	খোনকার মালাউল্লাদীং	৯৯ ৷৴৫	৭৶৫	•
২	ঐ	১৩৬৯ নং	চক শ্রীকৃষ্ণনগরদীং পঃ রাণীহাটী	নোতফর রহ মাদীং	৭৫৸১	২৫৸১	•

J. H. YOUNG, *Offg. Collector.*

জিলা মেদিনীপুর।

ইস্তাহারনামা।

সম্বাদ দেওয়া যাইতেছে যে জেলা মেদিনীপুরের কালেক্‌টরী মোতালক মহাল সকলের মধ্যে নীচের লিখিত মহালাতের বাকী সন ১৮৫৪ সালের ৩০ জুন সূর্য্যাস্তপর্য্যন্ত আদায় হয় নাই অতএব ঐ সকল মহাল সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে সন ১৮৫৪ সালের ২৯ জুলাই মোতাবক বাঙ্গলা সন ১২৬১ সালের ১৫ শ্রাবণ মোওয়াফকে আমলি সন ১২৬১ সালের ১৬ শ্রাবণ রোজ শনিবার উক্ত কালেক্‌টরী কাছারীতে নীলামে ধরা যাইবেক এবং নিশ্চয় বিক্রী হইবেক ইতি সন ১৮৫৪ সাল তাং ৬ জুলাই মোং সন ১২৬১ সাল তাং ২৩ আষাঢ় মোং সন ১২৬১ সাল তারিখ ২৪ আষাঢ়।

প্রথম শ্রেণী দাএমিবন্দোবস্তী মহাল।

৭১৯ নং রেজেষ্টরী মহাল পুরীগঙ্গা পং দট্টমূটা তালুক জগন্নাথ মহাপাত্র তস্কীস ৮৪৸৶৪

৮৮৬ নং রেজেষ্টরী মহাল বাড়জাই পং খান্দার তালুক রমাকান্ত দত্ত তস্কীস ২২৯॥৴৩

১৭৪৭ নং রেজেষ্টরী মহাল সান বালসাই পং মিরগোদা চৌর তালুক কালীচরণ ও অক্ষয়নারায়ণ রায় ও জানকী দেই তস্কীস ৭৫৷৷০

G. BRIGHT, *Offg. Collector.*

জিলা চব্বিশপরগনা।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে জেলা চব্বিশপরগনার নীচের লিখিত মহালাত মালগুজারির বাকী বাবৎ ইংরাজী সন ১৮৫৪ সালের ২৯ জুলাই মোতাবেক বাঙ্গলা সন ১২৬১ সাল ১৫ শ্রাবণ রোজ শনিবার ঐ জিলার কালেক্‌টরি কাছারীতে বিনাওজরে নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৫৪ সাল তারিখ ৮ জুলাই মোতাবেক বাঙ্গলা সন ১২৬১ সাল তারিখ ২৫ আষাঢ়।

প্রথম শ্রেণী এস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

৫৩ নং হজুরি মহাল কিঃ পঃ মাগুরা কিঃ রামেশ্বরপুর ওং লিখিত মালিক ইষ্টেট শামরায়ওং সদর জমা ৩৪০১৸৪

১৫৩ নং ঐ কিঃ পঃ মাগুরা ধোপাপাড়াওং লিখিত মালিক গোপী চক্রবর্ত্তী সদর জমা ৪৯১॥৶৩

২২৪ নং ঐ কিঃ পঃ কলিকাতা কিঃ মোহনপুর লিখিত মালিক চন্দ্রনাথ চট্টোপাধ্যায় সদর জমা ১১৩ ৷৴৫

১২৮২ নং ঐ পঃ বরিদহাটী ভগবানপুরওং লিখিত মালিক তারিণীচরণ মতিলালওং সদর জমা ১১০ ।৫

দ্বিতীয় শ্রেণীগএর বন্দবস্তীহওয়া মহাল।

১১৫৭। ৩৬ নং হজুরি মহাল বিলবল্লীর ভরাটী আবাদলওং মৌং কৈজুড়ি লিখিত মালিক রায় বৈকুণ্ঠনাথ চৌধুরীওং সদর জমা ৩৬৪॥৵৫

১১৫৭। ৪১ নং হজুরি মহাল পঃ বুড়ন বিলবল্লীর ভরাটী আবাদলওং মৌং গোওয়ালদহ লিখিত মালিক রায় বৈকুণ্ঠনাথ চৌধুরী সদর জমা ২৪২॥১

চতুর্থ শ্রেণী।

৩৩৮ নং হজুরি মহাল পং মুড়াগাছা মৌং চৌঘরিয়াওং লিখিত মালিক আনন্দচন্দ্র মুখোপাধ্যায় সদর জমা ১৪২৪॥০

ডিহী পঞ্চান্নগ্রাম চক্রবেড় লাখরাজ জমি মায় পোক্তা এমারত ১।১ বিঘা জমি জামিনদার সৃষ্টিধর দে ও রাম জীবন দে ০

E. T. TREVOR, *Collector.*

জিলা বাকরগঞ্জ।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা বাকরগঞ্জের নীচের লিখিত মহাল মালগুজারির বাকীর বাবৎ ইঙ্গরেজী ১৮৫৪ সনের ২৪ জুলাই মোতাবেক বাঙ্গলা ১২৬১ সনের ১০ শ্রাবণ রোজ সোমবার এই জেলার কালেক্টরির কাছারিতে বিনাওজরে নীলামে ধরা যাইবেক ইতি ১৮৫৪ সন ইঙ্গরেজী তারিখ ৪ জুলাই মোতাবেক ১২৬১ সন বাঙ্গলা তারিখ ২১ আষাঢ়।

প্রথম শ্রেণী এস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

লাবেক নম্বর ১৭৩৮ হাল নম্বর ১৭১০ খারিজা পরগনে চন্দ্রদ্বীপ ও পং খাজেনুর তালুক হিস্যা ৷৴৬৸ গণ্ডা লিখিত মালিক রাজকুমার পাঁড়ে সদর জমা ২৫২৫৶১॥ পাই কোম্পানি।

দ্বিতীয় শ্রেণী এস্তমুরারি জমা ধার্য্য না হওয়া মহাল।

